পঙ্‌ক্তিঃ। ততঃ আকর্ষণং বংশীকলমুল্লাসয় ॥ ৮ ॥

সর্ব্বদা শ্রূয়মানাপি অশ্রুতচরীব বিস্মাপয়তি দুর্ম্মুখী মুরলী। সুবল অথ কিং।

পদ্মা হলা পশ্য এষ বেণু সংজ্ঞয়া তাং ত্বরয়তি গোকুলেন্দ্রনন্দনঃ। লঘু

সুবল। তবে আকর্ষণকারি বংশীরব উল্লাস কর।

কৃষ্ণ। বদনে বেণু অর্পণ করিলেন।

চন্দ্রাবলী। (শ্রবণ করিয়া ঘূর্ণার সহিত) ॥ ৮ ॥

দুর্ম্মুখী মুরলী সর্ব্বদা শ্রুত হইলেও অশ্রুত পূর্ব্বার ন্যায় আমাকে বিস্মিত করিতেছে ॥

কৃষ্ণ। সখে সুবল। অদ্য চন্দ্রাবলীর প্রসন্নতা বিষয়ে তোমাকে আমার সম্বন্ধে অনুকূল হইতে হইবে ॥

সুবল। তাহাই হইবে ॥

পদ্মা। এই দেখ গোকুলেন্দ্রনন্দন বেণুর সঙ্কেতে তোমাকে

গোউলেন্দণন্দণো ॥

চন্দ্রাবলী। বিলোক্য সংস্কৃতেন।

সখি মুরলি বিশালছিদ্র জালেন পূর্ণা
লঘুরতি কঠিনাত্মা গ্রন্থিলা নীরসাসি।
তদপি ভজসি শশ্বচ্চুম্বনানন্দ সান্দ্রং
হরিকর পরিরম্ভং কেন পুণ্যোদয়েন ॥ ৯ ॥

কৃষ্ণঃ। পুরো দৃষ্ট্বা সানন্দং। স্বয়ং মম লোচনেন্দীবর চন্দ্রিকা
চন্দ্রাবলী ইতি সাদরমুপেত্য প্রিয়ে।
চন্দ্রস্তব মুখবিম্বং চন্দ্রা নখরাণি কুণ্ডলে চন্দ্রৌ।

মাধববর্ত্তী ॥ ৯ ॥

ত্বরান্বিত করিতেছেন ॥

চন্দ্রাবলী। (অবলোকন করিয়া সংস্কৃত ভাষায়) সখি মুরলি! তুমি ত ছিদ্র জালে পরিপূর্ণ, লঘু, অতিশয় কঠিন, গ্রন্থিযুক্ত এবং রসহীনা, তথাপি কোন্ পুণ্যের প্রভাবে নিরন্তর হরিকরের আলিঙ্গন ও তদীয় অধর-বিম্বের চুম্বন সুখ প্রাপ্ত হইতেছে? ॥ ৯ ॥

কৃষ্ণ। (অগ্রে দৃষ্টিপাত পূর্ব্বক আনন্দের সহিত) এই যে আমার নয়নেন্দীবরের চন্দ্রিকা স্বরূপ চ[illegible] স্বয়ং আসিয়া উপস্থিত হইলেন।

(এই বলিয়া আদর পূর্ব্বক [illegible])

প্রিয়ে! তোমার মুখমণ্ডল, [illegible] এবং ললাট, এ[illegible] তোমার

নব চন্দ্রস্তু ললাটং সত্যং চন্দ্রাবলী ত্বমসি।

চন্দ্রাবলী। লজ্জতে।

কৃষ্ণঃ। প্রিয়ে দুষ্টদানবদমনাভিনিবেশাৎ ত্বন্মুখচন্দ্রমপ্রে-
ক্ষ্যমাণস্য যা যামা গতাস্তু নবা এব যামিন্যঃ ॥ ১০ ॥

চন্দ্রাবলী। সুন্দর ভমরসম ণিচ্চণব ণবাণুসারিণী দে পইদী
কধ চিরাসঙ্গ ণীরসাসু পউমিণীসু অহিরমদু ॥ ১১ ॥

কৃষ্ণঃ। প্রিয়ে চন্দ্রাবলি। প্রতিপদালোকে ত্বং সর্ব্বেষাং নব

গতো যামো। যামং তা যাঃ যামা তথা ভবন্ত্যোপি ন তথা ভবন্তি। গচ্ছন্ত্যোপি যামিন্যো দুঃখেন ন গচ্ছন্তীত্যর্থঃ ॥ ১০

হে সুন্দর ভ্রমরসম নিত্যনবানুসারিণী তে প্রকৃতিঃ কথং চিরাসঙ্গনীরসাসু পদ্মিনীষু অভিরমতাং ॥ ১১ ॥

প্রতিপদি তিথৌ আলোকে প্রতিপদালোকে চ, ত্বং সর্ব্বেষাং বিরহেণ

নাম চন্দ্রাবলী ॥

চন্দ্রাবলী। লজ্জিতা হইলেন।

কৃষ্ণ। প্রিয়ে! দুষ্ট দানব দমন করিতে করিতে রজনী সকল অতিবাহিত হইলেও তোমার বদন চন্দ্র দেখিতে না পাওয়ায় আমার দুঃখের রজনী অতিবাহিত হয় নাই এ যাবৎ অযাত যাম অর্থাৎ নূতন হইয়াই রহিয়াছে ॥১০

চন্দ্রাবলী। সুন্দর! তোমার প্রকৃতি ভ্রমরের ন্যায় নব নবানুসারিণী, কেন চিরভুক্তা নীরস পদ্মিনী সকলে রমণ করিবে। ১১ ॥

কৃষ্ণ। প্রিয়ে চন্দ্রাবলি! তোমাকে যখন দেখি তখন তুমি

নবাসি তদদ্য নির্ব্বাপয় বিরহোত্তাপং পরিষঙ্গ রসেন।

পদ্মা। পিঅসহী বিরহেণ কুদো তুহ্ম তাবুপ্পত্তী।

সুবলঃ। অই মা কৃখু এব্বং ভণ। এসো চন্দাঅলী বিরহেণ সন্তত্তো সীদলাএ জলধারাএ কচ্ছে দেহং নিকৃখিবিঅ সতিণ্হো চওরো বিঅ ণং জ্জেব্ব চন্দাঅলিঅং সব্বদো পচ্ছই বয়স্সো॥ ১২॥

কৃষ্ণঃ। প্রিয়ে শ্রূয়তাং।

বিপিনান্তরে মিলন্তী মধুরসা শীতল স্পর্শা।

কুতস্তব তাপোৎপত্তিঃ।

সুবল মা খলু এবস্তণ। এষঃ চন্দ্রাবলীবিরহেণ সন্তপ্তঃ শীতলায়া জলধারায়াঃ কচ্ছে নিকটে দেহং নিক্ষিপ্য সতৃষ্ণশ্চকোর ইব এনাং এব চন্দ্রাবলীং সর্ব্বতঃ পশ্যতি বয়স্যঃ॥ ১২॥

পক্ষে মধুরঃ শৃঙ্গারঃ অন্যৎ স্পষ্টং। চন্দ্রা গচ্ছ রাধাবেব সেবস্ব। অান্তং

নূতন অতএব আইস, আমাকে আলিঙ্গন করিয়া আমার চিরবিরহ সন্তাপ নির্ব্বাপণ কর॥

পদ্মা। প্রিয়সখীর বিরহে তোমার তাপোৎপত্তি কেন হইল।

সুবল। অয়ি পদ্মে! এ কথা বলিও না, এই বয়স্য চন্দ্রাবলীর বিরহে সন্তপ্ত হইয়া শীতল জল ধারার সমীপে দেহ নিক্ষেপ পূর্ব্বক সতৃষ্ণ চকোরের ন্যায় সর্ব্বতোভাবে এই চন্দ্রাবলীকে নিরীক্ষণ করিয়া থাকেন॥ ১২॥

কৃষ্ণ। প্রিয়ে! শ্রবণ কর।

আমি তোমার বিরহে অত্যন্ত অবসন্ন হইয়াছিলাম,

অমৃতময়ী ত্বদ্বিরহে সমজনি মম তাপনুত্তয়ে রাধা ॥

ইতি সসম্ভ্রমং ধারা ধারা ॥

চন্দ্রাবলী। সাভ্যসূয়ং গচ্ছেহি রাহিঅং জ্জেব্ব সেবেহি।

কৃষ্ণঃ। প্রিয়ে ধারেত্যবদং ॥

চন্দ্রাবলী। জাদং কথং দোণ্ণং বণ্ণাণং বিবরীদত্তণং।

কৃষ্ণঃ। প্রিয়ে দ্বয়োর্নয়োঃ কর্ণয়োর্বা বিপরীতত্বমিত্যস্মিন্নাস্তি বিচারঃ ॥

চন্দ্রাবলী। রোষারুণং মুখমানময্য। অই দাণসোণ্ড অলং

কথং দ্বয়োর্বর্ণয়োঃ বিপরীতত্বং। অস্তি বিচার ইতি। বর্ণয়োঃ বৈপরীত্যেন ত্বয়া রাধেতি শ্রুতমিত্যর্থঃ ॥

অয়ি দানশৌণ্ড দানবীর অলং এতয়া অবহিত্থয়া অদ্য আত্মনো মনো

অকস্মাৎ বনমধ্যে মধুর রসশালিনী, শীতল স্পর্শী, অমৃতময়ী রাধা মিলিত হইয়া তদ্বিরহ জনিত তাপ সমুদায় হরণ করিয়া লইলেন। (এই বলিয়া সভয়ে ধারা ধারা উচ্চারণ করিতে লাগিলেন) ॥

চন্দ্রাবলী। (কৃষ্ণের মুখে রাধা নাম শ্রবণ করিয়া অসূয়ার সহিত) যাও রাধাকে গিয়াই সেবা কর ॥

কৃষ্ণ। প্রিয়ে! অমি ধারা বলিয়াছি।

চন্দ্রাবলী। কি করিয়া বর্ণদ্বয়ের বৈপরীত্য হইল।

কৃষ্ণ। প্রিয়ে! বর্ণদ্বয়ের হউক বা কর্ণদ্বয়েরই হউক বিপরীত ঘটিয়াছে, ইহাতে কোন বিচার নাই ॥

চন্দ্রাবলী। (ক্রোধে রক্তবর্ণ মুখ অবনত করিয়া) অহে দান-

এদাএ অবহিত্থাএ অজ্জ অপ্পণো মণহারিণো সুবণ্ণ জুগলস্‌স বিণ্ণাসাদো সাহু মাহুরী পূরিদ কণ্ণম্হি কিদা ॥ ১৩ ॥

কৃষ্ণঃ। যথার্থেয়ং বাণী তব চকিতসারঙ্গনয়নে
সুবর্ণালঙ্কারো মধুরয়তি যন্তে শ্রুতিযুগং।
মুখেন্দোরন্তস্তে বহিরপি সুবর্ণচ্যুতিরিয়ং
মম শ্রোত্রদ্বন্দ্বং নয়নযুগলঞ্চাকুলয়তি ॥ ১৪ ॥

ভাবিণ্য সুবর্ণ যুগলস্য বিন্যাসাৎ সাধু মাধুরীপূরিতকর্ণাস্মি কৃতা। সুবর্ণযুগলস্য স্বর্ণময় কুণ্ডল যুগলস্য রাধে সুষ্ঠু বর্ণ যুগলস্য চ আত্মনো মনোহরস্য মাধুরী পরিবর্ত্তিত বিরুদ্ধ লক্ষণয়া ॥ ১৩ ॥

হে চকিত সারঙ্গ নয়নে হে ভীত মৃগনয়নে সুবর্ণালঙ্কার স্তব শ্রুতি যুগলে ... । স্বর্ণচ্যুতিস্তু মামাকুলয়তি। সাচ মুখেন্দো রন্তর্মধ্যাৎ মম শ্রুতি যুগলং। অত্র সুবর্ণ শব্দঃ সোৎকৃষ্টাক্ষরবাচী। মুখেন্দো বহিশ্চ গণ্ডদেশাদৌ অত্র সুবর্ণ শব্দঃ সুকান্তি বাচী ॥ ১৪ ॥

বীর! আর অবহিত্থা প্রকাশ করিও না, আজ স্বীয় মনোহারি সুবর্ণ যুগলের বিন্যাস হেতু উৎকৃষ্ট মধুরিমায় আমার কর্ণ পরিপূর্ণ হইযাছে অর্থাৎ বিরুদ্ধ লক্ষণায় রাধে এই সুন্দর দুইটী বর্ণে আমার কর্ণদ্বয় জ্বলিতেছে ॥ ১৩ ॥

কৃষ্ণ। হে চকিত মৃগনয়নে! সুবর্ণালঙ্কার তোমার কর্ণ যুগলকে যে মাধুর্য্যশালি করিয়াছে একথা সত্য, কেন না ত্বদীয় মুখচন্দ্রের অন্তর এবং বাহির হইতে সুবর্ণ ক্ষরণ হইয়া অর্থাৎ মুখ মধ্য হইতে সুন্দর অক্ষর এবং মুখচন্দ্রের বাহির গণ্ডস্থলাদিতে সুষ্ঠ কান্তি প্রকাশ হইয়া আমার কর্ণ যুগল ও নয়নযুগল আকুল করিতেছে ॥ ১৪ ॥

পদ্মা। হলা অপ্পণো দিট্ঠং সুমরন্তী মা খিজ্জেহি। জুত্তা রাহাণুরত্তস্স ইমস্স রাহাণামমঈ সংকধা।

চন্দ্রাবলী। নিশ্বস্য সহি পউমে এব্বং ণ্ণেদং ॥

কৃষ্ণঃ। প্রিয়ে বাঢ়মাশঙ্কনীয়মেবেদং। যতঃ ॥ ১৫ ॥

তস্য ষোড়শ কলস্য ষোড়শী

বল্লভা স্ফুরতি যা নভস্থলে।

রাধয়া সুবদনে কথং তয়া

পদ্মা সখি আত্মনো দিষ্টং স্মরন্তী মা খিদ্যস্ব। যুক্তা রাধানুরক্তস্যাস্য রাধানামময়ী সংকথা। চন্দ্রা নিশ্বস্য সখি পদ্মে এবমেতৎ ॥ ১৫ ॥

ষোড়শকলস্য চন্দ্রস্য ষোড়শী রাধা বিশাখেতি আকাশস্থয়া তয়া সঙ্গতি ভুবিস্থিতস্য মম কথং সংভবেদিত্যাদিনা নৈব একা ময়া জ্ঞায়তে অন্যাকারা অস্তীতি ভাবঃ। চতুঃষষ্টি কলা শালিন স্তে ন খলু সাপি ষোড়শ কলবল্লভা দুর্লভা ॥ ১৬ ॥

পদ্মা। সখি! আপনার অদিষ্ট স্মরণ করিয়া খেদ হইতে ক্ষান্ত হও, রাধানুরক্ত কৃষ্ণের রাধানাম কীর্ত্তন করাই উপযুক্ত ॥

চন্দ্রাবলী। (নিশ্বাস পরিত্যাগ করিয়া) সখি পদ্মে! এই প্রকারই বটে।

কৃষ্ণ। প্রিয়ে! নিশ্চয় জানিও কখনই এ তোমার শঙ্কার কারণ নহে। ১৫ ॥

যে হেতু ষোড়শ কল চন্দ্রের রাধানামে ষোড়শী প্রিয়া আকাশ মণ্ডলে প্রকাশ পাইতেছে, হে সুবদনে! পৃথিবীতে সেই রাধার সহিত কি রূপে আজ আমার সঙ্গতি

সঙ্গতি ভুবি মমাদ্য সংভবেৎ ॥

পদ্মা। চউসসট্ঠি কলা সালিণো দে ণ কখু সা বি সোলহ কলবল্লহা দুল্লহা ॥ ১৬ ॥

কৃষ্ণঃ। স প্রশ্রয়ং পদ্মামবলোক্য।

চন্দ্রাবলী বদন পুষ্করসঙ্গিগণ্ড
চন্দ্রাবলীকতরতর্ক কলঙ্কিতাঙ্গী।
শঙ্কাকুলোঽত্র কলযন্ কমলায়তাক্ষ
শঙ্কাকু লোল হৃদয়ঃ প্রবিশামি নাহং ॥

চন্দ্রাবলী। সব্যাজ প্রসাদং ॥ ১৭ ॥

চন্দ্রাবলী বদনমেব পুষ্করমাকাশং তৎ সঙ্গিনৌ গণ্ড চন্দ্রৌ কলয়ন্ পশ্যন্ শং কল্যাণং ন প্রবিশামি ন উপালভে। কীদৃশৌ অলীক তর্কেণ কলঙ্কিত মঙ্গং যয়োঃ অহং কীদৃশঃ অত্র শঙ্কাকুলঃ পুনঃ কীদৃশঃ কাকুলোল হৃদয়ঃ কাকা লোলং হৃদয়ং যস্য সঃ ॥ ১৭ ॥

হইবে ॥

পদ্মা। চতুঃষষ্টি কলাশালি তোমার সম্বন্ধে ষোড়শ কল (চন্দ্র) বল্লভাও দুর্ল্লভা নহেন ॥ ১৬ ॥

কৃষ্ণ। (প্রণয়ের সহিত পদ্মাকে অবলোকন করিয়া) হে বিকসিত পদ্মনেত্রে পদ্মে! চন্দ্রাবলীর বদনাকাশে উদিত অলীক তর্কে কলঙ্কিত গণ্ডরূপ চন্দ্রদ্বয়কে অবলোকন করিয়া শঙ্কাকুল ও কাকুবচনে চঞ্চল হৃদয় হইয়াছি কোন ক্রমেই কল্যাণ লাভ করিতে পারিতেছি না ॥ ১৭

দেঅ ণং কৃখু গোউল জণ জীঅণভূদস্স দে সর্ব্ব সুহ আরিদা গুণং কা হদ বুদ্ধিআ ণ সহদি তা ণিপ্‌ফলেণ সঙ্কোএণ মা সাদঙ্কো হোহি ॥

কৃষ্ণঃ। স্বগতং। গরিষ্ঠামপি মন্যুমুদ্রাং ধীরেয়ং মুখ মাধুর্য্যেণ নিহ্নুতে। প্রকাশং। প্রিয়ে কৃতমনেন গৌরব বিষোদ্গারেণ রোষোক্তি মাধ্বীকমেব বরং বরিষ্ঠং ॥ ১৮ ॥

চন্দ্রাবলী। গোউলানন্দ তুহ্ম পুরদো মুহং দংসিদুং ন পহ-

দেব নূনং খলু গোকুল জন জীবন ভূতস্য তব সর্ব্ব সুখকারিতা গুণং কা হতবুদ্ধি ন সহতে। তন্নিষ্ফলেন সঙ্কুচেন মা সাতঙ্কো ভব ॥ ১৮ ॥

চন্দ্রা গোকুলানন্দ তব পুরতঃ মুখং দর্শয়িতুং ন প্রভবামি যৎ প্রগল্ভং

চন্দ্রাবলী। (কপট প্রসন্নতার সহিত) হে দেব। তুমি গোকুল বাসি জন সকলের জীবন স্বরূপ, তোমার সর্ব্ব সুখ কারিতা গুণ কোন্ হত বুদ্ধি স্ত্রী সহ্য না করিয়া থাকে, অতএব বিফল সঙ্কোচে শঙ্কান্বিত হইও না ॥

কৃষ্ণ। (মনে মনে) এই চন্দ্রাবলী ধীরা, সুতরাং মুখ মাধুর্য্য দ্বারা গুরুতর ক্রোধ মুদ্রাকেও গোপন করিতেছে ॥

(প্রকাশ করিয়া) প্রিয়ে। আর আদর রূপ বিষোদ্গারের প্রয়োজন নাই, বরং ইহা অপেক্ষা আমার প্রতি ক্রোধোক্তিই মধুরতর ॥ ১৮ ॥

চন্দ্রাবলী। গোকুলানন্দ। অনেক বাচালতা করিয়াছি বলিয়া অপরাধী হইয়াছি, সুতরাং আর তোমাকে মুখ

বামি জং পগত্তুং বাহবন্তী অবরুদ্ধহ্মি তা ঘরং গমিস্সং ॥

কৃষ্ণঃ। সানুনয়ং। প্রিয়ে প্রসীদ প্রসীদ বদ্ধোঽয়মঞ্জলিঃ।

চন্দ্রাবলী। সুহঅ উজ্জুঅং ব্বাহরন্তীং কীস মং অলিঅং সঙ্কসি তা অণুজাণেহি মং ভদ্দআলী দংসণস্স ইতি পদ্ময়া সহ নিষ্ক্রান্তা ॥

কৃষ্ণঃ। সখে মহানুভাবামেতাং মচ্চিত্ত মহাকাশ চন্দ্রাবলীং চন্দ্রাবলীমপি বলীয় স্তমঃকন্দলীভিরবস্কন্দিতামালোক্য নিরালোকোঽস্মি ॥ ১৯ ॥

ব্যাহরন্ত্যা অপ্যবরুদ্ধাস্মি তস্মাৎ গৃহং গমিষ্যামি। সুভগ ঋজুং ব্যাহরন্তীং কস্মান্মাং অলীকং শঙ্কসি। তস্মাদনুজানীহি অনুজ্ঞাপয় ভদ্রকালী দর্শনায়। তমঃ কন্দলী বাহু সমূহঃ ॥ ১৯ ॥

দেখাইতে পারিতেছি না, অতএব আমি গৃহে চলিলাম ॥

কৃষ্ণ। (বিনয়ের সহিত) প্রিয়ে! এই অঞ্জলি বন্ধন করিতেছি, আমার প্রতি প্রসন্ন হও, প্রসন্ন হও ॥

চন্দ্রাবলী। সুন্দর! আমিত সরল কথাই বলিয়াছি, তবে কেন আমার প্রতি অলীক আশঙ্কা করিতেছ, অতএব ভদ্রকালী দর্শনে আমাকে অনুমতি প্রদান কর, এই বলিয়া পদ্মার সহিত গমন করিলেন ॥

কৃষ্ণ। সখে! চন্দ্রশ্রেণী সদৃশী চন্দ্রাবলীকে ক্রোধময় বাহু সমূহে আচ্ছাদন করায় আমার চিত্তাকাশে আর তিনি লক্ষিত হইতেছেন না একারণ আমি চক্ষুতে অন্ধকার দেখিতেছি ॥ ১৯ ॥

সুবলঃ। পিঅবঅস্‌স কিত্তি এবং ভণাসি সা কৃখু অদক্‌খিণা ণ দিট্‌ঠা ॥

কৃষ্ণঃ। সখে বাঢ়ং দুরূহা মহীয়সীনাং প্রকৃতিঃ। তদিদানীং।
ন্যবিশত নয়নান্তে কাপি সারল্য নিষ্ঠা।
বচসিচ বিনয়েন স্তোত্রভঙ্গী ন্যবাৎসীৎ।
অজনিচ ময়ি ভূয়ান্ সম্ভ্রমস্তেন তস্যা
ব্যবৃণুত হৃদি মন্যুং সুষ্ঠু দাক্ষিণ্যমেব।
তদেহি মনোহারিণি তস্মিন্ কেশরকুঞ্জে নিবিশ্য চন্দ্রাবলী

সুবলঃ প্রিয়বয়স্য কিমিতি এবং ভণাসি সা খলু অদক্ষিণা ন দৃষ্টা।

সুবল। প্রিয়বয়স্য! এমন কথা বলিতেছ কেন? আমিত তাঁহার অদাক্ষিণ্য ভাব দেখি নাই, তোমার প্রতি অনুকূলই ত দৃষ্ট হইয়াছে ॥

কৃষ্ণ। সখে! মহদ্দিগের স্বভাব অতিশয় দুর্জ্ঞেয়। অতএব বলি শ্রবণ কর।

চন্দ্রবলীর নয়ন প্রান্তে কোন সারল্যভাব প্রবেশ করিয়াছে, তাঁহার বিনয় দ্বারা বাক্য সকলে স্তোত্র ভঙ্গী বাস করিছে এবং আমাতে তাঁহার গুরুতর সম্ভ্রম অর্থাৎ ভয় জনিত ত্বরা উৎপন্ন হইয়াছে, অতএব হে সখে! এই সকল কারণে তাঁহার যে সুষ্ঠ দাক্ষিণ্য ভাব দেখা যাইতেছে তদ্দারাই তাঁহার হৃদয়ে ক্রোধভাব অনুভব হইতেছে ॥

তবে আইস সেই মনোহর কেশর কুঞ্জে প্রবেশ করিয়া চন্দ্রাবলীর সঙ্গম বিষয়ক উপায় অবলম্বন করি। এই

সঙ্গমোপায়মঙ্গীকরোমি। ইতি পরিক্রম্য। সখে সেয়ং বকুলাবলী মঞ্জুলা নিকুঞ্জবীথিঃ ॥

পশ্য পশ্য।

স্ফুরতি সরো দক্ষিণতঃ সব্যে বাপী সমন্ততঃ কুল্যা।
ইতি কেশরাটবীয়ং প্রমদং নীরাধিকা কুরুতে ॥

সুবলঃ। স্বগতং। লদ্ধো মএ ওসরো। প্রকাশং। বঅস স্‌সা রাহিআ জ্জেব্ব তুহ পমদং কুণই। কিন্তি নীরাহিঅ ত্তি ভণাসি ॥

কেশরাটবী কীদৃশী নীরাধিকা নীরেণ অধিকা। লদ্ধো ময়া অবসরঃ। অর্থান্তরান্যথা পার কল্পনেন রাধিকামিদানীং স্মারয়িষ্যামি ইতি ভাবঃ। বয়স্য সা রাধিকা এব তব প্রমোদং করোতি কিমিতি নীরাধিকা ইতি ভণসি।

বলিয়া প্রদক্ষিণ করত) সখে ! দেখ দেখ, সেই এই বকুল শ্রেণী সুশোভিত নিকুঞ্জ বীথি।

আহা ! ইহার দক্ষিণ দিকে সরোবর, বামদিকে দীর্ঘিকা এবং সকল দিকেই জলপ্রণালী শোভা প্রকাশ করিতেছে, অতএব হে সখে ! এই নীরাধিকা অর্থাৎ জলময়ী কেশরাটবী আমার আনন্দাতিশয় বিস্তার করিতে লাগিল ॥

সুবল। (মনে মনে) যাহা উক, আমি অবকাশ পাইলাম অর্থাৎ 'নীরাধিকা' এই শব্দের অন্যার্থ কল্পনা করিয়া ইহাঁকে রাধা নাম স্মরণ করাই (এই বলিয়া প্রকাশ পূর্ব্বক) বয়স্য ! সেই রাধিকাই তোমার প্রমোদ বিস্তার করিয়া থাকেন, তবে কেন নীরাধিকা অর্থাৎ রাধিকা ব্যতিরেকে এ কথা বলিতেছ ? ॥

কৃষ্ণঃ। সুবলমালিঙ্গ্য সখে সত্যং ব্রবীমি। তদদ্য রাধিকা যথেমাং কেশর নিকুঞ্জ লক্ষ্মীমলঙ্করোতি তথা মদ্গিরা সন্দিশ্যতাং ললিতা।

সুবলঃ। জং আণবেদি পিঅবঅস্স ইতি নিষ্ক্রান্তঃ॥ ২০॥

ততঃ প্রবিশতি পদ্মা মধুমঙ্গলশ্চ।

মধুমঙ্গলঃ। পউমে সুদং মএ অজ্জ বঅস্সেণ
চাডুআরিণা অণুণীদা বি চন্দাঅলী ণ পসন্না।

পদ্মা। অধ ইং।

সুবলঃ যদাজ্ঞাপয়তি প্রিয়বয়স্য ইতি॥ ২০॥

মধু পদ্মে শ্রুতং ময়াদ্য বয়স্যেন চাটুকারিণা অনুনীতাপি চন্দ্রাবলী ন প্রসন্না। পদ্মা অথ কিং।

কৃষ্ণ। (সুবলকে আলিঙ্গন করিয়া) সখে! সত্য বলিতেছ। তবে এখনি আমার কথানুসারে ললিতাকে আদেশ কর যে, যাহাতে শ্রীরাধা আগমন করিয়া কেশরকুঞ্জ অলঙ্কৃত করেন॥

সুবল। যে আজ্ঞা প্রিয়বয়স্য! (এই বলিয়া প্রস্থান)॥ ২০

(অনন্তর পদ্মা ও মধুমঙ্গলের প্রবেশ)

মধুমঙ্গল। পদ্মে! আমি শুনিয়াছি আজ প্রিয়বয়স্য বহু বহু চাটু বাক্য দ্বারা চন্দ্রাবলীকে অনেক অনুনয় করিয়াছেন, তথাপি চন্দ্রাবলী প্রসন্না হন্ নাই॥

পদ্মা। হাঁ সত্য বটে।

মধুমঙ্গলঃ। ণূণং বঅস্‌সো বিসণ্ণং বট্‌টই তা জুত্তা দোণং সঙ্গমে অহ্মাণং সহআরিদা।

পদ্মা। অজ্জ অদো জ্জেব্ব তুমং মএ অণু সরিদোহসি ॥ ২১ ॥

মধুমঙ্গলঃ। পুরো দৃক্ট্বা পউমে পেক্‌খ এসো পিঅবঅস্‌স ছপ্পদমেত্ত সহাও কেশর কুড়ুঙ্গে কিম্পি মন্তেদি।

পদ্মা। অজ্জ লদা জালেহিং অন্তরিদা ভবিঅ সুণহ্ম কিং এসো ভণাতি। ইতি তথা স্থিতৌ ॥ ২২ ॥

মধু নূনং বয়স্যো বিষণ্ণঃ বর্ত্ততে। তদ্যুক্তা দ্বয়োঃ সঙ্গমে হস্মাকং সহকারিতা। পদ্মা আর্য্য অতএব ত্বং ময়া অনুস্মৃতোসি ॥ ২১ ॥

পদ্মে পশ্য পশ্য। এষ প্রিয়বয়স্যঃ ষট্‌পদ মাত্র সহায়ঃ কেশর কুঞ্জে কিমপি মন্ত্রয়তে। পদ্মা আর্য্য লতাজালৈ রন্তরিতো ভূত্বা শৃণুঃ কিমেষ ভণতি ॥ ২২ ॥

মধুমঙ্গল। বোধ করি বয়স্যও আজ বিষণ্ণ হইয়া রহিয়াছেন, অতএব ঐ দুই জনের সঙ্গম বিষয়ে আমাদের সহকারিতা করা উপযুক্ত ॥

পদ্মা। আর্য্য! এই নিমিত্তই আমি তোমার নিকট আসিয়াছি ॥ ২১ ॥

মধুমঙ্গল। (অগ্রে দৃষ্টিপাত করিয়া) পদ্মে! এই দেখ প্রিয় বয়স্য ভ্রমর মাত্র সহায় করিয়া কেশরকুঞ্জে কি মন্ত্রণা করিতেছেন ॥

পদ্মা। আর্য্য! লতাজালে লুকায়িত হইয়া ইনি কি বলিতেছেন শুনিব। (এই বলিয়া দুইজনে তদ্রূপ অবস্থিত হইলেন) ॥ ২২ ॥

কৃষ্ণঃ। রাধাং স্মরন্ সোৎকণ্ঠং।

প্রসরতি যদ্‌ভ্রূচাপে শ্লথজ্যমকরোৎ
স্মরো ধনুঃ পৌষ্পং। মধুরিম মণি
মঞ্জুসা ভূষায়ৈ মে প্রিয়া সাহস্তু॥

মধুমঙ্গলঃ। পউমে এসো উক্কণ্ঠাএ তুজ্‌ঝ পিঅসহীং চ্চেঅ বণ্ণেদি। তা এহি তুরিঅং গদুঅ ণং সমাণেম্ক॥

যস্যা ভ্রূচাপে প্রসরতি সতি পৌষ্পং ধনুঃ শ্লথজ্যা মকরোৎ শ্লথা জ্যাযত্র তথা ভূতং। এতদ্‌ভ্রুবো রগ্রে মম সন্ধোন ধনুষা কিং কার্য্যমিত্যর্থঃ। মধুরিম্নাং মণীনাং মঞ্জুষা পেটিকা। সা প্রিয়েতি রাধিকেতি কৃষ্ণহৃদয়ং। চন্দ্রাবলীতি পদ্মা মধু মঙ্গলয়োঃ। মধু পদ্মে এষ উৎকণ্ঠয়া তব সখীমেব বর্ণয়তি। তদেহি ত্বরিতং গত্বা এনাং সমানয়াবঃ।

কৃষ্ণ। (শ্রীরাধাকে স্মরণ করিয়া উৎকণ্ঠার সহিত) আহা! যাঁহার ভ্রূধনু বিস্তার হইলে কন্দর্প আপনার পুষ্পধনুর গুণ শিথিল করিয়া থাকেন, অর্থাৎ প্রিয়ার বিস্তৃত ভ্রূধনু অবলোকন করিয়া কন্দর্প জগন্মোহন নিমিত্ত বাণ নিক্ষেপ বৃথা বোধ করিয়া আর আপনার পুষ্পধনুতে জ্যারোপণ করেণ না, সেই মাধুর্য্য শালি মণিসমূহের পেটিকা স্বরূপ প্রিয়া আমার ভুসণের নিমিত্ত হউন॥

মধুমঙ্গল। পদ্মে! ইনি উৎকণ্ঠা সহকারে তোমার প্রিয় সখীকেই বর্ণন করিতেছেন, তবে আইস শীঘ্র গিয়া চন্দ্রাবলীকে আনয়ন করি॥

পদ্মা। অজ্জ সুট্ঠু ণিট্ঠক্কিদং সুণম্ম জং বহুবল্লহো এসো ॥ ২৩

কৃষ্ণঃ। পুনঃ সৌৎসুক্যং ॥

সা মুখসুষমা নির্জ্জিত রাকাচন্দ্রাবলী লসন্মধ্যা।

ইত্যর্দ্ধোক্তে ॥ ২৪ ॥

মধুমঙ্গলঃ। পউমে অলং ইমাদো পরেণ সুদেণ তুণ্ণং গচ্ছেম্ম ॥

পদ্মা আর্য্যা সুষ্ঠু নিষ্টঙ্কিতং শৃণুবঃ দন্বহুবল্লভ এষঃ ॥ ২৩ ॥

সা মুখস্য সুষমা পরম শোভা নির্জ্জিত রাকা চন্দ্রা নিঃশেষেণ জিতো রাকায়াঃ পৌর্ণমাস্যা শ্চন্দ্রো যয়া বলীভির্লসন্মধ্যং যস্যাঃ রাধিকামধিকৃত্য কৃষ্ণস্য বর্ণন মিদং এতাভ্যামন্যথা জ্ঞাতং। সা চন্দ্রাবলী কীদৃশী মুখ সুষমা নির্জ্জিতা রাকা ॥ ২৪ ॥

মধু পদ্মে অলমিতঃ পরেণ শ্রুতেন তূর্ণং গচ্ছাবঃ। পদ্মা বুক্তং কথয়সি।

পদ্মা। আর্য্য! আগে নিশ্চয় রূপে শুনা যাউক, ইনি কাহার নিমিত্ত উৎকণ্ঠিত হইয়াছেন, যেহেতু ইনি বহুবল্লভ ॥ ২৩

কৃষ্ণ। (পুনরায় উৎকণ্ঠার সহিত) আহা! যিনি স্বীয় মুখ মাধুর্য্য দ্বারা পূর্ণচন্দ্রকেও ঘৃণা বোধ করাইতেছেন এবং যাঁহার মধ্যদেশ ত্রিবলীরেখায় সুশোভিত ॥

তাৎপর্য্য। শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে উপলক্ষ করিয়া বর্ণন করিলেন, কিন্তু পদ্মা ও মধুমঙ্গলের বোধ হইল শ্রীকৃষ্ণ চন্দ্রাবলীকে বর্ণন করিতেছেন, তাহার অর্থান্তর এইযে, আহা! চন্দ্রাবলীর কি আশ্চর্য্য মুখশোভা যদ্দ্বারা রাকা অর্থাৎ পূর্ণিমার শোভা তিরস্কৃত হইতেছে ॥

এই অর্দ্ধোক্তিতে ॥ ২৪ ॥

মধুমঙ্গল। পদ্মে! ইহার পর আর শ্রবণের প্রয়োজন নাই,

পদ্মা। জুত্তং কধেসি ইত্যুভৌ জবেন দূরং পরিক্রামতঃ।

কৃষ্ণঃ। মুহু রাধাস্থতি রাধা মতুরসি রসিকা কিমাত্মানং ॥২৫

পদ্মা। অজ্জ এব্বং ভণামি মাণিণীএ পিঅসহীএ সঅং সমাঅমেণ লাহবং হোদি তা পরাবট্টীঅ কহ্নং বেণ্ণবেহি ॥

মধুমঙ্গলঃ। সোহণং মন্তেসি। ইতি কৃষ্ণান্তিকমাসাদ্য পিঅবঅস্স পচ্ছন্নেণ ভবিঅ সব্বং দে আআহ্মিদং মএ

চন্দ্রাবলীতি নাম গৃহীত্বা বর্ণয়তি কোহত্র সন্দেহ ইতি ভাবঃ। যস্যা সুখ সুষমা তথা ভূতা বর্ণিত লক্ষণা সা রাধা মতুরসি কিং আত্মানং ধাস্যতি ইদ মুত্তরার্দ্ধং দূরগমনেন এতাভ্যাং ন শ্রুতং ॥ ২৫ ॥

পদ্মা আর্য্য এবং ভণামি। মানিন্যাঃ প্রিয়সখ্যাঃ স্বয়ং সমাগমনেন লাঘবং ভবতি তৎপরাবর্ত্ত্য কৃষ্ণং বিজ্ঞাপয়। মধু শোভনং মন্ত্রয়সি। প্রিয়বয়স্য

শীঘ্র আমরা গমন করি ॥

পদ্মা। ভাল বলিয়াছ। (এই বলিয়া দুই জনে কতক দূর গমন করিলে)।

কৃষ্ণ। সেই রসিকা শ্রীরাধা পুনরায় কি আমার বক্ষে স্বীয় শরীর সংস্থাপন করিবেন! ॥ ২৫ ॥

পদ্মা! আর্য্য! এই বলি, আমার প্রিয়সখী মানিনী, তাঁহার স্বয়ং আসা উপযুক্ত নয়, তাহাতে তাঁহার লঘুতা প্রকাশ হইবে অতএব ফিরিয়া গিয়া কৃষ্ণকে জানান যাউক ॥

মধুমঙ্গল। ভাল মন্ত্রণা করিয়াছ। (এই বলিয়া কৃষ্ণের নিকট গমন পূর্ব্বক) প্রিয়বয়স্য! আমি প্রচ্ছন্ন ভাবে থাকিয়া তোমার উৎকণ্ঠা বাক্য শুনিয়াছি, অতএব অনু-

উৎকণ্ঠা বঅণং তা আণবেহি তং জ্জেব্ব তুজ্ঝ বল্লহং তুরিঅং সমাণেমি।

কৃষ্ণঃ। সশ্লাঘমালিঙ্গ্য সখে মদনুগ্রহেণ শীঘ্রমানয়॥

মধুমঙ্গলঃ। পরিক্রম্য পদ্মায়া সহ নিষ্ক্রান্তঃ।

কৃষ্ণঃ। অহো পরমোৎকটানাং প্রেম্নামুৎকণ্ঠাকারিত্বং।

ভ্রমরেপি গুঞ্জতি নিকুঞ্জকোটরে
মনুতে মনস্তু মণিনূপুরধ্বনিং।
অনিলেন চঞ্চতি তৃণাঞ্চলেপি
তাং পুরতঃ প্রিয়ামুপগতাং বিশঙ্কতে।

পচ্ছন্নেন ভূত্বা সর্ব্বং তে আকর্ণিতং ময়া উৎকণ্ঠা বচনং তদাজ্ঞাপয় তামেব তব বল্লভাং ত্বরিতং সমানয়ামি। তামেব বল্লভাং রাধামিত্যবগম্য কৃষ্ণ আহ সখে ইতি।

মতি কর, শীঘ্র তোমার সেই বল্লভা শ্রীরাধাকে আনয়ন করি॥

কৃষ্ণ। (প্রশংসার সহিত আলিঙ্গন করিয়া) সখে! আমার প্রতি অনুগ্রহ করিয়া শীঘ্র তাঁহাকে আনয়ন কর॥

মধুমঙ্গল। (প্রতি নিবর্ত্ত হইয়া) পদ্মার সহিত গমন করিলেন।

কৃষ্ণ। অহো! পরম উৎকট প্রেমের কি উৎকণ্ঠাকরিতা! কি আশ্চর্য্য! নিকুঞ্জ কুটীরে ভ্রমর গুঞ্জন রব করিলে মনে লয় যেন প্রিয়ার নূপুর ধ্বনি হইতেছে এবং বায়ু প্রবাহে তৃণাগ্র বিচলিত হইলে অন্তঃকরণে আশঙ্কা হয় যেন প্রিয়া অগ্রে আসিয়া উপস্থিত হইলেন॥

ততঃ প্রবিশতি পদ্মা মধুমঙ্গলাভ্যাং সঙ্গতা চন্দ্রাবলী।

চন্দ্রাবলী। হলা পউমে কিং এসো বউলকুড়ঙ্গো দীসই॥

পদ্মা। অধ ইং। তা তূর্ণং এহি ইতি পরিক্রামন্তি॥

কৃষ্ণঃ। নূপুর ধ্বনিমাকর্ণ্য হন্ত ভূরিশো ভ্রমিতোঽস্মি ভ্রমরী ঝঙ্কারৈ স্তদলং বৃথা প্রত্যুদ্গম সংভ্রমেণ ইত্যুদ্বেগং নাটয়ন্।

পুরঃ ফলায়ামাশায়াং জনঃ কামং বিদূয়তে।

চন্দ্রা সখি এষ বকুল কুঞ্জো দৃশ্যতে।

পদ্মা অথ কিং। তত্তূর্ণমেহীতি। পুরো অগ্রে নিকটমেব ফলং যস্যা স্তথা ভূতায়ামাশায়াং সত্যাং।

(অনন্তর পদ্মা ও মধুমঙ্গলের সহিত মিলিত হইয়া চন্দ্রাবলীর প্রবেশ)

চন্দ্রাবলী। সখি পদ্মে! অগ্রে কি এই বকুল কুঞ্জ দেখা যাইতেছে॥

পদ্মা। তাইত বটে, তবে শীঘ্র আইস। এই বলিয়া যাইতে লাগিলেন॥

কৃষ্ণ। (নূপুর ধ্বনি শ্রবণ করিয়া) হায়! ভ্রমরীর ধ্বনি সমূহে আমি অনেকবার ঘূর্ণিত হইলাম, আর অভ্যর্থনা সম্ভ্রমের প্রয়োজন নাই। (এই বলিয়া উদ্বেগ প্রকাশ করত)।

চাতক আসন্ন মেঘ দেখিয়া যেমন দ্বিগুণতর শব্দ করে তাহার ন্যায় সম্মুখে আশা ফল উপস্থিত হইলে লোকে

আসন্নেহি ঘনারম্ভে দ্বিগুণং রৌতি চাতকঃ।

পুনরুৎকর্ণো ভবন্ কথমভ্যর্ণে ভূষণসিঞ্জিতং শ্রূয়তে ইতি উদ্গ্রীবিকাং দত্বা সসম্ভ্রমং। সত্যমসৌ মিলিতা মে প্রেয়সীতি ত্বরসা চন্দ্রাবলীপার্শ্বমাগত্য। হৃদ্ভৃঙ্গ জঙ্গম লতা মঙ্গলভারাধিকা ময়োন্মুদিতা। ইত্যর্দ্ধোক্তে॥

চন্দ্রাবলী। সের্ষং মধুমঙ্গলমালোকতে।

মধুমঙ্গলঃ। সহি চন্দাঅলি মঙ্গল ভারেণ অধিআসি ত্তি পিঅবঅস্সো তুমং বণ্ণেদি।

মঙ্গলাভা কান্তির্যস্যাঃ সা রাধিকা উৎকর্ষেণাধিক্যেন মুদিতা আনন্দিতা। ময়া উপলক্ষেত্যাদিকমুক্তবান্ধি বর্ণয়িতব্যত্বেন যাবন্মনসি ভাবিতমাস্তে তাবচ্চন্দ্রাবলী মঙ্গল ভারেণ অধিকাসি ইতি প্রিয়বয়স্য ত্বাং বর্ণয়তি।

আগ্রহাতিশয় প্রকাশ করিয়া থাকে।

(পুনরায় কর্ণ ঊর্দ্ধদিকে করিয়া) একি! সম্মুখেই যে আবার ভূষণের শব্দ শুনিতেছি (এই বলিয়া গ্রীবা উন্নত করত সম্ভ্রমের সহিত) সত্যই ত আমার প্রেয়সী আসিয়া উপস্থিত হইলেন। (এই বলিয়া শীঘ্র চন্দ্রাবলীর পার্শ্বে গমন করতঃ) অহে হৃদয় ভৃঙ্গ! গতিশক্তিশালিনী মঙ্গলাভা রাধা লতা আমা কর্তৃক অনন্দিতা হইয়াছেন, (এই অর্দ্ধ বাক্য উক্ত হইলে)

চন্দ্রাবলী। (ঈর্ষার সহিত) মধুমঙ্গলের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন॥

মধুমঙ্গল। সখি চন্দ্রাবলি! তুমি মঙ্গল ভারে অধিকা হইয়াছ, প্রিয়বয়স্য তোমাকে ইহাই বলিয়া বর্ণন করিলেন।

কৃষ্ণঃ। সবৈলক্ষ্যমাত্মগতং। হন্ত কথমনেন চন্দ্রাবলিরে-
বাভিসারিতা। ভবতু বটুনোক্তমেব নির্ব্বাহয়ামি।
প্রকাশং।
সুহৃদনুরাগবিতন্দ্রা চন্দ্রাবলিরঞ্জসালম্ভি।
চন্দ্রাবলী। সলজ্জং কৃষ্ণকণ্ঠে বৈজয়ন্তীং বিন্যস্যতি ॥ ২৬ ॥

সবৈলক্ষ্যং সবিস্ময়ং ॥ ২৬ ॥

তাৎপর্য্য। পূর্ব্ব বাক্যে শ্রীকৃষ্ণ চন্দ্রাবলীর নিকট মঙ্গলভা রাধা আসিয়া মিলিত হইলেন এই কথা বলায় চন্দ্রাবলী রাধা নাম শ্রবণে ঈর্ষা পূর্ণ হইয়া মধুমঙ্গলের প্রতি দৃষ্টিপাত করিলেন, ইহাতে এই ভাব প্রকাশ হইল, অহে বটু! আমাকে কি বিপদেই ফেলিলা, শ্রীকৃষ্ণ রাধানুরক্ত, এমত স্থলে আমার আসা উপযুক্ত নহে, ইহাতে বটু কৃষ্ণোক্ত মঙ্গলভা রাধা এই শব্দের অন্যার্থ কল্পনা করিয়া কহিলেন সখি! তুমি কৃষ্ণোক্তিতে বিপরীত বুদ্ধি করিও না, তোমাকেই মঙ্গলভারা অর্থাৎ মঙ্গল প্রচুরা ও সর্ব্বাপেক্ষা অধিকা বলিয়াই প্রশংসা করিলেন ॥

কৃষ্ণ। (বিস্ময়ান্বিত হইয়া মনে মনে) হায় একি! এ যে চন্দ্রাবলীকে অভিসার করিয়া লইয়া আসিল। যাহা হউক, বটুর বাক্যই এখন স্থাপন করি (এই বলিয়া প্রকাশ পূর্ব্বক) বন্ধুজনানুরাগিণী চন্দ্রাবলীকে অনায়াসেই প্রাপ্ত হইলাম ॥

চন্দ্রাবলী। সলজ্জে কৃষ্ণকণ্ঠে বৈজয়ন্তী অর্থাৎ পঞ্চ বর্ণ পুষ্প নির্ম্মিত জানু পর্য্যন্ত লম্বিতমালা অর্পণ করিলেন ॥ ২৬ ॥

কৃষ্ণঃ । সানন্দং ।

একং প্রযাতি পরিচর্য্য চকোররাজী
চন্দ্রাং প্রিয়ে নিজমনোরথ পূরপূর্ত্তিং ।
চন্দ্রাবলী কিমু মমাক্ষি চকোরয়ো স্তং
প্রীতিং দ্বয়োরপি নধাস্যসি সেব্যমানা ॥ ২৭ ॥

মধুমঙ্গলঃ । সগর্ব্বং । ভো বঅস্‌স দিট্‌ঠা তুএ মজ্‌ঝ বিলক্‌খণা বিঅক্‌খণদা জো ক্‌খু অণন্ত গুণসালিণা বি

চকোররাজী একং চন্দ্রং পরিচর্য্য মনোরথ পূরাণাং পূর্ত্তিং প্রযাতি প্রপ্নোতি । ত্বন্তু চন্দ্রাবলী চন্দ্রশ্রেণী মমাক্ষি চকরৌ দ্বাবেব অনয়োঃ প্রীতিং কথং ন ধাস্যসি অত্র নাশ্চর্য্যমিতি ভাবঃ ॥ ২৭ ॥

মধু ভো বয়স্য দৃষ্টা মম বিলক্ষণা বিচক্ষণতা । যঃ খলু অনন্ত গুণশালিনাপি ত্বয়া মোচয়িতুং ন পারিতঃ প্রিয়সখ্যা মান গ্রন্থি র্নর্ম গুণধারিণা ময়া

কৃষ্ণ । (আনন্দের সহিত) প্রিয়ে ! চকোর সমূহ এক মাত্র চন্দ্রকে আরাধনা করিয়া স্বীয় স্বীয় অভিলাষ পূর্ণ করিয়া থাকে, কিন্তু আমার চক্ষু রূপ চকোর দ্বয় বহু চন্দ্রময়ী তোমাকে সেবা করিতেছে, তথাপি তুমি তাহাদিগের প্রীতি বিধান করিতে পারিলা না, অর্থাৎ তাহারা তোমাকে যতই দেখিতেছে ততই তাহাদের আকাঙ্ক্ষা বৃদ্ধি হইতেছে ॥ ২৭ ॥

মধুমঙ্গল । (গর্ব্বের সহিত) অহে বয়স্য । তুমি আমার বিলক্ষণ বিচক্ষণতা অর্থাৎ পাণ্ডিত্য দেখিলা ত ? । তুমি অনন্তগুণশালি হইয়া যে প্রিয়সখীর মান গ্রন্থি মোচন

তুএ মো আইদ্ধুং ণ পারিদো। সো পিঅসহীএ ম্মাণগন্থী ণঅ গুণধারিণা মএ মোআবিদো।

কৃষ্ণঃ। বয়স্য ত্বমুদ্দণ্ড কুসুমকোদণ্ড বিলাস ষাড়্গুণ্যে মহা-সান্ধি বিগ্রহিকোঽসি ॥ ২৮ ॥

পদ্মা। অজ্জ পুরো প্রফুল্লাইং পপ্ফুরন্তি তা এহি ইমাইং গেহ্ণু ইত্যুভৌ নিষ্ক্রান্তৌ ॥

মোচিতঃ। সন্ধির্ণা বিগ্রহো যানমাসনং দ্বৈধমাশ্রয় ইতি ষড়্গুণাঃ। ষড়্গুণা এব ষাড়্গুণ্যং চাতুর্বর্ণ্যাদিত্বাৎ ষ্যঞ্। ষাড়্গুণ্যে ষড় গুণেষু মধ্যে সন্ধি বিগ্রহয়ো নিযুক্তঃ সান্ধিবিগ্রহিকঃ স চাসৌ মহাংশ্চেতি তথা ভবতা সন্ধিঃ কথং দুষ্করো ভবতীতি ভাবঃ ॥ ২৮ ॥

তয়োর্বিলাসৌৎসুক্যমনবধায্য মধুমঙ্গলং বিপ্রকর্ষয়ন্ত্যা পদ্মায়া ছলেন স্বয়ঞ্চ নিযুঞ্জাকে অজ্জ পুরো ইতি। আর্য্য পুরঃ প্রফুল্লানি মল্লিপুষ্পাণি প্রস্ফুরন্তি তদেহি ইমানি গৃহাণ ইতি ॥ ২৯ ॥

করিতে পার নাই, আমি নবগুণ অর্থাৎ যজ্ঞসূত্র ধারণ করিয়া তাহা মোচন করিলাম ॥

কৃষ্ণ। বয়স্য! তুমি উদ্দণ্ড কুসুমধনু কন্দর্পের বিলাস ষড়্গুণের অর্থাৎ সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ ও আশ্রয় রূপ ষড়্গুণের মধ্যে কেবল সন্ধি বিগ্রহতেই নিযুক্ত ॥ ২৮ ॥

পদ্মা। আর্য্য! অগ্রে মল্লিকা পুষ্প সকল বিকসিত হইয়া শোভা পাইতেছে, অতএব আইস ঐ গুলি গিয়া উত্তোলন করি। (এই বলিয়া দুই জনে চলিয়া গেলেন)

কৃষ্ণঃ। স্বগতং। কুঞ্জেঽস্মিন্নাগতমাত্রাং রাধাং তর্কয়ামি তদন্যতঃ প্রস্থাস্যে। প্রকাশং। প্রিয়ে পুরস্তান্নাতি দূরে নাগররঙ্গোচিতা নাগকেশরবাটবী তদত্রৈবানুসরাব ইতি নিষ্ক্রান্তৌ ॥ ২৯ ॥

ততঃ প্রবিশতি ললিতয়া সহ সং কথয়ন্তী রাধা।

রাধা। হলা পেক্খ পেক্খ অন্ধকারে হিং ঘোণিদং সর্ব্ব দিশা মুহং।

ললিতা। পিঅসহি তিমিরাহিসারোচিদেহিং সামল পসাহণেহিং মণ্ডিদো কিং ক্খু তুএ অপ্পা।

রাধি সখি অন্ধকারৈর্ঘোরিতং সর্ব্ব দিঙ্মুখং। ললিতা প্রিয়সখি তিমিরাভিসারোচিতৈঃ শ্যামল প্রসাধনৈর্মণ্ডিত স্ত্বয়া কিং খলু আত্মা।

কৃষ্ণ। (মনে মনে) বোধ হয়, এই কুঞ্জে শ্রীরাধা আগত প্রায় হইয়াছেন, তবে আমি অন্যত্র গমন করি। (প্রকাশ পূর্ব্বক) প্রিয়ে! কিঞ্চিদ্দূর অগ্রে নাগকেশর বন তথায় নাগর দিগের বিলাস সুসিদ্ধ হইয়া থাকে অতএব এস্থল হইতে তথায় গমন করি। (এই বলিয়া উভয়ের প্রস্থান) ॥ ২৯ ॥

(অনন্তর ললিতার সহিত কথা কহিতে কহিতে শ্রীরাধার প্রবেশ)

শ্রীরাধা। সখি! দেখ দেখ, সকল দিকেই ঘোর অন্ধকার।

ললিতা। প্রিয়সখি! অন্ধকারাভিসারের উপযুক্ত শ্যাম বর্ণ ভূষণ দ্বারা আপনার শরীর ত ভূষিত করিয়াছ?।

রাধিকা। অথ ইং।

ললিতা। বিলোক্য সস্মিতং সংস্কৃতেন।

ধম্মিল্লো পরিনীলরত্ন রচিতোহারস্ত্বয়ারোপিতো
বিন্যস্তঃ কুচকুম্ভয়োঃ কুবলয়শ্রেণীকৃতো গর্ভকঃ।
অঙ্গে কল্পিতমঞ্জনং বিনিহিতা কস্তুরিকা নেত্রয়োঃ

রাধি অথ কিং। ধাম্মিল্লো পরীতি কুচকুম্ভয়োকচিত ইত্যর্থঃ। অঙ্গে ইতি

শ্রীরাধা। হাঁ তাহাই করিয়াছি।

ললিতা। (অবলোকন করিয়া সহাস্যে সংস্কৃত ভাষায়)

এই স্থলে অভিসারিকা *

সখি! এ কি? নীলরত্ন বিরচিত হার যাহা কুচকুম্ভের উপরি অর্পণ করা উপযুক্ত তাহা যে তুমি ধম্মিল্লে অর্থাৎ খোঁপায় ধারণ করিয়াছ, এবং গর্ভক হার যাহা ধম্মিল্লে দেওয়া উচিত তাহা যে স্তন মণ্ডলে পরিধান করিয়াছ, অপর লোচনের অঞ্জন অঙ্গে ও অঙ্গের কস্তুরী নেত্রে

* যে নায়িকা কান্তকে অভিসার করায় অথবা স্বয়ং অভিসার করে, তাহাকে অভিসারিকা কহা যায়। কিন্তু ঐ অভিসারিকা জ্যোৎস্না এবং অন্ধকার গমন যোগ্য বেশ দ্বারা জ্যোৎস্নী ও তামসী ভেদে দুই প্রকার হয়, অর্থাৎ শুক্লপক্ষে শুভ্র বর্ণ পরিচ্ছদ ধারণ পূর্ব্বক গমনকারিণীকে জ্যোৎস্নাভিসারিকা আর কৃষ্ণ পক্ষে কৃষ্ণবর্ণ বসন ভূষণ পরিধান পূর্ব্বক গমনকারিণীকে তমোঽভিসারিকা বলিয়া নির্দ্দেশ করা যায়। যৎকালীন অভিসারিকার কান্ত সমীপে গমন হয়, তখন লজ্জা বশতঃ স্বীয় অঙ্গ দ্বারা অঙ্গ গোপন, ভূষণ সকলের নিঃশব্দ ও অবগুণ্ঠন করিয়া একটী মাত্র সখী সঙ্গে থাকে ॥

কংসারেরভিসারসংভ্রমভরাত্মনো জগদ্বিস্মৃতং ॥ ৩০ ॥

রাধিকা। হলা মুঞ্চেহি পরিহাসং। তুরিদং উদ্দেসেহি কেসর কুড়ঙ্গ মগ্‌গং।

ললিতা। ইদো ইদো পিঅসহী ইতি পরিক্রামন্তী সশঙ্কং সংস্কৃতেন।

নেত্রয়োঃ রুচিত ইত্যর্থঃ। নেত্রযোরিতি অঙ্গে উচিতা ইত্যর্থঃ ॥ ৩০ ॥

রাধিকা। সখি মুঞ্চেহি পরিহাসং ত্বরিতমুদ্দিশ কেশরকুঞ্জমার্গং।

ললিতা। ইতঃ ইতঃ।

প্রদান করিয়াছ, হায়! কংসারির অভিসার সম্ভ্রমাতিশয়ে তুমি যে জগদ্বিস্মৃত হইয়া গেলে ॥ ৩০ ॥

যথা রাগ ॥

কেশের বরণ, ভ্রমর গঞ্জন, সহজে তিমির যেন। তাহে নীলমণি, রতন গাঁথনী হার রচিয়াছ কেন ॥ সখি হে হরি অভিসার কাযে। জানিল সকল, ভুবন ভুলল, তেজিয়া ধরম লাজে ॥ ধ্রু ॥ নয়ান অঞ্জন, শরীরে রঞ্জন, কুস্তুরী রচিলা আঁখি। উলটা বসন, চরণে কঙ্কণ, করেতে মঞ্জীর দেখি ॥ দেখ কুবলয়, দোলয়ে হৃদয়, উলটা সকল সাজে। এ যদু নন্দন, কহয়ে এমন, অতি হরিষের কাজে ॥ ৩০ ॥

শ্রীরাধা। সখি! পরিহাস ত্যাগ কর, শীঘ্র কেশরকুঞ্জের পথ উপদেশ দাও ॥

ললিতা। প্রিয়সখি! এই দিকে এই দিকে (এই বলিয়া

তিমিরমসিভিসম্বীতাঙ্গ্যঃ কদম্ববনান্তরে
সখি মধুরিপুং পুণ্যাত্মানঃ স্মরন্ত্যভিসারিকাঃ।
ভবতু পরিতো বিদ্যুদ্বর্ণা স্তনদ্যুতি সূচয়ো
হরি হরি ঘনধ্বান্তান্যেতাঃ স্ববৈরিণি ভিন্দতে॥

রাধিকা। অলং ইমিণা উবালম্ভেণ পেক্খ পচ্চাসগ্নো বউল কুড়ঙ্গো। ইতি সংভ্রমাদুপসৃত্য সপরামর্ষং সংস্কৃতেন।

প্রিয়সখীতি তিমিরমিব মসিলেপন যোগ্যং দলিতাঞ্জনং তে সম্বীতাঙ্গ্যঃ সরন্তি ব্রজন্তি ভবতু বৈপরীত্যমিত্যাহ। তনুদ্যুতয় এব সূচয়ঃ ঘন ধ্বান্তাঃ ভিন্দতে স্ফুটয়ন্তি তেন তনুদ্যুতীনাং নীলাম্বর বৃতত্বেঽপি তন্তুপ্রান্ত সূক্ষ্মরন্ধ্রেভ্যো নির্গন্ত্রীনামপ্যত্যোজ্জ্বলং ধ্বান্তানামপি সূচিবেধ যোগ্যত্বেনাতিগাঢ়ত্বং হে স্ববৈরিণি স্বস্যাত্মনো বৈরিণী স্বয়মেব ত্বং। এতাস্তু ন তথা ইতি কাকুস্বত্যা সর্ব্বতোঽবিলক্ষণং সৌন্দর্য্যং বর্ণিতমিতি ॥ ৩১ ॥

প্রদক্ষিণ পূর্ব্বক সভয়ে সংস্কৃত ভাষায়)। হে সখি! তিমির নীলিমায় অঙ্গ আবরণ করিয়া যে সকল অভিসারিকা গোপনারী কদম্বকাননে মধুরিপুর নিকট গমন করে তাহারাই অতিশয় পুণ্যবতী। হরি হরি তুমি আপনিই আপনার বৈরিণী হইলা, দেখ তোমার বিদ্যুৎবর্ণ স্তন দ্যুতিরূপ সূচি সকল গাঢ় তিমিরকে ভেদ করিয়া দিতেছে, তবে তুমি কি রূপে গমন করিবা।

শ্রীরাধা। আর এই তিরস্কার বাক্যের প্রয়োজন নাই, দেখ বকুল কুঞ্জ নিকটবর্ত্তী হইল। (এই বলিয়া সত্বরে গমন করত বিতর্কের সহিত সংস্কৃত ভাষায়) সখি। কই দুষ্

বিদূরায় ঘ্রাণং মদয়তি মুরারেঃ পরিমলো
ন কুঞ্জোঽয়ং তস্য স্ফুরতি নখরদ্যোতনিকরৈঃ।
ততঃ শঙ্কে কস্মিন্নপি রহসি বল্লীবলয়িতে
পরীহাসাকাঙ্ক্ষী প্রিয়সখী নিলীনস্তব সখা॥ ৩১ ॥

ললিতা। হলা এহি বামদো কলম্ব কুঞ্জং বিইণুহ্ম॥

রাধিকা। তথা কুর্ব্বতী। অই ছল্ল দিট্ঠোহসি কীস অঙ্গেহিং অঙ্গাইং সঙ্গোবেসি ইতি সমন্তাম্মৃগ্যতি॥

ললিতা সখি এহি বামতঃ কদম্বকুঞ্জং বিচিন্মঃ রাধিকা অয়ি ছইল্ল বিদগ্ধ দৃষ্টোহসি দৃষ্টোহসি কস্মাৎ অঙ্গৈরঙ্গানি সংগোপয়সি।

হইতে ত মুরারির অঙ্গ পরিমল নাসাকে পরিতৃপ্ত করিতেছেনা এবং কুঞ্জকেও ত তাঁহার নখ নিকরের দ্যুতিদ্বারা সুশোভিত দেখিতেছি না, অতএব অনুমান হয়, তোমার প্রিয়সখা পরিহাস অভিলাষ করিয়া কোন নির্জ্জন লতা জালে লুকায়িত হইয়া থাকিবেন॥ ৩১ ॥

ললিতা। সখি! আইস বামদিকস্থ কদম্ব কুঞ্জে অন্বেষণ করিগা॥

শ্রীরাধা। (কদম্ব কুঞ্জে প্রবেশ পূর্ব্বক অন্বেষণ করত অনুরাগে বন সমূহকে কৃষ্ণময় দেখিয়া কহিলেন)

অহে বিদগ্ধ নাগর! তোমাকে দেখিয়াছি দেখিয়াছি, তবে কেন আর অঙ্গ দ্বারা অঙ্গ গোপন করিতেছ। এই বলিতে বলিতে সমস্ত বন অন্বেষণ করিতে লাগিলেন॥

ললিতা। সহি মুঞ্চ মগ্‌গণগ্‌গহং এহি কেলিকুঞ্জকপ্পণং কুণম্ম॥

রাধিকা। সংস্কৃতেন।

রচয় বকুলপুষ্পৈ স্তোরণং কেলিকুঞ্জে
কুরু সরসরবিন্দৈ স্তল্পমিন্দীবরাক্ষি।
উপনয় শয়নান্তং সাধু মাধ্বীকপাত্রং
সহচরি হরিরদ্য শ্লাঘতাং কৌশলং তে॥

ললিতা। সখি মুঞ্চমার্গণাগ্রহং। কেলিকুঞ্জকল্পনং কুর্ম্মঃ।

ললিতা। সখি অন্বেষণ বিষয়ে আগ্রহ পরিত্যাগ কর, আইস আমরা ক্রীড়াকুঞ্জ রচনা করিগা॥

শ্রীরাধা। (সংস্কৃত ভাষায়)

এই স্থানে বাসক সজ্জা ভাব উপস্থিত *

হে নীলোৎপল নয়নে! তুমি বকুল পুষ্প দ্বারা ক্রীড়াকুঞ্জের বহির্দ্বার রচনা কর, কমল দ্বারা উৎকৃষ্ট শয্যা প্রস্তুত করিয়া রাখ এবং শয্যার প্রান্তদেশে মধুপাত্র সকল আনয়ন করিয়া সংস্থাপন কর, হে সহচরি! আজ হরি যেন তোমার শিল্প কৌশল দেখিয়া প্রশংসা করেন?॥

---

* যে স্ত্রী ভর্ত্তার আগমন নিশ্চয় জানিয়া অঙ্গের ভূষা ও রতি গৃহের সজ্জা করত দ্বারের প্রতি দৃষ্টিপাত করিয়া থাকে, তাহাকে বাসক সজ্জা বলে। এই বাসকসজ্জিকা নায়িকার স্মর ক্রীড়া সংকল্প, কান্ত পথ নিরীক্ষণ, সখীসহ বিনোদ বার্ত্তা এবং মুহুর্মুহুঃ দূতীর প্রতি অবলোকন ইত্যাদি বিবিধ প্রকার চেষ্টা॥

ললিতা। তথা কৃত্বা হলা গোকুণ কহ্নো বিলম্বেদি। তা কুঞ্জং পবিসিঅ পড়িবালেহ্ম ॥ ৩২ ॥

ললিতা। সখি কৃষ্ণো বিলম্বতে। তৎ কুঞ্জং প্রবিশ্য এবং প্রতিপালয়াবঃ প্রতীক্ষাবহি ইতি ॥ ৩২ ॥

বিভগড়া রাগ ॥

বকুল কুসুম, তুলিয়া সুশম, কুঞ্জের বাহিরে ধনি। নবীন কমল, অতি পরিমল, রাখহ চৌদিকে ধরি ॥ কি ফল চন্দন, হৃদয়ে লেপন, হিয়ার পরশ সাধে। কি কাজ ভূষণ, নূপুর কঙ্কন, কিঙ্কিনী করয়ে নাদে ॥ সে তনু পরসে, অধিক হরিষে, পুলক ভরয়ে জানি। এ লাগি পরাণ, চমকে সঘন, কহিতে রোধয়ে বাণী ॥ এ নব মোহন, ভ্রমরা গুঞ্জন, এ নব কোকিলা গান। হরি কোরে সব, রজনী বঞ্চিব, অমৃতে করিয়া স্নান ॥ কি লাগি বিলম্ব, করয়ে মাধব, না জানি কি আজি হয়। এ যতুনন্দন, দাস তহি ভণ, দেখিতে লাগয়ে ভয় ॥

ললিতা। (আদেশানুজায়ি কার্য্য করিয়া) সখি! দেখ কৃষ্ণ বিলম্ব করিতেছেন, তবে আইস কুঞ্জে প্রবেশ করিয়া শয্যা রক্ষা করিগা ॥ ৩২ ॥

এই স্থলে উৎকণ্ঠিতা নায়িকা। *

নিরপরাধ প্রিয়তম বহুক্ষণ যাবৎ সমাগত না হইলে বিরহ বশতঃ যে নায়িকা অত্যর্থ উৎসুক চিত্ত হয় রসজ্ঞেরা তাহাকে উৎকণ্ঠিতা কহেন : ইহাতে হৃত্তাপ, গাত্র কম্পন, কারণের প্রতি বিতর্ক, অস্বাস্থ্য, বাষ্প মোচন এবং আপনার অবস্থাদি কথন এই সমস্ত উৎকণ্ঠিতা নায়িকার চেষ্টা।

রাধিকা। পরিক্রম্যোদ্বেগং নাটয়ন্তী সংস্কৃতেন॥

কৃষ্ণঃ কাপি সখীহিতার্থ পরয়া শঙ্কে হরিঃ পদ্ময়া
প্রাপ্তঃ কুঞ্জগৃহং যদেষ ন তমীযামে প্যতিক্রামতি।
পৌলোমীরতিবন্ধু দিঙ্মুখমসৌ হা হন্ত সন্তর্পয়
ন্নুন্মীলত্যভিসারলুব্ধ রমণীগোত্রস্য শত্রুঃ শশী॥

তমী যামেপ্যতি ক্রামতীতি তেন বৈশাখ পৌর্ণমাস্যা অনন্তরা চতুর্থীরিয়মিতি গম্যতে। পৌলোমী শচী তস্যা রতিবন্ধুরিন্দ্রস্তস্যাদিশঃ পূর্ব্বস্যা মুখং সম্যক্ প্রকারেণ তর্পয়ন্ স্বদর্শন স্বকর লালনাদিভিরিতি ভাবঃ। স্বয়মিন্দ্রনায়িকাং পূর্ব্বাং দিশমভিসরতি অথচ অন্যাসামভিসারিকানাং শত্রুরিত্যাশ্চর্য্যং॥ ৩৩॥

শ্রীরাধা। (প্রদক্ষিণ পূর্ব্বক উদ্বেগ অভিনয় করিয়া সংস্কৃত ভাষায়)

এই স্থলে বিপ্রলব্ধা। *

সখি! বোধ হয়, সখীহিতৈষিণী পদ্মা কৃষ্ণকে কোন স্থানে রুদ্ধ করিয়া রাখিয়াছে, তাহা না হইলে, এখনওত তিনি এই অন্ধকারময় প্রথম যামে কুঞ্জে আসিলেন না, হায়! অভিসার লুব্ধা রমণীগণের পরম শত্রু শশী পূর্ব্ব দিকের মুখ উজ্জ্বল করিয়া উদিত হইতে লাগিলেন॥

গুজ্জরী রাগ॥

নবীন কেশর কুঞ্জ, ঝঙ্কার ভ্রমর পুঞ্জ, পরিমলে ভুবন

* সঙ্কেত করিয়া যদি প্রাণনাথ অনাগত হন, তাহা হইলে যে নায়িকার অন্তর অতিশয় ব্যথাকুল হয়, পণ্ডিতগণ তাহাকেই বিপ্রলব্ধা কহেন। ইহাতে নির্ব্বেদ, চিন্তা, খেদ, অশ্রু, মূর্চ্ছা ও নিশ্বাস ত্যাগ ইত্যাদি বিপ্রলব্ধা নায়িকার চেষ্টা॥

ভরিল। শেফালিকা পুষ্প যত, খসিয়া পড়িল কত, তভু কৃষ্ণ এথা না আইল॥ সখি হে বঞ্চনা করিল মোরে হরি। কোন সখীহিতগণ, ভুরু পাশে সুবন্ধন, করিয়া রাখিল কৃষ্ণকরি॥ ধ্রু॥ কেন আইনু এত দূর, লজ্ঘিয়া আপন কুল, ধিক্ জিউ কুলের কামিনী। কেনে বানাইনু বেশ, কুসুমে রচিয়া কেশ, কেন কৈনু ভূষণ সাজনি॥ সন্দেশ পাইয়া সার, না গণিলাঙ নারাৎসার, ভাল মন্দ বিচার হৃদয়। এ ঘোর রজনীকালে. বিষধর গণ খেলে, তাহারে ঠেলিয়া আইল পায়॥ মনোরথ কত শত, করিয়া আইল যত, সকলি হইল মোর আন। বিধি বৈরী হইল মোরে,মিলিতে না দিল তারে, ধিক্ রহু বিধির বিধান॥ কৃষ্ণের অসঙ্গ দেখি, ত্যাগ কৈল নিদ্রা সখি, এত দোষ গুণগণ মিতে। রজনী চলিয়া গেল, আশা মোর না তেজিল, ঘুরে মন তাহারে মিলিতে॥ ক্ষীণ হইল সব দেহ, ভাবিতে নবীন নেহ, অনুরাগ তভু না ছাড়য়। অতেব জানিল কাজ, কি আর করিলে লাজ, শুন সখি মনে যেই লয়॥ সাজহ কুসুম শেয, তাহাতে আনল ভেজ, হরণ করহ মলয়জে। কৃষ্ণ নাম মন্ত্ররাজ, পড়হ পাবন কাজ, দেহ দিব সে অনল মাঝে॥ যাতে কৃষ্ণ গুণ গান, কি জানি করিছে প্রাণ, করিব যমুনা পরবেশ। দাস যদুনন্দন, কহে ধৈর্য্য কর মন, মিলাইব শ্যাম নাগরেশ॥

ইত্যুভে নিষ্ক্রান্তে ॥ ৩৩ ॥

ততঃ প্রবিশতি কৃষ্ণঃ।

কৃষ্ণঃ। সমন্তাদালোক্য ॥

আসঙ্গঃ কুমুদা করেষু শিথিলো ভৃঙ্গাবলী নামভূ
দ্বীক্ষ্যন্তে নিজকোটরাঙ্কিতমমী ক্ষোণীরুহং কৌশিকাঃ।
সঙ্কোচোন্মুখতাং প্রযাতি শনকৈরৌত্তানপাদে দ্যুতিঃ
কিং ভানুর্নু পূর্ব্ব পর্ব্বত তটীমারোঢুমুৎকণ্ঠতে ॥ ৩৪ ॥

ইতি পরিক্রম্য।

ন জানে নবীন বিপ্রলম্ভেন সংভৃত নির্ভর সংরম্ভা কিং

কৌশিকা পেচকা ঔত্তানপাদে ধ্রুবস্য নক্ষত্রাকারস্য ॥ ৩৪ ॥

ন বিনা বিপ্রলম্ভেন প্রথম বিয়োগেন সম্ভৃত সংরম্ভ নির্ভর সংরম্ভা ধৃতা-

---

এই বলিয়া উভয়ের প্রস্থান ॥ ৩৩ ॥

অনন্তর কৃষ্ণের প্রবেশ ॥

কৃষ্ণ। (চতুর্দ্দিক্ অবলোকন করতঃ)

ভ্রমর নিকরের কুমুদ বনের প্রতি ক্রমশঃ আশক্তি শিথিল দেখিতেছি, পেচকগণ স্ব স্ব কোটরান্বিত বৃক্ষ সকল নিরীক্ষণ করিতেছে এবং অল্পে অল্পে ধ্রুব নক্ষত্রের জ্যোতিঃ প্রকাশ হীন হইতেছে; তবে কি ভানু পূর্ব্ব পর্ব্বত তটে অধিরোহণ করিতে উৎকণ্ঠিত হইতেছেন? ॥ ৩৪ ॥

(প্রত্যাবর্ত্তন করিয়া)

হায়! জানিতে পারিলাম না, নবীন বিচ্ছেদে অতি-

নাম প্রতিপৎস্যতেঽদ্য রাধা। বিমৃশ্য ভবতু কেশরেণ নাগ কেশরং প্রতিপাদয়িষ্যে তদমূনি নাগকেশরাণি বিচুনয়ামীতি তথা কৃত্বা পুরোঽনুসর্পন্।

কপটী সো লতাকুটীমিমাং সখি নাগাদধুনাপি মাধবঃ।
ইতি জল্পপরীতয়া তয়া ক্রমদীর্ঘা গমিতা কথং ক্ষমী ॥
পরিক্রম্য বকুলকুঞ্জং পশ্যন্ সবিসাদং ॥ ৩৫ ॥
তাম্বূলং ঘনসার সংস্কৃতমদঃ ক্ষিপ্তং পুরো রাধয়া

ত্রিশর কোপা ॥ ৩৫ ॥

ঘনসারেণ কর্পূরেণ সংস্কৃতং হারী মনোহারী হরিণ্মণিভি স্তবকিতো গুচ্ছী

শর কোপবতী হইয়া শ্রীরাধা আজ কি করিবেন। (বিতর্ক করিয়া) যাহা হউক অদ্য প্রিয়াকে কেশরের সহিত নাগকেশর পুষ্প প্রদান করিব, তবে গিয়া এই পুষ্পগুলি চয়ন করি। (এই বলিয়া নাগকেশর পুষ্প চয়ন করত অগ্রে গমন করিতে করিতে) সখি! মাধব অত্যন্ত কপটাশালী, এ যাবৎ কৈ তিনি ত আগমন করিলেন না, এই কথা বলিয়া শ্রীরাধা দুঃখ জনিত দীর্ঘতমা রজনী কি রূপে যাপন করিলেন ॥

(অনন্তর প্রত্যাবর্ত্তন পূর্ব্বক বকুল কুঞ্জ দেখিতে দেখিতে বিষাদের সহিত) ॥ ৩৫ ॥

এই যে শ্রীরাধা কর্পূর রস সংস্কৃত তাম্বূল ভূমিতে নিক্ষেপ করিয়াছেন, পরে কতক দূর অগ্রে গিয়া দেখেন নীলকান্তিমণি গুচ্ছহার ভূতলে পড়িয়া রহিয়াছে, তাহার

হারী হন্ত হরিণ্মণি স্তবকিতো হারো হয়মুৎসারিতঃ।
পৌষ্পী হেমমুণারে সৌরভময়ী চূড়া নখৈঃ খণ্ডিতা
তস্যাঃ শংসতি বিপ্রলব্ধ জনিতং কুঞ্জো হয়মন্তঃ ক্রুধং ॥৩৬

ইত্যগ্রতো গত্বা ইয়মেব রাধায়াঃ সূর্য্যারাধনবেদিকা তদস্যাঃ পার্শ্বমাসাদয়ামীতি পরিক্রামতি ততঃ প্রবিশতি সখীভ্যা মনুগম্যমানা রাধা পুরো বিলোক্য হলা ললিদে পেক্খ বেইআণিহিট্ঠে সো ভুজঙ্গা ছইল্লো ॥

ললিতা। কঞ্চণ পডিমেব্ব কঠোরা হোহি।

ছায়া। কুঞ্জ ইতি একাদশ কাঞ্চন বিশিষ্ট ইত্যর্থঃ ॥৩৬॥

রাধিকা। সখি ললিতে পশ্য বেদিকা নেদিষ্ঠে স তব বিদগ্ধঃ।

ললিতা। সখি কাঞ্চনপ্রতিমেব কঠোরা ভব।

কিঞ্চিদ্দূরে গিয়া দেখিতে পাইলেন, মনোহর সৌরভ ময় পুষ্প নির্ম্মিত চূড়া নখ দ্বারা ছিন্ন ভিন্ন হইয়া পড়িয়া রহিয়াছে, যাহা হউক এই সকল দ্বারা এই বকুল কুঞ্জ প্রিয়তমার অন্তর্বেদনা প্রকাশ করিতেছে ॥ ৩৬ ॥

(আর কতক দূর গিয়া) এইত শ্রীরাধার সূর্য্য পূজার বেদি, তবে ইহার পার্শ্বে গিয়া উপবেশন করি (এই বলিয়া প্রত্যাবর্ত্তন করিলেন) ॥

(অনন্তর ললিতা ও বিশাখার সহিত শ্রীরাধার প্রবেশ)

শ্রীরাধা। (অগ্রে অবলোকন করিয়া) সখি ললিতে। ঐ দেখ বেদীর নিকটে তোমার সেই বিদগ্ধ নাগর।

ললিতা। সখি। কাঞ্চন প্রতিমার ন্যায় কঠোরা হও ॥

কৃষ্ণঃ। পুরস্তাদেষা স পরিবারা প্রিয়া তদিদমুৎকণ্ঠামীত্যু-পসৃত্য ললিতে সাধু সাধু দৃষ্টং তব গরিষ্ঠমন্ত্র দৃষ্টমন্ত্র তন্ত্র চর্য্যায়ামাচার্য্যকং যদদ্য ভবতা কেশরনিকুঞ্জ বেদ্যামহ মুজ্জাগর ব্রতদীক্ষাং পরিগ্রাহিতোহস্মি।

ললিতা। সসংরম্ভং সংস্কৃতেন। অহো বৈপরীত্যং বৈপরীত্যং।
কেশর নিকুঞ্জ কুহরে কুহক বসন্তী সখী ত্বয়া রহিতে।
শ্রিত নব পল্লবতল্পা ত্রুটিমপি কল্পাধিকাং মেনে ॥ ৩৭ ॥

কৃষ্ণঃ। কপটেনাটোপং নাটয়ন্। অহো দম্ভ ভরারম্ভেষু

দৃষ্টা মন্ত্রা যেষু এবং ভূতং যত্তন্ত্রং তস্য চর্য্যায়াং আচার্য্যকং আচার্য্যত্বং উপদেশাতিকর্ত্তা ত্বমিত্যর্থঃ মনোজ্ঞাদিত্বাদ্বুঞ্ ॥ ৩৭ ॥

আটোপমিতি প্রতিভাং অরতিং খেদং ॥ ৩৮ ॥

কৃষ্ণ। অহো! সম্মুখে যে পরিবারবর্গের সহিত প্রিয়তমা। (তবে আমি ইহাই প্রকাশ করি এই বলিয়া নিকটে গমন করত) ললিতে। ভাল ভাল তোমার দৃষ্ট মন্ত্রণা ময় তন্ত্রাচারণে গুরুতর আচার্য্যত্ব দেখিলাম, যে হেতু আজ তুমি আমাকে কেশর কুঞ্জ বেদিকায় জাগরণ ব্রতে দীক্ষিত করিয়াছ ॥

ললিতা। (ক্রোধের সহিত সংস্কৃত ভাষায়) হায়! কি বিপরীত, অহে কুহক। সখী যে তোমা বিরহিত কেশর কুঞ্জে অবস্থিত হইয়া নব পল্লব শয্যায় শয়ন করত, ত্রুটি মাত্র কালকেও কল্পাধিক করিয়া মানিয়াছেন ॥ ৩৭ ॥

কৃষ্ণ। (কপট সহকারে অহঙ্কার প্রকাশ পূর্ব্বক) অহো!

গাম্ভীর্য্যমস্যাঃ। ইতি নাগকেশরান্যুদঘাট্য দর্শয়ন্।

অরতিং মম নিশি পশ্যন্ ক্লাম্যন্নাগকেশরোপ্যসকৃৎ।

বিগলন্মধুভিঃ কুসুমৈরেভির্নেত্রৈরিবোদশ্রৈঃ॥ ৩৮॥

ললিতা। অম্মহে ধুত্তত্তণং জং বউল বাইণা কেশরেণ দাণিং

নাগকেশরো বিকৃখাবীঅদি।

কৃষ্ণঃ। সব্যাজ নির্ব্বেদং। ললিতে বিভ্রাম্যতু ভবেয়ং

ললিতা অহে: ধূর্ত্তত্বং যদ্বকুল বাচিনা কেশরেণ ইদানীং নাগকেশরো বিখ্যাপ্যতে। সঙ্কেতস্থ কেশরকুঞ্জে সচ কেশর শব্দো বকুলবাচী। অথ কেশরে বকুল ইত্যভিধান সিদ্ধেঃ। নাগকেশরেতু প্রসিদ্ধাভাবাদিতি ললিতাভিপ্রায়ঃ। শব্দার্থস্তু চেতি চাম্পেয়ঃ কেশরো নাগকেশরঃ কাঞ্চনাহ্বয় ইত্যভিধানেন স্বরূপ বৈরূপ্যাভাবেনৈব বৃত্তে স্তথা ভীমো ভীমসেন সত্যা সত্যভামা ইতি স্থানো কেশর শব্দস্যার্থো নাগকেশর এব তৎ কুঞ্জ এব মমাভিপ্রেতঃ ভবত্যাতু বকুল কুঞ্জ ইত্যন্যথার্থ কল্পনেন মদ্বঞ্চনং প্রতারণমেব ক্রিয়তে তেনৈব ত্বং খ্যাতাসীত্যর্থঃ। তেন বিভ্রম্ভঞ্চলাবিতি চঞ্চল প্রত্যয়ঃ॥ ৩৯।

ইহার দম্ভাতিশয় কার্য্যে কি গাম্ভীর্য্য। (এই বলিয়া উদঘাটন পূর্ব্বক নাগকেশর পুষ্পগুলি দেখাইয়া) হায়! নিশি জাগরণে আমার ক্লেশাতিশয় দেখিয়া নাগকেশরও নিরন্তর মধু ক্ষরণ শীল কুসুম রূপ নয়ন সমূহ দ্বারা অশ্রু মোচন করিতে করিতে অত্যন্ত ক্লিষ্ট হইয়াছে॥ ৩৮॥

ললিতা। অহো! তোমার আশ্চর্য্য ধূর্ত্ততা, বকুল বাচি কেশর পুষ্পে নাগকেশর বলিয়া ব্যাখ্যা করিতেছ!॥

কৃষ্ণ। (ছল পূর্ব্বক আপনার প্রতি অবজ্ঞা প্রকাশ করিয়া)

শব্দার্থস্যান্যথা কল্পনেন বচন চঞ্চুতা ॥ ৩৯ ॥

অথবা কস্তে দোষঃ। দৃষ্টদোষাভিরপি গৌরাঙ্গীভিঃ সৌহার্দ্দমভিলস্যতা ময়ৈবাপরাদ্ধং।

বিশাখা। কো কৃখু গৌরাঙ্গীণাং দিট্‌ঠো তুএ দোসো।

কৃষ্ণঃ। পশ্য পশ্য।

নব রসধারিণি মধুরে ধরণীসন্তাপহারি বিস্ফুরণে।

বিশাখা। কঃ খলু গৌরাঙ্গীণাং দৃষ্ট ত্বয়া দোষঃ। নবরস ধারিণি অভিনব জলধারিণি পক্ষে শান্তোঽপি নবমো রস ইতি রীত্যা শৃঙ্গারাদি নব রসাশ্রয়ে কৃষ্ণবর্ণে মুদিরে মেঘে পক্ষে কৃষ্ণোঽয়ং মুদির ইবেতি ব্যাঘ্রাদিত্বাৎ সমাসঃ। ক্ষণরোচিষো বিদ্যুতঃ পক্ষে ক্ষণমাত্রা রোচিঃ কান্তির্যাসাং তদানী-

ললিতে! তোমার শব্দার্থের অন্যথা কল্পনা দ্বারা বাক্‌ পটুতা বিশ্রাম করুক ॥ ৩৯ ॥

অথবা তোমারই বা দোষ কি! গৌরাঙ্গীদিগের দোষ দেখিয়া যখন আমি তাহাদিগের সহিত সৌহার্দ্দ করিয়াছি তখন এ আমারই অপরাধ ॥

বিশাখা। অহে! তুমি গৌরাঙ্গীদিগের কি দোষ দেখিলা ॥

কৃষ্ণ। দেখ দেখ, ধরণী সন্তাপহারি নব রস (জল) ধারি কৃষ্ণবর্ণ মেঘ উদিত হইলে গৌরবর্ণা ক্ষণপ্রভা বিদ্যুৎ কখন স্থৈর্য্য অবলম্বন করে না ॥

পক্ষান্তরের অর্থ। ধরণীসন্তাপহারি শৃঙ্গারাদি নব রস ধারি মেঘকান্তি কৃষ্ণ আগমন করায় ক্ষণমাত্র কান্তি গৌরাঙ্গীগণ কোন ক্রমেই স্থিরতা অবলম্বন করিতেছে না

বিদধাতি ন কৃষ্ণমুদিরে গোষ্ঠ্যাঃ ক্ষণরোচিষঃ স্থৈর্য্যং ॥ ৪০ ॥

বিশাখা। তাঁ ত্রাং কুলিশকুড় কঠোর চিট্ঠিদে তাণং কোমলাণং জুত্তো জ্জেব্ব তথা পউত্তী ॥

ললিতা। বিসাহে সুণাহি কিম্পিগাহং ইতি ভৃঙ্গং দর্শয়ন্তী ॥ ৪১ ॥

চম্পঅলদং সিণিদ্ধং ণব কঞ্চণ কান্তি কুসুম গোরাঙ্গীং।

মুঞ্চিঅ ধাবই ভমরো চবলা বিঅ সামলা হোন্তি ॥ ৪২ ॥

মেব রমণানুরাগং ক্ষণাদেব বিরাগেণ বৈবর্ণ্যমিতি ভাবঃ। অত্র গৌর্য্যা ইতি বিশেষণ পদং ॥ ৪০

বিশাখা। তত্মিন্ কুলিশ কুট কঠোর চেষ্টিতে তাসাং কোমলানাং যুক্তৈব তথা প্রবৃত্তিঃ।

ললিতা। বিশাখে শৃণু কমপি গানং ॥ ৪১ ॥

চম্পকলতাং স্নিগ্ধাং নবকাঞ্চনজ্যোতি কুসুম গৌরাঙ্গীং ত্যক্ত্বা ধাবতি ভ্রমরশ্চপলা ইব শ্যামলা ভবন্তি ॥ ৪২ ॥

অর্থাৎ তখনই রমনানুরাগ এবং তখনই মান ভরে বিবর্ণা হইয়া বিরাগ প্রকাশ করিতেছে ॥ ৪০ ॥

বিশাখা! সেই বজ্র অপেক্ষা কঠোর চেষ্টাশালিকে সুকুমারীদিগের ঐ প্রকার হওয়া উপযুক্ত বটে ॥

ললিতা। বিশাখে! কোন একটী গান শুন। (এই বলিয়া ভ্রমরকে দেখাইয়া) স্নিগ্ধ স্বভাবা নবকাঞ্চন কান্তি সদৃশী কুসুম গৌরাঙ্গী চম্পকলতাকে পরিত্যাগ করিয়া ভ্রমর ধাবমান হইতেছে, চপলা জন সকলই শ্যাম বর্ণ হয় ॥৪২

কৃষ্ণঃ । স্মিত্বা সত্যং বাগ্মিনামসি রাজ্ঞী ।

ললিতা । অপবার্য্য । হলা সুটঠু ণীসঙ্কেণ বঅণাড়োবেণ

অণবরদ্ধং জেব্ব ণং তক্কেম ।

কৃষ্ণঃ । বাম্যাস্তবেন্ন বিরতি নবযৌবনানাং

বামভ্রুবামিতি জনশ্রুতিরব্যলীকা ।

চাটূনি কর্ত্তুমুচিতানি বিমুচ্য খিন্নং

মাং প্রত্যুতাদ্য যদমূরপবক্তয়ন্তি ॥ ৪৩ ॥

ললিতা । অপবার্য্য হলা সচ্চং উজ্জাঅরখিণ্ণো কণ্হো তা

[illegible] । সুষ্ঠু নিঃশঙ্কেন বচনাটোপেন অনপরাদ্ধং [illegible] তর্কয়ামি । কর্ত্তুমুচিতানি চাটুনিত্যক্ত্বা প্রত্যুত মাং অপরক্তয়ন্তি দুঃখয়ন্তি কটু বদন্তি ইত্যর্থঃ ॥ ৪৩ ॥

ললিতা । সত্য মুজ্জাগর খিন্নঃ কৃষ্ণঃ তৎ প্রসীদ ।

কৃষ্ণ । (ঈষৎ হাস্য করিয়া) সত্যই তুমি বাচালদিগের রাজ্ঞী হইয়াছ ॥

ললিতা । (হস্তাবরণ করিয়া) সখি ! শোভন সদর্প বচনে ইহাঁকে নিরপরাধি বলিয়া বিবেচনা করি ॥

কৃষ্ণ । শোভন ভ্রূ নবযৌবনাদিগের কুটিলতা হইতে কখনই বিরতি হয় না, এই যে জনশ্রুতি ইহা মিথ্যা বোধ হইতেছে না, যে হেতু এই সকল গৌরাঙ্গী কখন যোগ্য মিষ্ট বাক্য পরিত্যাগ করিয়া আমাকে অননুরাগী করিতে উদ্যত হইয়াছে ॥ ৪৩ ॥

ললিতা । (হস্তাবরণ দিয়া) সখি । সত্যই কৃষ্ণ উজ্জাগর

পসীদ পসীদ।

রাধিকা। কৃষ্ণমপাঙ্গেনাবলোক্য মুগ্ধাণং বঞ্চণকলা বিঅড্ঢোহসি॥

কৃষ্ণঃ। সানন্দং ফুল্লকেশর কলাপেনামুনা ধম্মিল্ল শ্রীস্তবালংক্রিয়তাং বন্ধ্যতাং মা বিন্দতু মম প্রয়াসঃ। ইতি পুটিকামুদ্ঘাট্য প্রিয়ে পশ্যামূনিঃ সুগন্ধিনামগ্রেসরাণি কেশরাণি যৈরহং মদ্য সুবাসিতোহস্মি॥

রাধিকা। স নর্ম্মস্মিতং ণূণং চন্দাঅলী পরিমলেণ বাসিদো সি তুমং॥

রাধিকা। মুগ্ধানাং বঞ্চন কলা বিদগ্ধোসি। সনর্ম্মেতি মিথ্যা দোষারোপণাৎ নূনং চন্দ্রাবলী পরিমলেন বাসিতোঽসি ত্বং।

ব্রতে খিন্ন হইয়াছেন, অতএব প্রসন্ন হও॥

শ্রীরাধা। (অপাঙ্গ দ্বারা কৃষ্ণকে অবলোকন করিয়া অহে। তুমি মুগ্ধা রমণীদিগের বঞ্চনা বিষয়ে অতিশয় সুপণ্ডিত॥

কৃষ্ণ। (আনন্দের সহিত) কেশর কুসুম দ্বারা ধম্মিল্ল শ্রী তোমাকে অলঙ্কৃত করুক, আমার চেষ্টা যেন বিফলতা প্রাপ্ত না হয়। (এই বলিয়া পুটিকা অর্থাৎ আচ্ছাদন উদ্ঘাটন করত) প্রিয়ে! সুগন্ধি সকলে অগ্রসর এই কেশর কুসুমগুলি অবলোকন কর, ইহারই দ্বারা আজ আমি সৌরভশালী হইয়াছি।

শ্রীরাধা। (পরিহাসের সহিত ঈষৎ হাস্য করিয়া) অহে নিশ্চয় তুমি চন্দ্রাবলীর সৌরভে সুবাসিত হইয়াছ॥

কৃষ্ণঃ। প্রিয়ে পরিহাসিকান্যপি তে বচাংসি ন কদাচিদপি ব্যভিচরন্তি। যদদ্য মদঙ্গতশ্চন্দ্রাবলী সৌরভমেদক্ষতি॥

রাধিকা। সের্ষং পরাবৃত্য ললিদে কিং মুদ্দিদকণ্ণাসি॥

কৃষ্ণঃ। স্মিত্বা প্রিয়ে কথমক্ষর সাম্যাদক্ষমাসি যদদ্য কর্পূরাবলিং বর্ণয়ামি॥

রাধিকা। সস্মিতং। সমপ্পেহি পুপ্ফাইং ইতি পটাঞ্চলং প্রসারয়তি॥

কৃষ্ণঃ। রাধামুখং প্রেক্ষ্য স্বগতং। হন্ত বিভ্রম মণ্ডিতস্য চিল্লিকোদণ্ডস্য তাণ্ডবকলা॥ ৪৪॥

ললিতে কিং মুদ্রিত কর্ণাসি সমর্পয় পুষ্পাণি। চিল্লিকোদণ্ডস্য ভ্রূধনুষঃ॥৪৪

কৃষ্ণ। প্রিয়ে! তোমার পরিহাস বাক্য সকলও কখন মিথ্যা হয় না, যে হেতু আজ আমার অঙ্গ হইতে চন্দ্রাবলীর সৌরভ উদ্গত হইতেছে॥

শ্রীরাধা। (ঈর্ষার সহিত মুখ ফিরাইয়া) ললিতে! তুমি কি বধির হইয়াছ?।

কৃষ্ণ। (ঈষৎ হাস্য করিয়া) প্রিয়ে! অক্ষরের সমতা প্রযুক্ত কেন অসহিষ্ণুতা প্রকাশ করিতেছে, যেহেতু আমি কর্পূর সমূহের বর্ণন করিয়াছি॥

শ্রীরাধা। (ঈষৎ হাস্যের সহিত) পুষ্প প্রদান কর। (এই বলিয়া বস্ত্রাঞ্চল বিস্তৃত করিলেন)॥

কৃষ্ণ। (শ্রীরাধার মুখের প্রতি দৃষ্টিপাত করিয়া মনে মনে) বিভ্রম ভূষিত ভ্রূ ধনুকের কি কৌশল॥ ৪৪॥

বিশাখা। জনান্তিকং। ললিদে পেক্খ পেক্খ। সম্মোহণ য়াহিএ কডক্খ বাণেণ লক্খীকিদো পুপ্ফ পুড়িআএ সদ্ধং অঞ্চলে দিণ্ণং বি বেণুং ণ জাণাদি কহ্নো॥

ললিতা। সংস্কৃতেন॥

নিদ্রাগমেঽপি সখি নন্দসুতস্য হর্ত্তুং
যাং শক্নুবন্তি ন পরাঃ পশুপালবালাঃ।
ধন্যা কটাক্ষ কলয়া কিল মোহয়ন্তী
তাং রাধিকাদ্য পুরতো মুরলীং জহার॥

বিশাখা। ললিতে পশ্য পশ্য। সংমোহনেন রাধায়াঃ কটাক্ষ বাণেন লক্ষীকৃতঃ বুদ্ধিঃ পুষ্প পুটিকয়া সার্দ্ধং অঞ্চলে দত্তমপি বেণুং ন জানাতি কৃষ্ণঃ দৃষ্টো মুহ্যাভিঃ প্রিয়বয়স্যঃ।

বিশাখা। (হস্তাবরণ দিয়া সঙ্গোপনে) ললিতে! দেখ দেখ শ্রীরাধার সম্মোহন রূপ কটাক্ষ বাণে বিদ্ধ হইয়া কৃষ্ণ পুষ্পপুটিকার সহিত মুরলীও অঞ্চলে প্রদান করিয়াছেন কিন্তু তিনি তাহা জানিতে পারেন নাই॥

ললিতা। (সংস্কৃত ভাষায়) সখি! অন্য গোপকুমারী সকল নন্দতনয়ের নিদ্রিতাবস্থাতেও যে মুরলী হরণ করিতে সমর্থ হয় না, ধন্য রাধিকা কটাক্ষ বাণে কৃষ্ণকে বিমোহিত করিয়া তাঁহার সম্মুখ হইতে সেই মুরলী হরণ করিয়া লইলেন॥

বিভাষ।

নিন্দের আবেশে, রহয়ে হরিসে, বেণু করে ধরি হরি।

রাধিকা। অপবার্য্য সংস্কৃতেন।

যা নির্ম্মাতি নিকেত কর্ম্মরচনারম্ভে করস্তম্ভনং
রাত্রৌ হন্ত করোতি কর্ষণবিধিং যা পত্যুরঙ্কাদপি।
গৌরীণাং কুরুতে গুরোরপি পুরো যা নীবি বিধ্বংসনং
ধূর্ত্তা গোকুল মঙ্গলস্য মুরলী সেয়ং মমাভূদ্বশা॥

নেপথ্যে। অরে কুরঙ্গও দিট্‌ঠো তুম্হেহিং পিঅবঅস্‌স॥

গোপাঙ্গনা গণে, কতেক সন্ধানে, না পারে করিতে চুরি॥
ধনি ধনি দেখ রাধিকা কটাক্ষ খেলা। সে বেণু হরিলা,
গোবিন্দ মোহিলা, কি জানি মোহিনী দিলা॥ ধ্রু॥

শ্রীরাধা। (হস্তাবরণ দিয়া সংস্কৃত ভাষায়) সখি! গৃহ কর্ম্ম করিতে আরম্ভ করিলে যে করস্তম্ভ করিয়া দেয়, রাত্রিতে পতিক্রোড়ে শয়ন করিয়া থাকিলে যে তথা হইতে আকর্ষণ করিয়া লইয়া আইসে এবং যে গুরুজন সমক্ষে গৌরাঙ্গীদিগের নীবিমোচন করিয়া দেয়, সেই গোকুলানন্দের ধূর্ত্তা মুরলী আজ আমার বশতাপন্ন হইয়াছে॥

বিভাষ॥

ব্রজনারী কর, যেই করে জড়, করিতে গৃহের কাজ।
আগে গুরুজন, এ নিবী বন্ধন, ছিঁড়িয়া যে দেয় লাজ॥
রজনী সময়ে, আপন আলয়ে, পতি কোলে থাকে নারী।
তারে যে হরিল, সে বেণু পাইল, যতনে রাখহ ধরি॥
যে বেণু সঘন, করে বিড়ম্বন, খসায় কুন্তল পাশ। হরয়ে যুবতি, গণের যে মতি, পাশরায়ে গৃহ বাস॥ হরিণী

কৃষ্ণঃ। কথং মিলিতোহয়ং মধুমঙ্গলঃ।

প্রবিশ্য মাল্যহস্তো মধুমঙ্গলঃ।

সুদং মএ সুবলমুহাদো জং অজ্জ ণিউঞ্জমজ্ঝে রাহিআ জাঅরিদা আসি তা গদুঅ ণং পোৎসাহইস্সং ইত্যুপসৃত্য সংস্কৃতেন ॥ ৪৫ ॥

মধু। শ্রুতং সুবলমুখতঃ ময়া নিকুঞ্জমধ্যে রাধিকা জাগরিতাসীৎ তদ্গত্বা এনাং প্রোৎসাহয়িষ্যামি ॥ ৪৫ ॥

সকল, মুগের ... পাইতে না দেয় যেই। নদীগণ জল, যে করে পাগল, শীলা কপে জলময়ী॥ যাহার ধ্বনিতে নারীগণ চিতে করয়ে মদন জ্বালা। বৈরঙ্গ পরম, করিয়া ভরম, হরণ ... বালা॥ সে বেণু পাইলা, মঙ্গল হইলা, অমঙ্গল দূরে গেলা। এ যদু নন্দন দাস কহি ভণ, সতী কুল নাহি গেলা॥

নেপথ্যে॥

অহে কুরঙ্গ সকল! তোমরা কি প্রিয়বয়স্য কৃষ্ণকে দেখিয়াছ॥

কৃষ্ণ। এ মধুমঙ্গল আসিল না কি?॥

(মাল্যহস্তে মধুমঙ্গলের প্রবেশ)

মধুমঙ্গল। আমি সুবলের মুখে শুনিয়াছি, আজ নিকুঞ্জ মধ্যে শ্রীরাধা জাগরিত ছিলেন, তবে গিয়া তাঁহাকে উৎসাহিত করি। (এই বলিয়া নিকটে গমন পূর্ব্বক সংস্কৃত ভাষায়) ॥ ৪৫ ॥

অবিরল বনমালালঙ্কৃত স্নিগ্ধমূর্ত্তিঃ
স্ফুরতি কটককান্তি র্ধাতুভির্ম্মণ্ডিতাঙ্গঃ ।
অখিল ভুবন তুঙ্গো নেত্রভঙ্গ্যা নিকৃষ্টঃ
কথমিব সখি রাধে কৃষ্ণশৈল স্ত্বয়াভূৎ ॥ ৪৬ ॥

রাধিকা । (বিস্ময়তে) ।

কৃষ্ণঃ । প্রিয়ে বেত্তি মে রমসন্ত্রীসম্ভবং বয়স্যোহয়ং ।

রাধিকা । অজ্জ দংসিদং অজ্জে সিণেহ দাক্খিণ্ণং , যং কান্তার

নিরন্তরা বনমালয়া বনশ্রেণ্যাচ অলঙ্কৃতা স্নিগ্ধ মূর্ত্তি র্যস্য সঃ । কটকানাং বলয়ানাং নিতম্বানাঞ্চ কটকং বলয়োরিব যঃ কটকোহস্মী নিতম্বোহস্ত্রে বিতামঃ । ধাতুভির্গৈরিকাদ্যৈঃ ॥ ৪৬ ॥

ভণি সংভবতমঃ রাজবুদ্ধুতং ভ্রমং ।

রাধি আর্য্য দর্শিতমদ্য স্নেহ দাক্ষিণ্যং যংকান্তার সিন্ধু সন্তার কৌশলানি

সখি রাধে ! যিনি নিবিড় বনমালায় অলঙ্কৃত হইয়া স্নিগ্ধ মূর্ত্তি ধারণ করিয়াছেন, যাঁহাতে বলয় সকলের কান্তি স্ফূর্ত্তি পাইতেছে, যাঁহার অঙ্গ গৈরিক ধাতুতে ভূষিত, সেই নিখিল জগতের উপরি বিরাজমান কৃষ্ণ-শৈলকে কি রূপে তুমি কটাক্ষ দ্বারা আকর্ষণ করিলা ॥ ৪৬

শ্রীরাধা । ঈষৎ হাস্য করিলেন ।

কৃষ্ণ । প্রিয়ে ! এই বয়স্যই আমার রাত্রি জনিত ক্লেশ অবগত আছে ॥

শ্রীরাধা । আর্য্য ! আজ ভাল স্নেহের সরলতা প্রদর্শিত হইল, যে হেতু দুর্গম সমুদ্র সন্তরণের কৌশল সকল

সিক্খু সস্তার কোসল্লাইং সিকখাবিদসি।

মধুমঙ্গলঃ। সহি সাহু অম্হে উবালহিজ্জম্হ জেহিং চলন্তীং বি বল্লীং তুমং তক্কিঅ বণে বসন্তেহিং সাদঙ্কং জাগরিদং। তুম্হে কখু সলাহইজ্জই জাহিং পিঅবঅস্‌স সণাহং বি কুঞ্জং অণিবন্ধেণ সুন্নং মন্নিঅ ঘরে পবিসন্তীহিং ণিরাতঙ্কং সুত্তং॥ ৪৭॥

রাধিকা। অজ্জ কিং এব্বং ভণাসি ইতি সংস্কৃতেন॥

নিকুঞ্জং কংসারের্বত নশ্বর চন্দ্রাবলিরুচি

শিক্ষিতানি।

মধু সখি সাধু বয়ং উপালভ্যামহে যৈরস্মাভিশ্চলন্তীমপি বল্লীং ত্বাং তর্কয়িত্বা বনে বসদ্ভিঃ সাতঙ্কং জাগরিতং যুয়ং শ্লাঘ্যাধ্বে যাভিঃ প্রিয়বয়স্য সনাথমপি কুঞ্জমনিবন্ধেন শূন্যং মত্বা গৃহে প্রবিশন্তীভি র্নিরাতঙ্কং সুপ্তং॥ ৪৭॥

রাধি আর্য্য কিমমেবং ভণসি। নশ্বরা এব চন্দ্রা স্তেষামাবলিঃ পঙ্ক্তি

শিক্ষা করাইলে॥

মধুমঙ্গল। সখি! তোমারা ভাল রূপে আমাদিগকে তিরস্কার করিলা, আমরা বনে অবস্থিত থাকিয়া বায়ুবেগে লতা বিচলিত হইলে তোমাকে অনুমান করত সাতঙ্কে জাগরণ করিয়াছি, এখন তোমরা সাধু হইতেছে, প্রিয় বয়স্য কুঞ্জে থাকিতেও তোমরা ঐ কুঞ্জকে শূন্য জ্ঞান করিয়া গৃহে গমন পূর্ব্বক নিরাতঙ্কে শয়ন করিয়াছিলে॥ ৪৭॥

শ্রীরাধা। এ রূপ বলিতেছ কেন? (এই বলিয়া সংস্কৃত ভাষায়) হা কষ্ট! আমি যখন বারম্বার নিরীক্ষণ করি-

ছটাগ্রস্তং নাগ্রে মুহুরপি যদা প্রেক্ষিতমভূৎ।
তদা সদ্যঃ প্রোদ্যোদ্বিধুহতকবিক্রান্তিহতয়া
ময়া লব্ধারণ্যে ক্লমনিবহ পূর্ত্তা পরিণতিঃ॥ ৪৮॥

মধুমঙ্গলঃ। স্বগতং। অহো কধং কুড়ঙ্গ সঙ্গদা চন্দাঅলি বি রাহিআএ দিট্টাথি তা বঞ্চণং মুক্কিঅ ণং উক্করিসইস্সং। প্রকাশং সংস্কৃতেন॥

ক্লান্তেন তে বদন চন্দ্রমনাকলয্য

স্বস্তাঃ রুচি চ্ছটাভিঃ কান্তিচ্ছটাভিঃ গ্রস্তং মুহুরপি নিকুঞ্জং প্রেক্ষিতং দৃষ্টং নাভূৎ॥ ৪৮॥

ধরা ক্রুরা যা চন্দ্রাবলি স্বস্তাঃ রুচি ছটাগ্রস্তং কংসারেঃ কুঞ্জং মুহুরপি বারম্বারমপি যদা প্রেক্ষিতং নাভূৎ অপি প্রেক্ষিতমেবাতুদিতোবমর্থং নির্দ্ধার্য্য স্বগতং পরামৃশতি অহো ইত্যাদি। কুঞ্জ সঙ্গতা চন্দ্রাবল্যপি রাধিকয়া দৃষ্টাস্তি। তদ্বঞ্চনং ত্যক্ত্বা এনাং উৎকর্ষয়িষ্যামি। ক্লান্তেনেতি চন্দ্রা-

---

য়াও কংসনাশনের নখরচন্দ্রের চন্দ্রিকায় নিকুঞ্জকে অলোকময় দেখিলাম না, তখনি সদ্যঃ উদিত হত চন্দ্রের রশ্মি দ্বারা আহত হইয়া অরণ্য মধ্যে এই ক্লেশ সমূহের পরিণতি অবস্থা প্রাপ্ত হইয়াছি॥ ৪৮॥

মধুমঙ্গল। (মনে মনে) হায়। কুঞ্জ মিলিতা চন্দ্রাবলীকেও শ্রীরাধা দেখিয়াছেন, তবে এক্ষণে বঞ্চনা পরিত্যাগ করিয়া ইহাঁর প্রশংসা করি। (এই বলিয়া সংস্কৃত ভাষায়)

রাধা পুরঃ স্ফুরতি পশ্চিমতশ্চ রাধা
রাধাধিসব্যমিহ দক্ষিণতশ্চ রাধা ।
রাধা খলু ক্ষিতিতলে গগণেচ রাধা
রাধাময়ী মম বভূব কুতস্ত্রিলোকী ॥

মধুমঙ্গলঃ । পিঅবয়স্স ভঅবদীএ অহিসারিদং দাণিং জ্জেবব পেক্‌খিস্‌সসি রাহিঅং ।

কৃষ্ণঃ । করেণাস্তু স্তুষ্ট্যা স্থললিতমবষ্টভ্য ললিতা

মধু প্রিয়বয়স্য ভগবত্যাভিসারিতাং ইদানী মেব প্রেক্ষিষ্যসে রাধিকাং । নির্ম্মাস্যতি করিষ্যতি ।

রাধা, এবং গগণ মণ্ডলে রাধা বিরাজ করিতেছেন, হায় ! আমার সম্বন্ধে ত্রিলোকী রাধাময় হইল কেন ? ॥

যথারাগ ॥

নয়ন পুতলী রাধা মোর । মনো মাঝে রাধিকা উজোর ।
ক্ষিতি তলে দেখি রাধাময় । গগণেহ রাধিকা উদয় ॥
রাধাময়ী ভেল ত্রিভুবন । তবে আমি করিব কেমন ॥
কোথা সেই রাধিকা সুন্দরী । না দেখি ধৈরজ হইতে নারি ॥ এযদুনন্দন মনে যাগ । কি না করে নব অনুরাগ ॥

মধুমঙ্গল । প্রিয়বয়স্য ! ভগবতী পৌর্ণমাসী শ্রীরাধাকে অভিসার করাইতেছেন, তুমি এখনই তাঁহাকে দেখিতে পাইবে ॥

কৃষ্ণ । হায় ! শ্রীরাধা অন্তরে সন্তোষ প্রকাশ পূর্ব্বক কর দ্বারা

করাঙ্গুষ্ঠং রাধা ভৃশমভিসরন্তী সরভসং।
কিমদ্য স্মেরাক্ষী স্মরপরিমলোল্লাসি বলয়
ধ্বনির্মাং নির্ম্মাস্যত্যনুপম চমৎকার চটুলং॥

মধুমঙ্গলঃ। ভো মা উত্তম্ম কঙ্কণ ঝণক্কারো সুব্বই॥ ২৭॥

নেপথ্যে॥

হলা ললিদে পেক্‌খ সো এসো পুন্নাঅ বুক্‌খো দীসই।

মধু মা উত্তাম্যম্ব কঙ্কণ ঝণৎকারঃ শ্রূয়তে॥ ২৭॥

ললিতার সুললিত করাঙ্গুষ্ঠ অবলম্বন করিয়া সকৌতুকে অভিসার করত হাস্যান্বিত লোচনে কন্দর্প সৌরভোল্লাসি বলয় ধ্বনি দ্বারা আজ আমার অনুপম চমৎকারাতিশয় কি নির্ম্মাণ করিবেন॥

যথারাগ॥

কহে হরি কেন হবে মোরে। এ নয়নে দেখিব রাইরে॥
ধ্রু॥ ললিতা অঙ্গুলি করে ধরি। অভিসার করিবে সুন্দরী॥
সে বদন চান্দের মাধুরী। সেই হাসি বচন চাতুরী॥
সে নয়ন কোণের চাহনি। মৃদু হাসি মুখ মোড়ায়নী॥
বলয় কিঙ্কিনী ধ্বনি শুনি। মদনের লাগয়ে মোহিনী॥
আমায় চমক লাগাইবে। এ যদু নন্দন কহে হবে॥

মধুমঙ্গল। বয়স্য! উৎকণ্ঠিত হইও না, ঐ যে শ্রীরাধার কর কঙ্কনের ঝণৎকার শুনা যাইতেছে॥ ২৭॥

(বেশ গৃহে)

সখি ললিতে! অবলোকন কর, সেই এই পুন্নাগ তরু

পুনস্তত্রৈব সহি রাহে ধিট্ঠ ভমর ঝম্পিদং পেক্খ ণং তা ক্খণং ইধ জ্জেব্ব চিট্ঠহ্ম।

মধুমঙ্গলঃ। সচাপলং। ভো পিঅবঅস্স বামদো কিং ণ পেচ্ছসি এসা ললিদাএ সঙ্গং রাহিআ সমাঅদা ॥ ২৮ ॥

কৃষ্ণঃ। সোৎকণ্ঠং দিষ্ট্যা সাক্ষাদদ্য মদীক্ষণয়োঃ সৌখ্যং বিস্তার্য্যতে সখ্যা ॥ ২৯ ॥

সখি ললিতে পশ্য স এব পুন্নাগ বৃক্ষো দৃশ্যতে।

সখি রাধে ধৃষ্ট ভ্রমর জল্পিতং পশ্যৈতৎ তৎ ক্ষণমত্রৈব তিষ্ঠাবঃ।

মধু বয়স্য বামতঃ কিং নপশ্যসি এষা ললিতয়া সার্দ্ধং রাধিকা সমাগতা ॥২৮

সখ্যা রাধয়া ইতি কৃষ্ণে বিবক্ষিতং। বস্তু তস্ত সখ্যা সুবলেন শ্রীকৃষ্ণ বাক্যস্যান্যথা প্রয়োগাসংভাবাৎ ॥ ২৯ ॥

দেখা যাইতেছে ॥

(পুনরায় বেশ গৃহে)

সখি রাধে ! এই ধৃষ্ট ভ্রমরাচ্ছাদিত পুন্নাগবৃক্ষ অবলোকন কর, অতএব ক্ষণকাল আমরা এই স্থানে অবস্থিতি করি ॥

মধুমঙ্গল। (চপলতার সহিত) বয়স্য ! বাম দিকে কি দেখিতেছ না ! এই যে ললিতার সহিত শ্রীরাধা আগমন করিয়াছেন ॥ ২৮ ॥

কৃষ্ণ। (উৎকণ্ঠার সহিত) কি শুভাদৃষ্ট, আজ সাক্ষাৎ শ্রীরাধা আমার লোচনদ্বয়ের সুখ বিস্তার করিতেছেন ॥ ২৯

মধুমঙ্গলঃ। সগর্ব্বং ভো কীস ণ বিত্থারিদব্বং জত্থ অহং বিঅড্ঢো দূদম্হি।

কৃষ্ণঃ। সখে পুরঃস্থয়োরপি মৎপ্রিয়য়োঃ নির্ব্ব্যলীকতা নাদ্যাপ্যবধারিতা যদাভ্যাং ন সন্নিধীয়তে ॥ ৩০ ॥

মধুমঙ্গলঃ। পিঅবঅস্স সুট্‌ঠু পসন্নং রাহিঅং জাণীহি জং সাডি অঞ্চল ঝম্পিদা মুরলী ঝলক্কই ॥

কৃষ্ণঃ। সস্নেহং।

বিধুরেতি দিবা বিরূপতাং শতপত্রং বত সর্ব্বরীমুখে।

মধু কস্মান্ন বিস্তারয়িতব্যঃ যত্রাহং বিদগ্ধো দূতোঽস্মি।

মৎপ্রিয়য়োঃ রাধা ললিতয়োঃ বস্তু তত্ত্ব বৃন্দা সুবলয়োরব্যলীকতা প্রীতিঃ। বস্তু তত্ত্ব সত্যত্বং ব্যলীকং অপ্রিয়েঽনৃতে ইত্যমরঃ ॥ ৩০ ॥

মধু প্রিয়বয়স্য সুষ্ঠু প্রসন্নাং রাধিকাং জানীহি। যৎ শাটিকাঞ্চলাচ্ছাদিতা মুরলী রাজতে।

মধুমঙ্গল। (সগর্ব্বে) বয়স্য! কেননা সুখ বিস্তার হইবে, যেখানে আমি পরম বিচক্ষণ দৌত্যকার্য্যে নিযুক্ত আছি ॥

কৃষ্ণ। সখে! অগ্রবর্ত্তি প্রিয়াদ্বয়ের অর্থাৎ শ্রীরাধা ললিতার এতাবৎ নির্ব্যবলীকতা (সত্যত্ব) অবধারিত হয় নাই, যে পর্য্যন্ত উহাঁরা আমার নিকটে না আসিয়াছেন ॥ ৩০ ॥

মধুমঙ্গল। প্রিয়বয়স্য! শ্রীরাধাকে সুপ্রসন্না জানিও, যেহেতু ইহাঁর সাট্যঞ্চলে আচ্ছাদিত হইয়া মুরলী শোভাতিশয় বিস্তার করিতেছে ॥

কৃষ্ণ। (স্নেহের সহিত) হায়! চন্দ্র ত দিবসে বিরূপতা

ইতি কেন সদা শ্রিয়োজ্জ্বলং তুলনামর্হতি মৎপ্রিয়াননং ॥

ইতি সকৌতুকমনুসর্পতি ॥

নেপথ্যে ॥

বারিসহাণঈ লচ্ছী ইয়ং পুরো রাইণী সমুগ্‌গমই।

চন্দাঅলী কুডুম্ব চওর মাহব সুপ্পসহং ॥ ৩১ ॥

বার্ষভানবী লক্ষ্মীরিয়ং পুরো রাগিণী সমুদ্গচ্ছতি। চন্দ্রাবলী কুটুম্ব চকোর মাধব সুপ্রসভং। বার্ষভানবী লক্ষ্মীঃ বৃষভানু সম্বন্ধিনী শোভা বৃষভানো কন্যায়াশ্চ শোভা রাগিণী রক্তিম যুক্তা রাগঃ ক্রোধ স্তদ্বযুক্তাচ বস্তু তস্ত অনুরাগবতীচ। চন্দ্রাবল্যা কুটুম্ব চকোর রূপঃ কৃষ্ণঃ বলাৎকারেণ তত্র ধাবনং তব দুঃখদমেব ভবিষ্যতীতার্থঃ ॥ ৩১ ॥

প্রাপ্ত হন্, পদ্মও রজনী মুখে মুখ সঙ্কোচ করিয়া থাকে, তবে সর্ব্বদা শোভা সম্পন্ন রাধাবদন কাহার সহিত তুলনা প্রাপ্ত হইবে ॥

যথা রাগ ॥

গগণের চান্দে কি বা কহি। দিবসে বিরূপ হয়ে সেই ॥ কমল উপমা কিয়ে দিয়ে। মৈলান রজনী কেনে হয়ে ॥ রাধা মুখ সদাই উজোর। তুলনা দিবার নাহি ওর ॥ ইহা কহি কৌতুক হৃদয়। এ যদু নন্দন মনে কয় ॥

(বেশ গৃহে)

বৃষ রাশিস্থ ভানু সম্বন্ধিনী শোভা রক্ত বর্ণ হইয়া অগ্রে উদয় হইতেছে, অহে চন্দ্রশ্রেণীর কুটুম্ব চকোর। বল

মধুমঙ্গলঃ। ললিদে ভমিদাসি ণ কখু চওরো পেক্খ এসো রহঙ্গীরমণো জেণ বারিসহাণঈ লচ্ছী কামিজ্জই।

নেপথ্যে পুনরন্যতঃ। ভো কহ্ন ণ সুণাহি।

মধুমঙ্গলঃ। বিলোক্য সশঙ্কং। এসা ডাহিণে বিসালস্স বহিণী সারঙ্গী নাম বালিআ।

মধু ললিতে ভ্রান্তাসি ন খলু চকোরঃ পশ্য এষ রথাঙ্গী রমনশ্চক্রবাকঃ। পক্ষে রথাঙ্গং চক্রং এবঞ্চ পদদ্বয়ং যেন বার্ষভানবী লক্ষ্মীঃ কাম্যতে শ্লেষার্থঃ পূর্ব্ববৎ॥

ভো কৃষ্ণ ন শৃণু। মধু এষা দক্ষিণে বিশালস্য ভগিনী সারঙ্গী নাম্নী বালিকা।

প্রকাশ পূর্ব্বক ধাবমান হইও না।

অর্থান্তর। অনুরাগবতী বৃষভানুনন্দিনী সম্বন্ধিনী শোভা অগ্রে উদয়শীল হইতেছে, চন্দ্রাবলী কুটুম্ব চকোর! তুমি বলাৎকার জন্য ধাবমান হইও না॥ ৩১॥

মধুমঙ্গল। ললিতে! তুমি ভ্রান্তা হইয়াছ, দেখ চকোর নয় এ চক্রবাক, বৃষ রাশিস্থ ভানু সম্বন্ধিনী শোভা কামনা করিতেছে। পক্ষান্তরে ইনি কৃষ্ণ, বৃষভানু পুত্রী সম্বন্ধিনী শোভা অভিলাষ করিতেছেন॥

(বেশ গৃহে পুনরায় অন্য দিকে)

অহে কৃষ্ণ! শ্রবণ করিও না।

মধুমঙ্গল। (অবলোকন করিয়া শঙ্কার সহিত) এই যে দক্ষিণদিকে বিশালের ভগিনী সারঙ্গী নাম্নী বালিকা॥

কৃষ্ণঃ। সখে মাশঙ্কিষ্ঠাঃ সুষ্ঠু বালিকেয়ং।

প্রবিশ্য সারঙ্গী। ভো কহ্ণ ণ সুণাহি বুড্‌ঢিআ মুহরা ভণাদি ॥ ৩২ ॥

কীস তুএ মহ ণত্তিণী অলিঅং দূসিজ্জই জং তুজ্‌ঝ বংশীআ অহ্মেহিং কক্‌খডিআ হত্থে দিট্‌ঠা তা ম্‌গগেহি ণং ত্তি ॥

কৃষ্ণঃ। সারঙ্গীকে বিজ্ঞাপয় মুখরাং যদহং লব্ধ মুরলিকোঽস্মি ॥ ৩৩ ॥

নেপথ্যে। হলা পচ্ছণ্ণা হোহি পচ্ছণ্ণা হোহি।

সারঙ্গী। ভো কৃষ্ণ ন শৃণু বৃদ্ধা মুখরা ভণতি ॥ ৩২ ॥

কস্মাৎ মম নপ্‌ত্রী অলীকং দূষ্যতে। যত্তব বংশী অস্মাভিঃ কক্‌খটিকাহস্তে দৃষ্টা তস্মান্বিষ এনামিতি। জটিলয়া সহ অস্যাঃ সম্বাদস্তদা নাভূদিতি গম্যতে ॥৩৩

সখি প্রচ্ছন্না ভব প্রচ্ছন্না ভব।

কৃষ্ণ। সখে! শঙ্কা করিও না, এ যথার্থই বালিকা।

সারঙ্গী। (প্রবেশ করিয়া) অহে কৃষ্ণ! শ্রবণ কর, বৃদ্ধা মুখরা বলিয়াছেন ॥ ৩২ ॥

কেন আমার নপ্‌ত্রীকে অলীক দোষারোপণ করিলা, তোমার বংশী কক্‌খটীর হস্তে দেখিয়াছি অতএব আপনার বংশী গিয়া অন্বেষণ কর ॥

কৃষ্ণ। সারঙ্গিকে! মুখরাকে গিয়া জানাও যে, আমি মুরলী পাইয়াছি ॥ ৩৩ ॥

(বেশ গৃহে)

সখি! প্রচ্ছন্না হও, প্রচ্ছন্না হও ॥

সারঙ্গী। নেপথ্যাভিমুখমবলোক্য সের্ষ্যং। হলা রাহিএ চেচ্চবুক্‌খস্‌স তলে তুমং আআরেদি মে ভাদুও তা তত্থ কিত্তি ণ গদাসি॥

নেপথ্যে।

হদাসে সাহা সারঙ্গমুহি সারঙ্গিএ তুমং বি দুদিআ জডিলা সংবুত্তা তা বুড্‌ঢ সদ্দূলস্‌স তুণ্ডকোডরে পডেহি॥

সারঙ্গী। সামর্ষং। ললিদে ওল্লট্টিঅ মং তজ্জেব্ব তুমং

সারঙ্গী। রাহিএ রাধিকে বালক স্বভাবোক্তিরিয়ং চৈত্য বৃক্ষস্য তলে ত্বাং আকারয়তি মম ভ্রাতা অভিমন্যুরিত্যর্থঃ। তত্তত্র কিমিতি ন গতাসি। হতাশে শাখা সারঙ্গ বানরস্তস্য মুখমিব মুখং যস্যা হে তথা ভূতে সারঙ্গিকে ত্বমপি দ্বিতীয়া জটিলা সংবৃত্তা তদ্বৃদ্ধ শার্দ্দূলস্য তুণ্ড কোটরে পত।

সারঙ্গী। ললিতে উল্লাট্যিত্ব ইতি অপরাধং কৃতবতী ত্বং তদপি মাং

সারঙ্গী। (বেশ গৃহের দিকে দৃষ্টিপাত করিয়া ঈর্ষার সহিত) হালো রাধে! আমার ভ্রাতা অভিমন্যু চৈত্য বৃক্ষের মূলে তোমাকে অন্বেষণ করিয়াছেন, কি জন্যে তুমি সেখানে যাও নাই॥

(বেশ গৃহে)

হতভাগি বানর মুখি সারঙ্গিকে! তুই যে দ্বিতীয় জটিলা হইলি, বৃদ্ধ ব্যাঘ্রের মুখে গিয়া পড়॥

সারঙ্গী। (সক্রোধে) ললিতে! তুমি যে আমাকে উল্টা তর্জ্জন করিতেছ, অতএব থাক আমি গিয়া মাসী জটি-

তজ্জসি তা অহং গতুঅ মাউসিআএ জড়িলাএ বিণ্ণবিস্‌সং । ইতি নিষ্ক্রান্তা ॥

মধুমঙ্গলঃ। সারঙ্গী জাদু ণাম বালিআপলাবে কস্‌স বীসম্ভো: ॥

নেপথ্যে ॥

সহি রাধে মুঞ্চ মুঞ্চ ।

মধুমঙ্গলঃ । ভো সুণাহি সংক্কিএণ কিং ভণাদি ললিদা ॥

পুনর্নেপথ্যে ।

কিং তস্করীং যুবতিমানধনস্য বংশী
মঙ্কে করোষি বিকির ত্বরয়া বিদূরে ।
এষা প্রযাতু বনিতাম্বর তস্করায়

তর্জ্জয়ীত্যর্থঃ । তদহং গত্বা মাতৃসস্রে জটিলায়ৈ বিজ্ঞাপয়িষ্যামি ।

মধু । যাতু নাম সম্ভাবনায়াং বালিকা প্রলাপে কস্য বিস্রম্ভঃ বিশ্বাসঃ । শৃণু সংস্কৃতেন কিং ভণতি ললিতা । বিকির ক্ষিপ ॥ ৩৩ ।

লাকে বলিয়া দিচ্ছি । (এই বলিয়া প্রস্থান)

মধুমঙ্গল । যাউক, বালিকার প্রলাপে কাহার বিশ্বাস হইবে।

(নেপথ্যে)

সখি রাধে ! ত্যাগ কর, ত্যাগ কর ।

মধুমঙ্গল । অহে ! শ্রবণ কর, ললিতা সংস্কৃত ভাষায় কি বলিতেছে ॥

যুবতিগণের মানধন অপহরণকারিণী বংশীকে ক্রোড়ে করিতেছ কেন ! শীঘ্র দূরে নিক্ষেপ কর। এ স্ত্রীগণের বস্ত্রচোরের নিকট গমন করুক, যোগ্য বস্তু যোগ্য বস্তুর সহিত সঙ্গত হউক গ্যা ॥

যোগ্যেন সঙ্গমিহ গচ্ছতু বস্তু যোগ্যং ॥

কৃষ্ণঃ। স্মিত্বা। সখে পশ্যেয়মঞ্চলাদ্বংশীং বলাদিবাকৃষ্য পুরস্তাচ্চিক্ষেপ। তদিমাং গৃহাণ ॥

মধুমঙ্গলঃ। তথা করোতি ॥ ৩৪ ॥

নেপথ্যে দূরতঃ। অম্মো সারঙ্গীএ অসচ্চং ণ ভণিদং।

কৃষ্ণঃ। সব্যথং। সখে পশ্য পুরো নিষ্ঠুরেয়মুপস্থিতা জরতী।

মধুমঙ্গলঃ। হন্ত সাঅণ কন্থ ভুঅঙ্গীব্ব কূরমুহী এসা রোসাবেসেণ জট্‌ঠিং খিপন্তী পুরুষং গজ্জই জডিলা ॥ ৩৫ ॥

অম্মো ইতি স্ত্রীণাং বিস্ময়োক্তিঃ সারঙ্গ্যা অসত্যং ন ভণিতং।

মধু। শ্রাবণ কৃষ্ণ ভুজঙ্গীব ক্রূরমুখী এষা রোষা বেশেন যষ্টীং ক্ষিপন্তী পরুষং গর্জ্জতি ॥ ৩৫ ॥

কৃষ্ণ। (ঈষৎ হাস্য করিয়া) সখে! ঐ দেখ অঞ্চল হইতে বল পূর্ব্বক বংশী আকর্ষণ করিয়া দূরে নিক্ষেপ করিল অতএব তুমি গিয়া কুড়াইয়া লইয়া আইস ॥

মধুমঙ্গল। তাহাই করিলেন ॥ ৩৪ ॥

(বেশ গৃহে)

ও মা! সারঙ্গী যে মিথ্যা কথা বলিল না।

কৃষ্ণ। (ব্যথার সহিত) সখে! দেখ দেখ, অগ্রে নিষ্ঠুরা জটিলা উপস্থিত।

মধুমঙ্গল। হায়! শ্রাবণ মাসীয় কৃষ্ণ ভুজঙ্গীর ন্যায় ক্রূরমুখী জটিলা রোষাবেশে যষ্টি নিক্ষেপ করিতে করিতে নিষ্ঠুর গর্জন করিতেছে ॥ ৩৫ ॥

নেপথ্যে ।

ভো দুক্কুলাঙ্গার ধুমলেহে পচ্চহং বঞ্চেসি দাণিং কা পউত্তী ।

মধুমঙ্গলঃ । হদ্ধী হদ্ধী কঅলীব্ব কম্পই রাহিআ ॥ ৩৬ ॥

নেপথ্যে । অজ্জে পসীদ পসীদ ণ কৃখু অম্হে অবরজ্ঝাম্হ ।

মধুমঙ্গলঃ । ভো বঅস্স পেক্খ রাহিঅং হত্থে ঘেত্তূণ ললিদাএ সমং পত্থিদা বুড্ঢি ।

কৃষ্ণঃ । সখেদং ন জানে কিমদ্য প্রতিপদ্যতে কঠোরেয়ং জটিলা তদুপসৃত্য তত্ত্বমবধার্য্যতাং ।

জটি । দুষ্কুলাঙ্গার ধুমলেখে প্রত্যহং বঞ্চসি ইদানীং কা প্রবৃত্তিঃ ।

মধু । হঃ ধিক্ হাধিক্ কদলীব কম্পতে রাধা ॥ ৩৬ ॥

আর্য্যে প্রসীদ প্রসীদ ন খলু বয়ং অপরাধ্যামঃ ।

মধু পশ্য রাধিকাং হস্তে গৃহীত্বা ললিতয়া সমং প্রস্থিতা বৃদ্ধা ।

(বেশ গৃহে)

রে দুষ্ট কুলাঙ্গার কলঙ্কিনি ! প্রত্যহই আমাকে বঞ্চনা কর, এখন এ কি প্রবৃত্তি ।

মধুমঙ্গল । হা ধিক্ হা ধিক্, শ্রীরাধা যে কদলী বৃক্ষের ন্যায় কাঁপিতে লাগিলেন ॥ ৩৬ ॥

(বেশ গৃহে)

আর্য্যে ! প্রসন্ন হউন, আমরা কোন অপরাধ করি নাই ॥

মধুমঙ্গল । অহে বয়স্য ! ঐ দেখ শ্রীরাধার হস্ত ধরিয়া ললিতার সহিত বৃদ্ধা জটিলা চলিয়া যাইতেছে ॥

কৃষ্ণ । (খেদের সহিত) সখে ! না জানি আজ কি হইবে, জটিলা অতি কঠোরা, অতএব নিকটে গিয়া বৃত্তান্ত জান॥

মধুমঙ্গলঃ। নিষ্ক্রান্তঃ।

কৃষ্ণঃ। নিশ্বস্য।

ব্যক্তিং গতে মম রহস্য বিনোদবৃত্তে
রুষ্টো লঘিষ্ট হৃদয় স্তরসাভিমন্যুঃ।
রাধাং নিরুধ্য সদনে বিনিগূহতে বা
হা হন্ত লম্ভয়তি বা যদুরাজধানীং॥ ৩৭॥

প্রবিশ্য মধুমঙ্গলঃ। পিঅবঅস্‌স অচ্চরিঅং অচ্চরিঅং পুণং

সদনে গৃহে নিরুদ্ধা বিনি গূহতে সংবৃণোতি। যদুরাজধানীং মথুরাং॥৩৭

মধুমঙ্গল। প্রস্থান করিলেন॥

কৃষ্ণ। (নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক) হায়! আমার রহস্য কেলি প্রকাশ পাইলে লঘু হৃদয় অভিমন্যু অতিশয় রুষ্ট হইয়া হয় ত শ্রীরাধাকে নিরোধ করিয়া গোপনভাবে গৃহে রাখিবে, না হয় যদুরাজধানী মধুপুরীতেই বা লইয়া যাইবে॥ ৩৭॥

যথা রাগ॥

হাহা রাধে তোমার লগিয়া। নিরবধি পোড়ে মোর হিয়া॥ ধ্রু॥ নাজানি কি জানি হয়ে আজ। বেকত বা হয় সব কাজ॥ তুয়া সঙ্গে মনোহর লীলা। গোকুলে বেকত ভৈগেলা॥ অভিমন্যু লখিব আশয়। বান্ধিয়া বা রাখে নিজালয়॥ কি বা তোমা লুকাইয়া রাখে। তবে আমি দেখিব কাহাকে॥ কিবা সে মুখরা লইঞা যায়। তবে আমি কি করি উপায়॥ এ যদুনন্দন দাস কহে। না ভাবিহ মঙ্গল আছয়ে॥ ৩৭॥

মধুমঙ্গল। (প্রবেশ করিয়া) প্রিয়বয়স্য! আশ্চর্য্য আশ্চর্য্য,

রাহিআ কম্পি বিজ্জাং জাণই।

কৃষ্ণঃ। কথ্যতাং কীদৃশী বিদ্যা দৃষ্টা।

মধুমঙ্গলঃ। ভো কুল বুড্ঢাহীরীমণ্ডলে ণিবিট্ঠাএ ভঅবদীএ অগ্গদো বিক্কোসন্তী জডিলা রাহিঅং ণীদা॥

কৃষ্ণঃ। ততস্ততঃ।

মধুমঙ্গলঃ। তদো দিট্ঠং মএ সিণেহেণ বিক্খোহিদাসু সব্বাসু সা রাহিআ ওগুণ্ঠণং উচ্চারিঅ হসন্তো সুবলো সম্বুত্তো।

কৃষ্ণঃ। স্মিত্বা ততস্ততঃ।

মধু প্রিয়বয়স্য আশ্চর্য্যং নূনং রাধিকা কামপি বিদ্যাং জানাতি। ভো কুল বৃদ্ধাভীরী মণ্ডলে নিবিষ্টায়াঃ ভগবত্যাঃ অগ্রতো বিক্রোশন্তী জটিলা রাধিকাং নীতা। ততো দৃষ্টং ময়া স্নেহেন বিক্ষুভিতাসু সর্ব্বাসু সা রাধিকা অবগুণ্ঠনং উৎক্ষিপ্য ত্যক্ত্বা হসন্ সুবলঃ সংবৃত্তঃ।

নিশ্চয় শ্রীরাধা কোন বিদ্যা জানেন॥

কৃষ্ণ। বল দেখি, কি বিদ্যা দেখিয়াছ॥

মধুমঙ্গল। কুলবৃদ্ধা-আভীরীমণ্ডলে ভগবতী পৌর্ণমাসী প্রবেশ করিলে তাঁহার সমীপে জটিলা তিরস্কার করিতে করিতে শ্রীরাধাকে লইয়া গেল॥

কৃষ্ণ। তাহার পর, তাহার পর।

মধুমঙ্গল। তাহার পর দেখিলাম, স্নেহ সহকারে সকলে ক্ষুভিত হইলে শ্রীরাধা অবগুণ্ঠন উদঘাটন করিয়া হাসিতে হাসিতে সুবল হইলেন॥

কৃষ্ণ। (হাস্য পূর্ব্বক) তাহার পর, তাহার পর।

মধুমঙ্গলঃ। তদো হাসকোলাহলে উবরদে রুট্‌ঠাহিং সব্বাহিং নিব্ভচ্ছিদা লজ্জাএ ণদমুহী জডিলা পলাইদা ॥৩৮

কৃষ্ণঃ। কথ্যতাং তয়োর্দ্বিতীয়া কথমভূৎ।

মধুমঙ্গলঃ। রাহিআএ কণ্ণে পডিদেণ কেণ বি মন্তেণ পডমং ভ্জেব্ব সা বুন্দাকিদা।

কৃষ্ণঃ। সখে ন রাধিকায়াঃ খল্বিয়ং বিদ্যা। কিন্তু তামভিমন্যুনা সমাহূতামবধার্য্য মদ্বিনোদায় বৃন্দয়া প্রণীতমিদং কৌতূহলং ॥

ততো হাস কোলাহলে উপরতে রুষ্টাভিঃ সর্ব্বাভির্নির্ভৎসিতা লজ্জয়াবনতমুখী জটিলা পলায়িতা ॥ ৩৮ ॥

রাধিকয়া কর্ণে পঠিতেন কেনাপি মন্ত্রেণ প্রথমমেব বৃন্দা কৃতা ॥

মধুমঙ্গল। তাহার পর হাস্য কোলাহল উপরত হইলে সকলেই ক্রোধভরে জটিলাকে তিরস্কার করিতে লাগিলেন, সুতরাং তখন সে লজ্জায় অবনত বদন হইয়া পলায়ন করিল ॥ ৩৮ ॥

কৃষ্ণ। বল দেখি ঐ দুইজনার মধ্যে দ্বিতীয়া ললিতার কি হইল ॥

মধুমঙ্গল। শ্রীরাধা তাঁহার কর্ণে কোন মন্ত্র পাঠ করিয়া অগ্রেই তাঁহাকে বৃন্দা করিয়াছিলেন ॥

কৃষ্ণ। সখে। নিশ্চয় বোধ হইতেছে, এ শ্রীরাধার বিদ্যা নয়, কিন্তু অভিমন্যু তাঁহাকে আহ্বান করিয়াছে মনে করিয়া আমার কৌতূহলের নিমিত্ত বৃন্দা এই কার্য্য করিয়াছেন ॥

মধুমঙ্গলঃ । সাট্টহাসং । ভো পিয়বয়স্স সচ্চং বিঅ কহেসি দিট্ঠং মএ পুণোবি বুন্দাএ ণিম্মিদো রাহাবেসো সুঅলো মুহরাঘরে পহিদো ॥ ৩৯ ॥

নেপথ্যে । দধানা মধ্যাহ্ন জ্বলদরুণকান্ত প্রতিময়া
বপুস্তুল্যং গণ্ডস্থল তুলিত কারণ্ডব রুচিঃ ।
কৃশাঙ্গীয়ং নিদ্রা পরিমল দরিদ্রাক্ষি কমলা
সখী রাধাং বাধা হরিবিরহখিন্না প্রথয়তি ॥

মধু ভো সত্যমিব কথয়সি দৃষ্টং ময়া পুনরপি বৃন্দয়া নির্ম্মিত রাধাবেশঃ সুবলঃ মুখরা গৃহে প্রবিশতি ॥ ৩৯ ॥

রাধা হরিবিরহ খিন্না সতী বাধাং পীড়াং প্রথয়তি । কথম্ভূতা মধ্যাহ্নে জ্বলন্তী যা অরুণ কান্ত প্রতিমা সূর্য্য কান্ত ময়ী প্রতিমা তয়া তুল্যং বপুর্দধানা গণ্ডস্থলে তুলিতা কারণ্ডবো বকভেদঃ ॥ ৪০ ॥

মধুমঙ্গল । (অতিশয় শব্দযুক্ত হাস্যের সহিত) বয়স্য ! সত্যই বলিয়াছ, আমি পুনরায় দেখিয়াছি, সুবল বৃন্দা নির্ম্মিত রাধাবেশ ধারণ করিয়া মুখরার গৃহে গিয়া প্রবেশ করিল ॥ ৩৯ ॥

(বেশ গৃহে)

কৃশাঙ্গী শ্রীরাধা হরিবিরহে খিন্না হইয়া মধ্যাহ্ন কালীন প্রজ্বলিত সূর্য্যকান্ত মণির ন্যায় অরুণ বর্ণ বপুঃ এবং কারণ্ডব পক্ষী তুল্য অর্থাৎ বকের ন্যায় পাণ্ডুবর্ণ গণ্ডস্থলের রুচি ধারণ করত নিদ্রা বেশে মুদ্রিত নয়নকমলে দুঃখাতিশয় বিস্তার করিতেছেন ॥

যথারাগ ॥

সখি হে মাধব বিরহে রাধিকা । তনু মন ক্ষীণ ভেল

কৃষ্ণঃ। সদৃষ্টিক্ষেপং। সখে দিষ্ট্যা করেণামুনা সমাশ্বাসি-
তোঽস্মি ॥ ৪০ ॥

মধুমঙ্গলঃ। ণূণং বুন্দা ভাসিদং অণুকরেদি কীরো।

কৃষ্ণঃ। সখে দ্রষ্টুমিচ্ছামি তাদৃশৌ বৃন্দা সুবলৌ তত্ত
স্তূর্য্যতাং।

মধুমঙ্গলঃ। বংশীং কৃষ্ণকরে নিক্ষিপ্য পরিক্রামতি।

কৃষ্ণঃ। সুবিচ্যুতাং বংশীমুপলব্ধোঽস্মি তদেনাং পূরয়ামীতি।

মধু। নূনং বৃন্দা ভাষিতমনুকরোতি কীরঃ।

ধিকা ॥ ধ্রু ॥ কাঁচা সোনা যাতে করে গিনি। সে বরণ
তুপর তরুণি ॥ যে গণ্ড যুগল শশী শোভা। সে যে হাসে
রতি মনো লোভা ॥ সহজেই কৃষ্ণ ধনী মাঝ। ভাঙ্গি
পড়ে হেন ভেল লাজ ॥ নয়ন কমল যুগ নিদ। পরিমলে
ভৈগেল দরিদ ॥ এ যদুনন্দন দাস কহে। কি বা
নাহি করয়ে বিরহে ॥

কৃষ্ণ। (দৃষ্টি নিক্ষেপের সহিত) সখে! কি সৌভাগ্যের
বিষয়, এই শুকপক্ষী আমাকে আশ্বাস প্রদান করিল ॥৪০

মধুমঙ্গল। নিশ্চয় শুক পক্ষী বৃন্দার বাক্যের অনুকরণ
করিতেছে ॥

কৃষ্ণ। সখে! আমি সেই রূপ বৃন্দা ও সুবলকে দেখিতে
ইচ্ছা করি অতএব তুমি ত্বরান্বিত হও ॥

মধুমঙ্গল। কৃষ্ণকরে বংশী সমর্পণ করিয়া প্রত্যাবর্তন
করিলেন ॥

কৃষ্ণ। বহু দিন হস্তচ্যুত বংশীকে পুনরায় আজ লাভ করি-

তথা করোতি ॥

মধুমঙ্গলঃ । ক্ষণমুৎকর্ণো ভবন্ সংস্কৃতেন ।

মনোহারী কোঽপি প্রতিমুখ বিসারী মৃদুতয়া
বিরাবোঽয়ং বর্য্যাং শ্রবণপরিচর্য্যাং রচয়তি ।
ততো কর্ণোত্তংশী কৃত চটুলবংশী কলরুতি
র্নিরাতঙ্কা শঙ্কে মিলতি কলবিঙ্কাবলিরিতঃ ॥ ৪১ ॥

পুনর্বিলোক্য হীহী সদ্দ সাধম্মেণ পদারিদোহ্মি জং কঙ্কণ

প্রতিমুখং সর্ব্বাসু দিক্ষু বিসর্ত্তুং বিশেষেণ গন্তুং শীলমস্য তথা ভূতো বিরাবঃ শ্রবণয়োঃ সৌখ্যং করোতি । অতএব হেতোঃ কলবিঙ্কাবলিঃ চটক সমূহঃ ইতো মীলতীতি শঙ্কে । কর্ণোত্তংসী কৃতা চটুলা বংশীরুতি র্যয়া তথাভূতা সতী ॥ ৪১ ॥

হীহী আশ্চর্য্যে শব্দ সাধর্ম্মেণ প্রতারিতোঽস্মি । যৎ কঙ্কণ সিঞ্জিতং খল্বিদং ॥

লাম, তবে ইহাকে একবার বাদ্য করি, এই বলিয়া বাজাইতে লাগিলেন ॥

মধুমঙ্গল । (ক্ষণকাল ঊর্দ্ধদিকে কর্ণকরিয়া সংস্কৃত ভাষায়) সকল দিকে গমনশীল মনোহর এই মৃদুরব অতিশয় রূপে কর্ণ রসায়ন করিতেছে এই কারণে বোধ হয় চটক সকল কর্ণ উত্তোলন পূর্ব্বক মনোহর বংশীরব শ্রবণে আসিয়া মিলিত হইতেছে ॥ ৪১ ॥

(পুনরায় অবলোকন করিয়া) কি আশ্চর্য্য কি আশ্চর্য্য ! শব্দ সাধর্ম্ম্যে প্রতারিত হইলাম, এ যে নিশ্চয় কঙ্কনের

সিঞ্চিদং কৃখু এদং।

ততঃ প্রবিশতি ললিতয়ানুগম্যমানা রাধা।

রাধাঃ। অমিঅং পিঅসি সুমহুরং বমসি
রুঅং বিস্সমোহণং বিসমং।
তুজ্ঝ ণ দূষণমথবা মুরলি
জদো দারুণাসি কিদা॥

রাধা। অমৃতং পিবসি মধুরং বমসি রুতং বিশ্বমোহনং বিষমং। তব ন দূষণ মথবা মুরলী যতো দারুণাসি কৃতা দারুণা কৃপাহীনা পক্ষে দারুণা কাষ্ঠেন কৃতা।

শব্দ॥

(অনন্তর ললিতার সহিত শ্রীরাধার প্রবেশ)

শ্রীরাধা। অহে মুরলি! তুমি যে সুমধুর অমৃত পান করিয়া বিশ্ববিমোহন বিষম শব্দে উদ্গার কর, ইহাতে তোমার কোন দোষ নাই, যে হেতু কঠিন কাষ্ঠ দ্বারা তোমার নির্ম্মাণ হইয়াছে॥

যথারাগ॥

শুন্ তোরে কি বলিব বাঁশী। সতীকুল সকল বিনাশি॥
পিঞা পিঞা মাতাইয়া যশ। অবলারে করসি অবশ॥
বমন করসি যবে তারে। জগৎ মোহসি মৃদুস্বরে॥
অথবা কি তুমি অতি দুখী। বাশিনী বাঁসের যাতে বাঁশী॥
দারুতে গঢ়ল তুয়া দেহ। কেবল দারুণময় গেহ॥
এ যদুনন্দন দাস ভণে। কি করে সে সুকঠিন মনে॥

ললিতা। হলা পুরদো পুন্নাঅস্‌স মূলে কহ্নো রেহই।

মধুমঙ্গলঃ। বিলোক্য সহর্ষং। দূরে মগগণিজ্জো অত্থো কহং সঅং জ্জেব্ব হথে উবত্থিদো ইতি পরাবৃত্য পিঅবঅস্‌স পেক্‌খ বুন্দাএ সদ্ধং সুঅলো তুজ্‌ঝ সণ্ণিহিং লদ্ধো॥ ৪২॥

কৃষ্ণঃ। সস্নেহমালোক্য হন্ত প্রিয়ে সখ্যৌ প্রবিষ্টা মে দৃষ্টিঃ প্রকামমামোদতে ইতি পরিক্রম্য ভোঃ সখীনাং শিখামণে তরসা সন্নিধীয়তাং।

ললিতা। সখি পুরতঃ পুন্নাগস্য মূলে কৃষ্ণো রাজতে।

মধু। দূরে মার্গনীয়োঽর্থঃ কথং স্বয়মেবোপস্থিতঃ। প্রিয়বয়স্য পশ্য বৃন্দয়া সার্দ্ধং সুবল স্তব সন্নিধিং লব্ধঃ॥ ৪২॥

প্রিয়ে সখ্যৌ সুবলে প্রবৃষ্টা দৃষ্টিঃ যস্য তস্য প্রিয়ে সখ্যৌ পূর্ব্বং প্রবিষ্টা যা দৃষ্টিঃ ইদানীমামোদতে। সখীনাং শিখামণে ইত্যুভয়পাপি সারূপ্যং

ললিতা। সখি! অগ্রবর্ত্তি পুন্নাগ বৃক্ষমূলে কৃষ্ণ বিরাজ করিতেছেন॥

মধুমঙ্গল। (অবলোকন করিয়া সহর্ষে) এ কি দূরে অন্বেষণীয় বস্তু যে স্বয়ং আসিয়া উপস্থিত হইল। (এই বলিয়া প্রত্যাবর্ত্তন করত) প্রিয়বয়স্য! দেখ বৃন্দার সহিত সুবল তোমার নিকট আসিয়া উপস্থিত হইয়াছে॥ ৪২॥

কৃষ্ণ। (সস্নেহ অবলোকন করিয়া) কি আশ্চর্য্য! প্রিয় সখা সুবলের প্রতি আমার দৃষ্টি প্রবিষ্ট হইয়া পরম সুখানুভব করিতেছে। (এই বলিয়া প্রদক্ষিণ পূর্ব্বক) অহে সখীসকলের শিখামণি! শীঘ্র নিকটে আইস॥

রাধি। সশ্মিত মপবার্য্য হলা মং কুখু সুঅলং জ্জেব্ব জাণাদি দে বঅস্‌সো॥

কৃষ্ণঃ। সখে মধুমঙ্গল পশ্য সন্নিধানকস্য কিমপি সৌষ্ঠবং যদসৌ সাক্ষাদগ্রতো রাধিকেব সবয়স্যো প্রতিভাতি॥

ললিতা। হলা রাহে অপরিফুল্লো এসো সুরবল্লহো॥ ৪৩॥

মধুমঙ্গলঃ। সের্ষং ঠগ্‌গিণি বুন্দে অজ্জবি কিত্তি অহ্মাণং পুরদো রাহি ত্তি ভণাসি সুঅল ত্তি উজ্জুঅং কহেসি॥

কৃষ্ণঃ। সখে মা খলেবং ব্রবীঃ প্রকামং রাধাভিধানং

সংবিধানকস্য শিল্পস্য। সুরবল্লভঃ পুন্নাগঃ পক্ষে ভঙ্গ্যা কৃষ্ণশ্চ॥ ৪৩॥

মধু ঠগ্‌গিনি ধূর্ত্তে বৃন্দে অদ্যাপি কিমিতি অস্মাকং পুরতঃ রাধা রাধেতি ভণাসে সুবলমিতি ঋজুং কথয়। ধিনোতি প্রীণয়তি। আমন্ত্রয়িষে সম্বো-

শ্রীরাধা। (সহাস্যে হস্তাবরণ দিয়া) সখি ললিতে! তোমার সখা আমাকে সুবল বলিয়া বিবেচনা করিয়াছেন॥

কৃষ্ণ। সখে মধুমঙ্গল! অবলোকন কর, শিল্পের কি আশ্চর্য্য সৌষ্ঠব, যে হেতু আমার অগ্রে এই সুবল সাক্ষাৎ সবয়স্যা রাধার ন্যায় প্রকাশ পাইতেছে॥

ললিতা। সখি রাধে! এই সুরবল্লভ অর্থাৎ পুন্নাগ প্রফুল্ল হয় নাই॥ ৪৩॥

মধুমঙ্গল। ঠগ্‌গিনি বৃন্দে! এখনও আমাদের অগ্রে রাধা এই কথা বলিতেছ, সুবল এই সরল কথা বলিতেছ না কেন?॥

কৃষ্ণ। সখে! তুমি এরূপ বলিও না, আমাকে রাধা নাম

ধিনোত্তি মাং তদনেনাহমপ্যামন্ত্রয়িষ্য ইতি সন্নিধায় সখি রাধে পরিষ্বজস্ব মাং ক্ষণমহং তদেব প্রিয়াভিমর্ষ সৌখ্যমনুভাবামি।

ললিতা। রাধাং পৃষ্ঠতঃ কৃত্বা ণাঅর তত্থ গদুঅ সুঅলং জ্জেব আলিঙ্গেহি অলং ইমিণা দন্ত মুদ্দা পওএণ ॥

মধুমঙ্গলঃ। সরোষং। বুন্দে তুমং পইদীএ বি ণূণং ললিদা সম্বুত্তা জং পজ্জুস্সুঅং পিঅবঅস্স্ সং বারেসি।

প্রবিশ্য বৃন্দা। সখি রাধে ত্বদ্ভুজ বল্লরী স্পর্শ কামুকোহয়ং

ধয়িষ্যামি।

ললি। নাগর তত্র গত্বা সুবলমেবালিঙ্গয়ঃ। অলমনেন দন্তমুদ্রা প্রক্ষেপেণ।

মধু। বৃন্দে ত্বং প্রকৃত্যাপি নূনং ললিতা সংবৃত্তা। যৎ পর্য্যুৎসুকং প্রিয়বয়স্যং বারয়সি। কুরু আনন্দয়চ ॥ ৪৪ ॥

অনেক রূপে প্রীতি প্রদান করিতেছে অতএব রাধা নামেই আমি সম্বোধন করিব। (এই বলিয়া নিকটে গিয়া) সখি রাধে! আমাকে আলিঙ্গন কর, ক্ষণকাল আমি সেই প্রিয়ালিঙ্গন জনিত সুখ অনুভব করি ॥

ললিতা। (শ্রীরাধাকে পৃষ্ঠদেশে করিয়া) নাগর! সেই খানে গিয়া সুবলকেই আলিঙ্গন কর, এখানে দন্তমুদ্রা প্রয়োগের প্রয়োজন নাই ॥

মধুমঙ্গল। (ক্রোধের সহিত) বৃন্দে! তুমি যে যথার্থই ললিতার মত হইলা, যে হেতু উৎকণ্ঠিত প্রিয়বয়স্যকে নিবারণ করিতেছ? ॥

বৃন্দা। (প্রবেশ করিয়া) সখি রাধে অগ্রবর্ত্তী এই পুন্নাগ

পুরস্তাৎ পুন্নাগঃ তদেনং দোহদ দানেনোৎফুল্লয় ॥ ৪৪ ॥

মধুমঙ্গলঃ। সবিস্ময়ং। বয়স্স দিট্‌ঠং বুন্দাএ ইন্দজালং। ইতি সকৌতুকমবেক্ষ্য। ইন্দজালিণি বুন্দে ঘণাইদী বি ধুমলেহা বিঅড্‌ঢ সারঙ্গং কড্‌ঢিদুং ণারিহদি ॥

বৃন্দা। আর্য্য তড়িদ্দাম কণ্ঠীয়ং কাদম্বিনী প্রতীয়তাং।

মধু বয়স্য দৃষ্টং বৃন্দয়া ইন্দ্রজালং। ইন্দ্রজালিনি বৃন্দে ঘনাকৃতিরপি ধুমলেখা বিদগ্ধ সারঙ্গং আকৃষ্টং নার্হতি। সারঙ্গশ্চাতকঃ। কাদম্বিনী মেঘ মালা। তেন তং আকৃষ্টং যোগ্যৈবেয়ং ইত্যর্থঃ। নায়ং সুবলঃ সত্যৈব রাধেতি ভাবঃ।

তোমার ভুজ লতা স্পর্শ কামনা করিতেছে অতএব দোহদ অর্থাৎ পুষ্পোৎপত্তির নিমিত্ত ঔষধ বিশেষ দ্বারা ইহাকে প্রফুল্লিত কর ॥

পক্ষান্তরে। সখি রাধে! অগ্রবর্ত্তি এই পুরুষ শ্রেষ্ঠ কৃষ্ণ তোমার ভুজলতা স্পর্শ কামনা করিতেছেন অতএব অভীষ্ট দান দ্বারা ইহাকে আনন্দিত কর ॥ ৪৪ ॥

মধুমঙ্গল। (বিস্ময়ের সহিত) বয়স্য! বৃন্দার ইন্দ্রজাল দেখিলা (এই বলিয়া সকৌতুকে দৃষ্টিপাত করত) ইন্দ্র জালিনি বৃন্দে! তুমি ধূম রাশিতে মেঘ প্রতীতি করাইয়া বিদগ্ধ চাতককে আকর্ষন করিতে পারিবা না ॥

বৃন্দা। আর্য্য! এই মেঘমালার কণ্ঠে বিদ্যুৎমালা আছে নিশ্চয় জানিও, অতএব অবশ্য আকর্ষণ করিতে শক্তি আছে অর্থাৎ এ সুবল নয়, সত্যই রাধা, তড়িদ্দাম কণ্ঠী

কৃষ্ণঃ। নিভাল্য সবিস্ময়ং। কথং সত্যমেবানয়া রঙ্গণ মালিকয়া ভুস্ত্যক্ত কণ্ঠীয়ং প্রিয়া মে বার্ষভানবী।

মধুমঙ্গলঃ। অই বুন্দে দেই পসীদ পসীদ মা কৃখু বুদ্ধিং মোহেহি জং রাহা চেচ্চ বুকৃখতলে পথিদা।

বৃন্দা। আর্য্য রঙ্গণ মালিকা স্পর্শানভিজ্ঞ কণ্ঠী কৃত্রিমৈব রাধিকা বিশাখয়া সার্দ্ধং তত্র গতা॥ ৪৫॥

তড়িদ্দাম কণ্ঠীত্বাসাধারণ লক্ষণেন কৃষ্ণঃ পরিচিনোতি সত্যমিতি কৃত্রিমৈব রাধা সুবলঃ॥

মধু অয়ি বৃন্দে দেবি প্রসীদ প্রসীদ মা খলু বুদ্ধিং মোহয়। যৎ রাধা চৈত্য বৃক্ষতলে প্রস্থিতা। কৃত্রিমৈব রাধা সুবলঃ অতএব তদ্রোক্তং পুণো বৃন্দএ পিম্মিদ রাকাবেসো সুজণো মূতরাঘরে পহিদ ইতি॥ ৪৫।

এই অসাধারণ লক্ষণ দ্বারা কৃষ্ণই ইহাঁর সত্যত্ব পরিচয় পাইবেন॥

কৃষ্ণ। (অবলোকন করিয়া বিস্ময়ের সহিত) সত্যই যে এই রঙ্গণ মালিকা দ্বারা কণ্ঠ বিভূষিত করিয়া বৃষভানু তনয়া প্রিয়তমা আসিলেন না কি?।

মধুমঙ্গল। অয়ি দেবি বৃন্দে! প্রসন্ন হও, প্রসন্ন হও, আর বুদ্ধি বিমোহিত করিও না, শ্রীরাধা ত চৈত্য বৃক্ষতলে প্রস্থান করিয়াছেন॥

বৃন্দা। আর্য্য! যাহার কণ্ঠে রঙ্গণ মালা স্পর্শ হয় নাই সেই কৃত্রিম রাধা, বিশাখার সহিত চৈত্য বৃক্ষমূলে গমন করিয়াছে, বস্তুত ইনিই যথার্থ রাধা॥ ৪৫॥

কৃষ্ণঃ। রাধামবলোক্য।

তবানুকারাৎ সুবলং দিদৃক্ষুণা
ময়া ত্বমাপ্তা পরতঃ সুদুর্লভা।
সা দৃশ্যতঃ কাচমিবাভিলষ্যতা
প্রেমাগ্র ভূমি র্বণিজা হরিণ্মণিঃ॥ ৪৬॥

রাধিকা। চিট্ঠ চিট্ঠ বিণ্ণাদোঽসি।

ললিতা। জলই সহী মহ রাহী মন্দা জং হোই নীলিনী রাআ।

অনুকারাৎ সাদৃশ্যাদ্ধেতোঃ। হরিণ্মণি মরকতঃ॥ ৪৬॥

রাধা তিষ্ঠ তিষ্ঠ বিজ্ঞাতোঽসি॥

ললি জ্বলতি সখী মম রাধা মন্দা যদ্ভবতি নিলীনী রাগা।

কৃষ্ণ। (শ্রীরাধাকে অবলোকন করিয়া) প্রিয়ে! যেমন কাচাভিলাষী বণিক্ কাচ অন্বেষণ করিতে করিতে সম্মুখস্থ ভূমিতে সাদৃশ্য বশতঃ মরকত মণি লাভ করে, তদ্রূপ আমিও ত্বৎ সদৃশ বেশধারি সুবলকে দেখিতে ইচ্ছা করিয়া প্রেমময় ভূমি সুদুর্লভা তোমাকে প্রাপ্ত হইলাম॥ ৪৬॥

শ্রীরাধা। থাক থাক, জানা গিয়াছে॥

ললিতা। কৃষ্ণ! আমার প্রিয়সখী নীলীরাগময়ী * বলিয়া অতিশয় মন্দভাগিনী সুতরাং নিরন্তর দগ্ধ হইতেছেন কিন্তু

* নীল দ্রব্য ঘর্ষণে যে বর্ণ উৎপন্ন হয় তাহার নাম নীলী: যেমন নীলরঞ্জিত বস্ত্রকে সহস্রবার প্রক্ষালন করিলেও তাহার নীলিমার হ্রাস হয় না প্রত্যুত শোভাতিশয় বিস্তার করে, তদ্রূপ রাগকে নীলীরাগ বলে॥

কহ্নং তুমং ণন্দসি জং ধণ্ণো হালিদ্দ রাওসি ॥ ৪৭ ॥

কৃষ্ণঃ। রোহিণ্যাধর শোভয়া বিহরয়ে জ্যেষ্ঠাসি বামভ্রুবাং বাণ্যা রাজসি চিত্রয়া পরিজনেম্বার্দ্রাং ধিয়ং যচ্ছসি। রাধে ত্বং শ্রবণোত্তরেতি পরিতস্তারোদয়োল্লাসিনী

কৃষ্ণ ত্বং নন্দসি যৎ ধন্যো হারিদ্র রাগোঽসি। হরিদ্র রাগস্য গ্রহণে ত্যাগেচ সুকরত্বাৎ তব রাধা বিষয়ে দুঃখং নোৎপদ্যতে নীলীরাগস্য ত্যাগে দুঃশকত্বাৎ। ত্বদ্বিষয়ে দুঃখমেব প্রাপ্নোতি মে সখীতি ভাবঃ ॥ ৪৭ ॥

অধর শোভয়া ত্বং রোহিণী লোহিত বর্ণা পক্ষে শব্দ শ্লেষেণ রোহিণী নক্ষত্রং। জ্যেষ্ঠা শ্রেষ্ঠা পক্ষে তন্নাম নক্ষত্রং। চিত্রয়া মনোহরয়া বাণ্যা রাজসি পক্ষে পূর্ব্ববৎ। আর্দ্রাং সুখদাং। শ্রবণাভ্যাং কর্ণাভ্যাং উত্তরা

কৃষ্ণ! তুমি হারিদ্র রাগ প্রযুক্ত সর্ব্বদা আনন্দানুভব করিতেছ অতএব তুমি ধন্য, অর্থাৎ হরিদ্রোময় রাগ গ্রহণ এবং ত্যাগ অনায়াস সাধ্য বলিয়া তোমার রাধা বিষয়ে কোন দুঃখ উৎপন্ন হয় না, কিন্তু নীলীরাগের ত্যাগ দুষ্কর প্রযুক্ত আমার প্রিয়সখী তোমার বিষয়ে নিরন্তর দুঃখানুভবই করিয়া থাকেন ॥ ৪৭ ॥

কৃষ্ণ। রাধে! তুমি লোহিত বর্ণ অধর শোভায় সুশোভিত হইতেছ বলিয়া সুন্দরী গণের মধ্যে শ্রেষ্ঠ হইয়াছ, বিচিত্র বাক্যে বিরাজিত হইতেছে বলিয়া পরিজন বর্গ সকলে

---

* যে অতিশয় শোভা প্রকাশ করে না অথচ শীঘ্র বিনষ্ট হয় তাহাকে হারিদ্র রাগ বলে। যেমন হরিদ্রা রঞ্জিত বস্ত্র অতিশয় শোভিত হয় না, অথচ শীঘ্র বিনষ্ট হয় তদ্রূপ।

নাশ্লেষার্পণ দীক্ষিতে ময়ি কথং দাক্ষিণ্যমাতিষ্ঠসি ॥

বৃন্দা। মুধা মানোল্লাসাদ্দ্বপয়সি কিমঙ্গানি কঠিনে
রুষং ধৎসে কিম্বা প্রিয়পরিজনাভ্যর্থন বিধৌ।
প্রকামং তে কুঞ্জালয় গৃহপতিস্তাম্যতি পুরঃ
কৃপালক্ষ্মীবন্তং চটুলয় দৃগন্তং ক্ষণমিহ ॥

শ্রেষ্ঠা। পক্ষে শ্রবণা চাসৌ উত্তরা চেতি সা। তারাণাং মুক্তানাং নক্ষত্রাণাং চ উদয়ে উল্লাসিনী ইতি শঙ্ক হেতৌ অতএব অশ্লেষা নক্ষত্রং তস্যা অর্পণে পক্ষে আশ্লেষ আলিঙ্গনং দাক্ষিণ্যং আনুকূল্যং। ইহ কৃষ্ণে দৃগন্তং কটাক্ষং চটুলয় কীদৃশং দৃগন্তং কৃপালক্ষ্মীবন্তং ॥ ৪৮ ॥

সুখদ বুদ্ধি সমর্পণ করিয়া থাক, তোমার সদৃশ কর্ণদ্বয় কাহারও নাই, তুমি মুক্তামালাতেই উল্লাস প্রকাশ করিতেছ, তবে কেন আমাতে আলিঙ্গন বিষয়ে আনুকূল্য অবলম্বন করিতেছ না ? ॥

বৃন্দা। হে কঠিনে! বৃথা মান ভরে অঙ্গ সকলকে ক্লেশ দিতেছ কেন? কেনই বা প্রিয়পরিবারবর্গের প্রার্থনা বিষয়ে ক্রোধ ধারণ করিতেছ, এই দেখ তোমার অগ্রবর্ত্তি কুঞ্জালয়ের গ্রহপতি যথেষ্টরূপে ক্লিষ্ট হইতেছেন, অতএব ক্ষণকালের নিমিত্ত ইহাঁর প্রতি কৃপা শোভাশালি নয়নাঞ্চল নিক্ষেপ কর ॥

যথারাগ ॥

পরিজন সুধাময় বাণী। না শুনসি কানে অগেআনি ॥
রাতাওসি কাহে অতিরোষ। না শুনসি হরি গুণ দোষ ॥

কৃষ্ণঃ। নিষ্ঠুরা ভব মুগ্ধা বা প্রাণাস্ত্বমাসি রাধিকে।
অস্তি নান্যা চকোরস্য চন্দ্রলেখাং বিনা গতিঃ॥ ৪৮॥
রাধিকা। সচ্চং মায়িণং বি তুমং বিমোহণোসি।
ইতি সশব্দং ক্রন্দতি॥
ললিতা। সংস্কৃতেন।
ধারা বাষ্পময়ী নযাতি বিরতিং লোকস্য নির্মিৎসতঃ
প্রেমাস্মিন্নিতি নন্দনন্দন রতং লোভাত্মনো মাকৃথাঃ।
ইত্থং ভূরি নিবারিতাপি তরলে মদ্বাচি সাচীকৃত

রাধি সত্যাং মায়ি নামপি ত্বং বিমোহনোঽসি।

মিছাই মান দহ নাই। কাহে তনু সুতাপসি তাই॥
তোহে লাগি সুতাপিত কান। অতএ তেজহ তুয়া মান॥
হৃদয়ে করুণা উপজাই। দিঠি কোণে নিরখি কানাই॥
অতি কাতর রসরাজ। এ যদু নন্দন কহে কায॥
কৃষ্ণ। রাধে! কঠোরা হও বা মুগ্ধাই হও কিন্তু তুমিই আমার প্রাণ, যেমন চন্দ্রলেখা ব্যতিরেকে চকোরের অন্য গতি নাই, তদ্রূপ তোমা ভিন্ন আমার জীবনে অন্য উপায় নাই॥
শ্রীরাধা। সত্যই তুমি মায়াবিদিগের বিমোহন কারি (এই বলিয়া উচ্চ স্বরে রোদন করিতে লাগিলেন)॥
ললিতা। সংস্কৃত ভাষায়) সুন্দরি! তোমাকে বলিয়াছিলাম যে ব্যক্তি নন্দনন্দন নিষ্ঠ প্রেম নির্ম্মাণ করিতে ইচ্ছা করে, তাহার কখন অশ্রু ধারার বিরাম হয় না, অতএব তুমি লোভ বশতঃ ঐ প্রেমে মন সংযোগ করিও না, হে তরলে

ভ্রূবন্ধো নহি গৌরবং স্বমকরোঃ কিং নাদ্য রোদিষ্যসি ॥

কৃষ্ণঃ। করারবিন্দেন রাধিকাশ্রু বিন্দূনপসারয়তি।

রাধিকা। মুদ্ধ জণে বি বঙ্কং ববহরস্তো কীস ণ লজ্জসি।

কৃষ্ণঃ। স্মরক্রীড়া লুব্ধঃ পশুপরমণীষু স্ফুটমহং
তথাপ্যক্ষোর্বর্ত্তি ত্বমসি মম দিব্যাঞ্জনময়ী।

মুগ্ধ জনেপি বক্রং ব্যবহরন্ কস্মাৎ ন লজ্জসে। তথাদ্যা নিদাঘাদ্যা ঋতু লক্ষ্মী স্বস্বত্বদ্ভব পুষ্পাদীনি ভৃঙ্গঃ কিং ন ভজতি তদপি মধু শ্রীঃ বসন্ত শ্রীঃ রসো-

---

এই প্রকার বারম্বার নিবারণ করিলেও তুমি আমার বাক্যে ভ্রূদ্বয় বক্র করিয়াছিলে, আদর প্রকাশ কর নাই, তবে কেন আজ রোদন না করিবা ॥

যথারাগ ॥

হরি সঙ্গে যে করে পীরিতি। দিঠি জল না হয়ে বিরতি।
ইথে নাহি তাহে পুনঃ পুনঃ। নিষেধ করলু হাম তুন ॥
ব্রজপতি নন্দনের সাথ। পিরিতি জানিয়ে উপজাত ॥
এই সেই প্রেম তরুবরে। সেচয়ে আপন দিঠি জলে ॥
এ যদুনন্দন দাস কহে। পিরিতি হইতে কিবা নহে ॥

কৃষ্ণ। শ্রীরাধার অশ্রু বিন্দুসকল মার্জন করিতে লাগিলেন।

শ্রীরাধা। মুগ্ধজনে বক্র ব্যবহার করিতে কি লজ্জা বোধ করিতেছ না।।

কৃষ্ণ। প্রিয়ে! যদিচ আমি স্পষ্টরূপে গোপরমণী সকলে কন্দর্পকেলি লুব্ধ হইয়াছি সত্য, তথাপি তুমি আমার এই নেত্রদ্বয়ের দিব্যাঞ্জন স্বরূপ, দেখ গ্রীষ্ম প্রভৃতি ঋতু জনিত

তপাদ্যাঃ কিং ভৃঙ্গঃ পৃথুলমৃতুলক্ষ্মী র্নভজতে
রসোল্লাসাদেনং তদপিহি মধুশ্রী র্মদয়তি ॥

বৃন্দা। সখি যথার্থং বক্তি বনমালী।

কৃষ্ণঃ। প্রিয়ে ত্বয়া সহচর্য্যা বনবিহারচর্য্যামঙ্গীকর্ত্তু মিচ্ছামি।

বৃন্দা। তেনাহং সখীবৃন্দমববোধয়ামীতি পরিতঃ পশ্যন্তী।

স্মিতং বিতনু মাধবি প্রথয় মল্লিহাসোদ্গমং
মুদা বিকস পাটলে পুরট যূথি নিদ্রাং ত্যজ।
প্রসীদ শতপত্রিকে ভজ লবঙ্গবল্লি শ্রিয়ং
দধার সহ রাধয়া হরিরয়ং বিহার স্পৃহাং ॥

ল্লাসাদ্ধেতোরেনং ভ্রমরং মদয়তি অন্য ঋতু শোভাসেবিত্বপি ভ্রমরে সর্ব্বতঃ পরমোৎকৃষ্টাপি বসন্তশ্রী র্মোদাক্তে প্রত্যুত আনন্দয়ত্যেব যথা ত্বমপি তথাভূতা ভবেতি ভাবঃ। পাটলা পাডব ইতি খ্যাতা শতপত্রিকে যূতীতি খ্যাতা।

পুষ্প সকলে মধুকর কি রমণ করে না তথাপি বসন্ত শ্রী রসাতিশয় প্রযুক্ত ঐ ভ্রমরকে আমোদিত করিয়া থাকে ॥

বৃন্দা। সখি! বনমালী সত্য কথা বলিতেছেন।

কৃষ্ণ। প্রিয়ে! তোমার সহিত বন বিহারের আচরণ অঙ্গীকার করিতে ইচ্ছা করি ॥

বৃন্দা। তবে আমি সখীসকলকে অবগত করাই। (এই বলিয়া চতুর্দ্দিকে দৃষ্টিপাত পূর্ব্বক) মাধবি! হাস্য বিস্তার কর, মল্লিকে! হাস্যোদ্গম প্রকাশ কর, পাটলে! আনন্দ সহকারে প্রফুল্লা হও, স্বর্ণ যূথিকে! নিদ্রা পরিত্যাগ কর, আজ শ্রীরাধার সহিত মাধব বিহার স্পৃহা অবলম্বন করুন

মধুমঙ্গলঃ। হীহী কহং কাস্তার জক্খিণীএ বাআমেত্তেণ উকুল্লীকিস্মং বল্লিমণ্ডলং ॥

কৃষ্ণঃ। সখে চিত্তমামোদয়ন্তি পুষ্পামোদবত্যো মে বীরুধঃ।

মধুমঙ্গলঃ। বয়স্স তুম্মাণং সব্বাও চিত্তং আমোদেন্তি লদাও মম উণ এক্কা হেম জুহী জ্জেব্ব জং গোউলেসরীএ সক্কিঅং গব্ব ণিঅং বিঅ থবঅং ধারেহি ॥ ৪৯ ॥

ললিতা। স্মিত্বা। অজ্জ তদো ক্খু পঅড়াদে রসগ্গদা।

মধুমঙ্গলঃ। সের্ষং বঅস্স পেক্খ পেক্খ ইমাও রত্তাও বি

মধু বিহস্য কথং কান্তার যক্ষিণ্যা বাচা মাত্রেণ উৎফুল্লীকৃতং বল্লীমণ্ডলং ॥ বয়স্য যুষ্মাকং সর্ব্বাশ্চিত্তমামোদয়ন্তি লতাঃ। মম পুনর্হেমযূথী এব যা গোকুলেশ্বর্য্যা সংস্কৃতং গব্যঘৃতমিব স্তবকং ধারয়তি ॥ ৪৯ ॥

ললি। আর্য্য ততঃ খলু প্রকটা তে রসজ্ঞতা।

মধু বয়স্য পশ্য এতাঃ রক্তাঃ অপি বক্রাঃ কিংশুক কলিকা গোপিকা ইব

মধুমঙ্গল। (হীহী রবে উচ্চহাস্য করিয়া) কি আশ্চর্য্য! বন যক্ষিণী বৃন্দা কি রূপে বাক্য মাত্রে লতাসকলকে প্রফুল্লিত করিল!।

কৃষ্ণ। সখে! পুষ্প গন্ধ শালিনী এই সকল লতা আমার চিত্তকে আমোদিত করিতেছে সত্য কিন্তু গোকুলেশ্বরীর সংস্কৃত গব্য ঘৃতের ন্যায় স্তবক ধারিণী এই স্বর্ণ যূথীই কেবল আমার চিত্ত সন্তোষ করিতেছে ॥ ৪৯ ॥

ললিতা। (ঈষৎ হাস্য করিয়া) আর্য্য! এই কারণেই তোমার রসজ্ঞতা বিখ্যাত আছে ॥

মধুমঙ্গল। (ঈর্ষার সহিত) এই সকল রক্তবর্ণ হইলেও বক্র

বঙ্কাও কিংসুঅ কলিআও গোইআও বিঅ মং ণ সুহা-
বেন্তি ॥ ৫০ ॥

ললিতা । বুন্দে এদে বল্লআবিঅ পেক্খীঅন্তু জবাথবআ জে
কখু লোঅণ লোহণিজ্জা বি ণামোদং বিত্থারেন্তি ॥ ৫১ ॥

মধুমঙ্গলঃ । সরোষং । জাণেম্হ তুম্হাণং গোইণং কম্মং

মাং ন সুখয়ন্তি । কিংশুকঃ পলাশঃ । অত্র প্রেমবতীষ্বপি গোপীষু বামা লক্ষণং বক্রত্বমিত্যাক্ষেপঃ ॥ ৫০ ॥

ললি বৃন্দে এতে বল্লবা প্রেক্ষ্যন্তাং জবাস্তবকাঃ । যে খলু লোচন লোভনীয়া অপি নামোদং বিস্তারয়ন্তি । অত্র কৃষ্ণাদিষু বহিঃ সৌন্দর্য্যমাত্রং লক্ষ্যন্তে প্রেম গন্ধোঽপি নাস্তীত্যাক্ষেপঃ ॥ ৫১ ॥

মধু জানীমঃ যুষ্মাকং গোপীনাং কর্ম্ম যা রস কুম্ভমপি দৃঢ়ং নির্ম্মথ্য স্নেহং কর্ষন্তি । অয়ং ভাবঃ । যুষ্মদ্দৃষ্ট পাতেন স্নেহময়োঽপি দুগ্ধ দধ্যাদি কুম্ভ বিলোড়নতো নবনীতোৎক্রমেণ স্নেহ রহিতো ভবতি কুতঃ পুনর্যুষ্মাসু স্নেহ সম্বন্ধঃ । স্নেহময়ো যঃ কৃষ্ণঃ তদপ্যেবং ক্রমেণ স্নেহ হীনং ভবতো বদন্তীতি

পলাস কলিকা সকল গোপিকার ন্যায় আমাকে সুখ
প্রদান করিতেছে না ॥ ৫০ ॥

ললিতা । বৃন্দে ! গোপগণের ন্যায় জবা স্তবক সকল অবলো-
কন কর, এগুলি দেখিতে মাত্রই সুন্দর, গন্ধ প্রকাশদ্বারা
চিত্ত আমোদিত করিতে পারে না, অর্থাৎ কৃষ্ণের বহিঃ
সৌন্দর্য্য মাত্র আছে, প্রেম গন্ধও নাই ॥ ৫১ ॥

মধুমঙ্গল । জানি তোমাদের গোপিকা সকলের কর্ম্ম, তোমরা
রস কুম্ভকে দৃঢ়তর নির্ম্মন্থন করিয়া স্নেহ আকর্ষণ কর

জাতু রসকুম্ভং বি দিঢং ণিম্মহি সিণেহং কড্ঢন্তি ॥ ৫২ ॥

বৃন্দা। স্মিত্বা সখি ললিতে।

যে দণ্ডপাশভাজঃ স্ফুটং বহন্তঃ মনঃ শিলাকল্পং।

কান্তারমাশ্রয়ন্তে তেভ্যো বঃ ক্ষেমমস্তু ॥ ৫৩ ॥

কৃষ্ণঃ। স্মিতং কৃত্বা। বৃন্দে জ্ঞাতং জ্ঞাতং বুদ্ধিং মূর্চ্ছয়তা

ভাবঃ ॥ ৫২ ॥

দণ্ডপাশৌ লোকমারণার্থং গবাং কলিলানার্থঞ্চ ভজন্তে। নির্দয়ত্বেন শিলাকল্পং মনোবহন্তঃ মনঃশিলা ধাতু বিশেষ স্তেন আকল্পং বেশং চ। কান্তারং দুর্গমং বর্ত্ম আশ্রয়ন্তে বর্ত্মপাতিন ইতি ভাবঃ। পক্ষে গোচারণার্থং বনমার্গং কৃষ্ণাদয় ইতি বর্ত্মপাতিনঃ। শস্ত্র প্রহরণ প্রেমচ্ছেদনাদিভিঃ প্রাণ-হরণত্বেন তুল্যা এবেতি ভাবঃ ॥ ৫৩ ॥

কূর্চ্চিকা ক্ষীরবিকারঃ।

অর্থাৎ তোমাদের হস্ত স্পর্শে স্নেহময় দধি দুগ্ধাদি কুম্ভ বিলোড়ন হেতু নবনীত উত্থিত হইয়া স্নেহ রহিত হয়, সুতরাং তোমাদের স্নেহ সম্বন্ধ কোথায় ॥ ৫২ ॥

বৃন্দা। (ঈষৎ হাস্য করিয়া) সখি ললিতে! যাহারা স্পষ্ট রূপে পাষাণ তুল্য মন বহন পূর্ব্বক দণ্ড ও রজ্জু ধারণ করিয়া দুর্গম পথ আশ্রয় করিয়া থাকে, সেই সকল ব্যক্তি হইতে তোমাদের কল্যাণ হউক ॥ ৫৩ ॥

কৃষ্ণ। (ঈষৎ হাস্য করিয়া) বৃন্দে! জানিলাম জানিলাম, ক্ষীর খণ্ডের লোভে উৎকোচ খাইয়া তোমার বুদ্ধি ভ্রম হইয়াছে, এই কারণেই গোপিকার পক্ষপাতিনী হইয়াছ ॥

কূচ্চিকা লোভেন গোপিকাঞ্চল গ্রাহিণী ত্বং কৃতাসি ॥

নেপথ্যে ॥

কস্তূরিকেব দুরবচ্ছদ সঙ্গমেয়ং
গোপীততি র্মদময়ী কিল পিচ্ছিলাচ।
দাক্ষিণ্যত স্তনুভৃতামনুরঞ্জনোঽয়ং
বাসন্তবায়ু রিব হন্ত মুরান্তকারী ॥

কৃষ্ণঃ। পৃষ্ঠতো দৃষ্টিং ক্ষিপন্ সাধু ভোঃ কীররাজ সাধু সাধু ॥ ৫৪ ॥

মধুমঙ্গলঃ। বিহঙ্গ পুঙ্গব চউদ্দহ বিজ্জাবিঅক্খণো দীহাউ হোহি ॥

দুরবচ্ছদঃ দুঃখেনাবচ্ছন্নঃ সঙ্গমো যস্যা এবং চ কস্তূরিকায়াঃ দুষ্প্রাপকত্ব-মাদকত্ব পিচ্ছলত্বানি ইতি ত্রযোদোষাঃ। দাক্ষিণ্যতঃ দক্ষিণ দেশোদ্ভবত্বাৎ আনুকূল্যাচ্চ সর্ব্ব সুলভত্বং অনুরঞ্জকত্বঞ্চেতি বাসন্ত বায়ো গুণত্রয়ং ॥ ৫৪ ॥

মধু চতুর্দ্দশ বিদ্যা বিচক্ষণো দীর্ঘায়ু র্ভব।

(বেশ গৃহে শুকের উক্তি)

গোপীমণ্ডলী কস্তূরিকার ন্যায় দুর্ল্লভ, মাদকজনিকা ও পিচ্ছলময়ী। কিন্তু দাক্ষিণ্য বশতঃ বসন্ত বায়ুর ন্যায় শ্রীকৃষ্ণ সর্ব্ব প্রাণির সুলভ ও সকলের সুখ প্রদ ॥

কৃষ্ণ। (পশ্চাৎদিকে দৃষ্টিপাত করিয়া) সাধু ভো শুক শ্রেষ্ঠ! সাধু সাধু ॥ ৫৪ ॥

মধুমঙ্গল। অহে বিহঙ্গ রাজ! তুমি চতুর্দ্দশ বিদ্যায় বিশারদ অতএব দীর্ঘজীবী হও ॥

ললিতা। হণ্ডে চণ্ডাল কীর পঅণ্ড সসাঅণতুণ্ড রাহুণো পাহুণো হোছু দে পিণ্ড সসী।

কৃষ্ণঃ। সখে ! অস্মৈ সমর্পয় পাকিমাণি দাড়িমী বীজানি।

মধুমঙ্গলঃ। ভো বুন্দাবণ বিহপ্পএ দাড়িমী বীএহিন্তো বি সুষ্ঠু কন্তং ললিদাএ দন্তপন্তিং দেদাইস্সং॥ ৫৫॥

পুনর্নেপথ্যে।

চঞ্চল সঞ্ঝঘণোবিঅ মুহুত্তু রাঅং তণোদি দে সামী।

হণ্ডে হঞ্জে হলাহ্বানং নীচং চেটীং সখীং প্রতীতামরঃ। চণ্ডালশ্চাসৌ কীরশ্চেতি প্রচণ্ড শশাদনঃ শ্যেনঃ প্রাঘুণোঽতিথিঃ॥

ভো বৃন্দাবন বৃহস্পতে দাড়িমী বীজেভ্যোঽপি সুষ্ঠু কান্তাং ললিতায়াং দন্ত পঙ্‌ক্তিং তে দাস্যামি॥ ৫৫॥

চঞ্চল সান্ধ্য ঘন ইব মুহূর্ত্ত রাগং তনোতি তে স্বামী। নহৃতি স্নেহং রাধা

ললিতা। অরে চণ্ডাল শুক ! প্রচণ্ড শ্যেনপক্ষির চঞ্চুরূপ রাহুতে তোর শরীর শশী গিয়া অতিথি হউক, অর্থাৎ তুই বাজের মুখে গিয়া পড়॥

কৃষ্ণ। সখে। শীঘ্র এই শুককে পক্ক দাড়িমী বীজ সকল অর্পণ কর॥

মধুমঙ্গল। সখে ! তুমি বৃন্দাবনের বৃহস্পতি, দাড়িমী বীজ অপেক্ষাও তোমাকে সুন্দর কান্তি শালি ললিতার দন্ত পঙ্‌ক্তি আনিয়া দিব॥ ৫৫॥

(পুনরায় বেশ গৃহে শারী কহিল)

অহে চঞ্চল শুক ! তোমার স্বামী কৃষ্ণ রক্তসন্ধ্যার ন্যায়

বহই সিণেহং রাহী ণব্ব ণঅনীঅ পুত্তীব্ব ॥

ললিতা। সানন্দং। সহি সারিএ সোহগ্গবদী হোহী জং পচ্চুত্তরেণ ণিজ্জিদো তুএ দুম্মুহো কীরো। ৫৬ ॥

কৃষ্ণঃ। স্বগতং। ধ্রুবং বৃন্দয়েদমধ্যাপিতং কৌশলং বিহঙ্গময়োর্দ্বন্দ্বং ॥

মধুমঙ্গলঃ। সক্রোধং। হঞ্জে ভঞ্জেমি দে তীক্খ জপ্পিণং চঞ্চুপুড়ং। ইতি ব্যাজং দণ্ডং ক্ষিপতি।

রাধিকা। হন্ত কথমুড্ডীণং বাবদূঅং বিহঙ্গমিহুণং ॥ ৫৭ ॥

কেবলং নব নবনীত পুত্রীব।

ললিতা সখি রাধিকে সৌভাগ্যবতী ভব। যৎ প্রত্যুত্তরেণ নির্জ্জিত স্বয়া দুর্ম্মুখঃ কীরঃ ॥ ৫৬

মধু হঞ্জে হে চেটি ভঞ্জয়ামি তে তীক্ষ্ণ জল্পিনং চঞ্চুপুটং। বাবদূক বাব

মুহূর্ত্ত মাত্রে অনুরাগ প্রকাশ করিয়া থাকেন কিন্তু শ্রীরাধা নব নবনীত পুত্তলিকার ন্যায় সর্ব্বদা স্নেহ বহন করেন ॥

ললিতা। (আনন্দের সহিত) সখি শারিকে! সৌভাগ্যবতী হও, যে হেতু আজ প্রত্যুত্তর দ্বারা দুর্ম্মুখ শুককে পরাজিত করিলা ॥ ৫৬ ॥

কৃষ্ণ। (মনে মনে) নিশ্চয় বৃন্দাই পক্ষীদ্বয়কে এই কৌশল শিক্ষা করাইয়াছে ॥

মধুমঙ্গল। (ক্রোধের সহিত) অরে চেটি! তোর কটু বাক্য উল্লেখ কারি চঞ্চুপুট ভাঙ্গিয়া দিচ্ছি। (এই বলিয়া ছল পূর্ব্বক দণ্ড নিক্ষেপ করিলেন) ॥

শ্রীরাধা। হায়! মিষ্টভাষী পক্ষিদ্বয় উড়িয়া গেল কেন? ॥ ৫৭

কৃষ্ণঃ। রাধামবেক্ষ্য ॥

সেবন্তে তরুগেহিনঃ সুমনসাং বৃন্দৈর্মধুস্যন্দিভি
র্যত্রোৎফুল্লল..। বধূভিরভিতঃ সঙ্গত্য ভৃঙ্গাতিথীন্।
সম্বীতা পশুভি স্তথা খগকুলৈঃ খেলদ্ভিরব্যাহতং
ন স্যাৎ কস্য সুকণ্ঠি সেয়মধিকানন্দায় বৃন্দাটবী ॥ ৫৮ ॥

অথবা। হরিণী র্বিড়ম্বয়সি নেত্রলেখয়া

ভুকং ॥ ৫৭ ॥

সুমনসাং পুষ্পাণাং যত্র যস্যাং বৃন্দাটব্যাং উৎফুল্ল লতা বধূভিঃ সহ সংগত্য উৎফুল্লেতি তস্যামপ্যতিপি সেবায়া মৌৎসুক্যং ধ্বনিতং। অব্যাহতং যথা স্যাত্তথা খেলদ্ভিঃ। সুকণ্ঠীতি তরুলতাদীনাং ভৃঙ্গগান প্রিয়ত্বং ত্বয়া অবগম্যত এব ইতি ভাবঃ ॥ ৫৮ ॥

তে তব পুরতো বন শোভায়া যে কিম্বিব বন শোভা বর্ণনেন মম কিং কার্য্যং ত্বত্তোপ্যধিং শোভা ভবতীতি ভাবঃ। তদেবাহ, হরিণী বিড়ম্বয়

কৃষ্ণ। (শ্রীরাধাকে অবলোকন করিয়া) হে সুকণ্ঠি। যে বৃন্দাবনে তরুরূপ গ্রহস্থগণ লতা বধূর সহিত মিলিত হইয়া পুষ্প সকলের ক্ষরিত মকরন্দ দ্বারা ভৃঙ্গ স্বরূপ অতিথিগণকে সেবা করিতেছে এবং যাহাতে স্বচ্ছন্দ ক্রীড়ারত পশু পক্ষী সকল সর্ব্বদা পরিপূর্ণ হইয়া রহিয়াছে, সেই বৃন্দাবন কাহার না আনন্দের নিমিত্ত হয় ॥ ৫৮ ॥

অথবা তোমার অগ্রে বন শোভা বর্ণনে কোন প্রয়োজন নাই দেখ, তুমি নেত্র দ্বারা হরিণী গণকে বিড়ম্বিত করি-

ললিতৈর্লতাঃ পিককুলং কলোক্তিভিঃ।
শিখিনশ্চ কুন্তল কলাপবিভ্রমৈ
রিতি তে পুরঃ কিমিব মে বনশ্রিয়া ॥ ৫৯ ॥

বৃন্দা। পশ্য পশ্য ॥

বিরতোর্ম্মিরিয়ং স্থনীরজা
ধৃত শুদ্ধোজ্জ্বল সত্ব সন্ততিঃ।
স্ফুট কৃষ্ণ রুচি র্যমাদৃতা
মুনিগোষ্ঠীব চকাস্তি ভানুজা ॥ ৬০ ॥

লীক্ত্যাদি ॥ ৫৯ ॥

বিরতা উপগতা উর্ম্ময় স্তরঙ্গাঃ কাম ক্রোধাদ্যাশ্চ যস্তাঃ সুষ্ঠু নীরজানি কমলানি যস্যাং রাজোগুণ রহিতাচ। সত্ত্ব সন্ততি জীব সমূহঃ সত্ত্বগুণ শ্রেণীচ। স্ফুটং কৃষ্ণা শ্যামা কৃষ্ণেচ রুচি র্যস্যাঃ। যমেন স্ব ভ্রাত্রা বৈবস্বতেন যমৈশ্চ অহিংসাদিভি রাদৃতা সংমানিতা ॥ ৬০ ॥

তেছ, তোমার মনোহর অঙ্গ দেখিয়া লতাশ্রেণী পরাজিত হইতেছে, তোমার সুমিষ্ট বাক্য সকল কোকিল কুলকে লজ্জিত করিতেছে এবং ময়ূরগণ তোমার কেশ কলাপের সৌষ্ঠব দেখিয়া আপনাকে হীন বোধ করিতেছে অতএব হে সখে! তুমি স্বীয় শোভা দ্বারা কাহার শোভা না বিনষ্ট করিতেছ ॥ ৫৯ ॥

বৃন্দা। দেখ দেখ, সম্প্রতি ভানুতনয়া যমভগিনী যমুনার তরঙ্গ নাই, ইনি পদ্মশ্রেণীতে অতিশয় শোভিত হইয়াছেন তথা শুদ্ধ সত্ব উজ্জ্বল শ্রী এবং কৃষ্ণবর্ণ কান্তি ধারণ করিয়া মুনি গোষ্ঠীর ন্যায় বিরাজ করিতেছেন ॥ ৬০ ॥

কৃষ্ণঃ। প্রিয়ে পশ্য পশ্য।

স্মিত রুচি বিরাজিতং তে মুখমিব নীরাজয়ত্যধিরাক্ষি।
নীরজ বান্ধব দুহিতু নীরজ রাজীমরুদ্ঘূর্ণিতা॥

বৃন্দা। পরিক্রম্য নীরজান্যাহৃত্যাচ।

পুণ্ডরীকাক্ষ স্তোকোৎফুল্লমিদং গৃহাণ লীলাপুণ্ডরীকং।
তথাবতংসোচিতঞ্চ কোকনদ দ্বন্দ্বং॥

কৃষ্ণঃ। সহর্ষমাদায়। বৃন্দে রক্তোৎপলে রাধা
কর্ণয়ো রাধানেন শ্রিয়ং লভেতামিতি তথা কৃত্বা
সকৌতুকং হন্ত পুণ্ডরীককোষে চঞ্চরীকো বর্ত্ততে॥ ৬১॥

মুরুদ্ঘূর্ণিতা নীরজরাজী তে মুখং নীরাজয়তী বেত্যুৎপ্রেক্ষা॥ ৬১॥

কৃষ্ণ। প্রিয়ে! দেখ দেখ।

হে চঞ্চলাক্ষি! অরবিন্দবন্ধু নন্দিনীর নীরজ শ্রেণী বায়ু-বেগে ঘূর্ণিত হইয়া তোমার স্মিত বিরাজিত মুখ মণ্ডলকেই যেন নির্ম্মঞ্ছন করিতেছে॥

বৃন্দা। (প্রত্যাবর্ত্তন পূর্ব্বক কতকগুলি পদ্ম আনয়ন করিয়া) হে পুণ্ডরীকাক্ষ! এই ঈষৎ প্রফুল্ল শ্বেতবর্ণ লীলাকমল তথা কর্ণ ভূষণ যোগ্য এই রক্তোৎপল যুগল গ্রহণ কর॥

কৃষ্ণ। (সহর্ষে গ্রহণ করিয়া) বৃন্দে! এই রক্তোৎপল দুইটী শ্রীরাধার কর্ণে গিয়া শোভা বিস্তার করুক, (এই বলিয়া শ্রীরাধার কর্ণে অর্পণ পূর্ব্বক কৌতুকের সহিত) কি আশ্চর্য্য শুক্লাম্ভোজ মধ্যে ভ্রমর অবস্থিতি করিতেছে॥৬১

বৃন্দা। মধুপঃ কমলেন সার্দ্ধমুদ্যন্মকরন্দেন
মুকুন্দমাসসাদ। সরসেষু বিনির্মিতো
বিহঙ্গঃ পরমানন্দ ভরোন্নতিং তনোতি ॥

কৃষ্ণঃ। প্রিয়ে পশ্য পশ্য।
অস্মিন্ মদীয় করসঙ্গিনি পুণ্ডরীক
কোষে ক্ষণং কিল বিলম্ব্য শিলীমুখোঽয়ং।
কর্ণাবলম্বি তব কোকনদং প্রপেদে
কিম্বা বলান্নহি হরত্যনুরাগ লক্ষ্মীঃ ॥

রাধিকা। সসম্ভ্রমং নাটয়ন্তি ভুজলতাং ক্ষিপন্তি ॥ ৬২ ॥

রক্তোৎপলং কোকনদমিত্যমরঃ। কমলেন সার্দ্ধং বসন্ মধুপ ইত্যর্থঃ। শিলীমুখঃ ভ্রমরঃ। অলিবাণৌ শিলীমুখাবিত্যমরঃ। অনুরাগ লক্ষ্মীঃ পক্ষে কোকনদস্য রক্তিমা শোভা। কং বেতি অস্মান্নেব হরতীতি ন বক্তব্যমিতি ভাবঃ ॥ ৬২ ॥

বৃন্দা। মকরন্দ বিশিষ্ট পদ্মের সহিত মধুকর আজ মুকুন্দকে প্রাপ্ত হইয়াছে, যে হেতু রসশালি বস্তুতে সঙ্গ নির্ম্মিত হইলে, ঐ সঙ্গ পরমানন্দাতিশয়ের উন্নতি বিস্তার করে ॥

কৃষ্ণ। প্রিয়ে! দেখ দেখ আমার করস্থ শুক্লপদ্ম কলিকায় এই ভ্রমর কিয়ৎ ক্ষণ বিলম্ব করিয়া পরে আবার তোমার কর্ণ ভূষণ রক্তোৎপলে গিয়া উপস্থিত হইল, অতএব অনুরাগ লক্ষ্মী বলপূর্ব্বক কাহাকেও না আকর্ষণ করে? ॥

শ্রীরাধা। (সংভ্রম প্রকাশ পূর্ব্বক) ভুজলতা নিক্ষেপ করিতে লাগিলেন ॥ ৬২ ॥

কৃষ্ণঃ। স্ফুটং বিহস্য।

কর্ণোত্তংসিত রক্তপঙ্কজ জুষোভৃঙ্গীপতে র্ঝঙ্কৃিয়া
ক্লান্তেনাদ্য দৃগঞ্চলেন দধতি ভৃঙ্গাবলী বিভ্রমং।
ত্রাসান্দোলিত দোর্লতাদ্য বিচলচ্চূড়া ঝনৎকারিণী
রাধে ব্যাকুলতাং গতাপি ভবতী মোদং মমাধাস্যতি॥ ৬৩

রাধিকা। সত্রাসং চেলাঞ্চল মুদঞ্চয়ন্তী অজ্জবি কধং ন চলতি ধিট্‌ঠো॥

কৃষ্ণঃ। মধুরাক্ষি মুধাদ্য সংভ্রমেণ

হে রাধে ব্যাকুলতাং গতাপি ভবতী মম মোদমাধাস্যতি। তব ব্যাকুলত্বেনাপি মমানন্দ এব অধ্যাস্তে ভবতীত্যর্থঃ। কীদৃশী ভবতী কর্ণোৎপল সেবিনো ভ্রমরস্য ঝঙ্কারৈ র্ভ্রান্তেন ইতস্ততশ্চকিত চকিতং প্রসরতা দৃগঞ্চলেন ভৃঙ্গ সমূহ বিভ্রমং দধতী। ত্রাসেনান্দোলিতয়ো র্দোলতয়ো রস্তে বিচলন্তীনাং চূড়ানাং ঝনৎকারবতী॥ ৬৩॥

রাধি। কথমদ্যাপি ন চলতি ধৃষ্টঃ নির্লজ্জঃ ভৃঙ্গঃ।

কৃষ্ণ। (উচ্চ হাস্য করিয়া) রাধে! তুমি আজ কর্ণ ভূষণ স্থানীয় রক্তপঙ্কজ সেবী ভৃঙ্গবরের ঝঙ্কৃতিতে ভ্রান্ত নয়নাঞ্চল দ্বারা ভৃঙ্গশ্রেণীর বিভ্রম ধারণ করিয়াছ এবং ত্রাস বশতঃ ভুজলতাস্থ চুড়িকার শব্দ করত ব্যাকুলতা প্রাপ্ত হইয়াও আমার আনন্দ বিস্তার করিতেছ॥ ৬৩॥

শ্রীরাধা। (সত্রাসে বস্ত্রাঞ্চল নিক্ষেপ করিতে করিতে) কেন এযাবৎ ধূর্ত্ত ভৃঙ্গ পলায়ন করিতেছে না॥

কৃষ্ণ। হে মধুরাক্ষি কৃশাঙ্গি। তুমি ভয়ে আর বস্ত্রাঞ্চল নিক্ষেপ

ক্ষিপ চেলাঞ্চলমঞ্জসা ন ভূয়ঃ।
পিবতু শ্রবণোৎপলোদ্গতং তে
মধুপোঽয়ং মধুমঙ্গলং কৃশাঙ্গি ॥

মধুমঙ্গলঃ। ভো বঅস্স কীস ব্রহ্মণং মং মহুঅবেণ পিবা
এসি ইতি দণ্ডেন ভ্রমরং তাড়য়াত ॥

রাধিকা। সপ্লাগং। অজ্জ পিঅঙ্করো মহ্মাসি সংবুত্তো ॥

মধুমঙ্গলঃ। কহং মহুসূঅণো তক্কালং জ্জেব্ব তিরোহিদো

হে কৃশাঙ্গি মঙ্গলং মধু পিবতু।

মধু ভো বয়স্য কস্মাদ্ ব্রাহ্মণং মাং মধুপেন পায়য়সি খাদয়সীত্যর্থঃ পূর্ব্বপদ্যস্থ মধুমঙ্গলেন অয়মর্থঃ কৃতঃ। শ্রবণোৎপলাৎ উদ্গতং মধু চেলাঞ্চলং ভূয়ো মাক্ষিপ অয়ং মধুপঃ মধুমঙ্গলং তন্নাম বিপ্রং পিবতু খাদতু ইতি ॥

রাধি আর্য্য প্রিয়ঙ্করো মমাসি সংবৃত্তঃ।

মধু কথং মধুসূদনো ভ্রমর স্তৎকালং শীঘ্রমেব তিরোহিতঃ সং কুতোঽপি

করিও না এই মধুকর স্বচ্ছন্দে তোমার কর্ণোৎপলস্থ
মঙ্গলময় মধুপান করুক।

মধুমঙ্গল। ভো বয়স্য! আমি ব্রাহ্মণ, ভ্রমর দিয়া আমাকে
খাওয়াইতেছ কেন?। [এই বলিয়া দণ্ড দ্বারা
প্রহার করিতে লাগিলেন] ॥

শ্রীরাধা। (গৌরবের সহিত) আর্য্য! তুমি আমারও প্রিয়
পাত্র হইলা ॥

মধুমঙ্গল। একি? মধুসূদন (ভ্রমর) যে শীঘ্র তিরোহিত

জং কুদো বি ণ লক্‌খিজ্জই ॥

রাধিকা। সব্যামোহং। হদ্ধী হদ্ধী কহিং গদো মহুমহণো ইতি সংস্কৃতেন ॥ ৬৪ ॥

সমজনি দবাদ্বিত্রস্তানাং কিমার্ত্তিরবো গবাং
ময়ি কিমভবদ্বৈগুণ্যং বা নিরঙ্কুশমীক্ষিতং।
ব্যরচি নিভৃতং কিম্বাহূতি কয়াচিদভীষ্টয়া
যদিহ সহসা মামত্যাক্ষীদ্বনে বনজেক্ষণঃ ॥

ন লক্ষ্যতে।

রাধি সব্যামোহঃ হা ধিক্ হা ধিক্ কুত্র গতো মধুমথনঃ ইত্যাদিভিঃ পূর্ব্বোক্তং মধুসূদন শব্দস্যার্থং কৃষ্ণমভিপ্রেত্য বিচ্ছেদেন খিদ্যন্ত্যা স্বস্যা জাতং প্রেম বৈচিত্র্যং বর্ণয়তি মধুসূদনঃ কৃষ্ণঃ ॥ ৬৪ ॥

হূতিরাহ্বানং অভীষ্টয়া কয়াচিৎ বনিতয়া। দবো বনবহ্নিঃ। অঙ্কং করণীতি আদ্য সুভগেত্যাদিনা খ্যান্ প্রত্যয়ান্তঃ।

হইল, আর ত কোথাও দেখা যাইতেছে না ॥

শ্রীরাধা। (ভ্রমের সহিত) হা ধিক্ হা ধিক্, মধুসূদন কোথায় গমন করিলেন। (এই বলিয়া সংস্কৃত ভাষায়)। ৬৪ ॥

দাবানলে বিত্রস্ত গো সকলের কি আর্ত্তি-রব হইয়াছে! অথবা আমাতেই কোন নিরঙ্কুশ বৈগুণ্য অবলোকন করিয়াছেন! কিম্বা কোন প্রিয়তমাই বা সঙ্কেত করিয়া নির্জনে লইয়া গেল, নতুবা পদ্মলোচন সহসা এই বনে * কেন আমায় পরিত্যাগ করিবেন? ॥

* প্রেমের উৎকর্ষ বশতঃ প্রিয়ব্যক্তির সন্নিধানে অবস্থিত হইয়াও তৎ সহ বিচ্ছেদ ভয়ে যে পীড়ার অনুভব হয়, তাহার নাম প্রেমবৈচিত্ত্য ॥

কৃষ্ণঃ। সংজ্ঞয়া সর্ব্বান্নিবার্য্য স্মিতং করোতি।

শ্রীরাধা। হন্ত হন্ত সংস্কৃতেন।

বাসন্তীভিরয়ং ন মে কচভরঃ কংসারিণোত্তংসিত
স্তস্যোরঃ স্থলচুম্বি চম্পকচয়ৈর্নাগুম্ফি মালাং ময়া।
মল্লীভিশ্চ নিরর্গলং পরিহসন্নায়ং বলাত্তাড়িতঃ
প্রারম্ভেহদ্য বনোৎসবস্য বিরহচ্ছদ্মাদ্দবঃ প্রোদগাৎ॥

বৃন্দা। অপবার্য্য কামমন্ধং করণীয়ং প্রেমবন্ধকন্দলী যা খলু বিস্পষ্টমপি নানুসন্ধাপয়তি॥

রাধি। সখি বৃন্দে বক্ষ মা॰ ॥ ৬২॥

কৃষ্ণ। সঙ্কেত দ্বারা সকলকে নিবারণ করিয়া হাস্যকরিতে লাগিলেন॥

শ্রীরাধা। (সখেদে সংস্কৃত ভাষায়) হায়! কংসারি মাধবীকুসুম দ্বারা আমার কেশপাশ বিভূষিত করিলেন না, আমিও চম্পক সমূহ দ্বারা তদীয় বক্ষঃস্থল চুম্বি মালা গ্রন্থন করিলাম না এবং অনর্গল পরিহাস করিতে করিতে বলপূর্ব্বক মল্লীপুষ্প দ্বারাও তাঁহাকে প্রহার করিলাম না। হা কষ্ট! আজ বনবিহার আরম্ভ না হইতে হইতেই বিরহ চ্ছলে দাবানল আসিয়া উপস্থিত হইল।

বৃন্দা। (হস্তাবরণ দিয়া) প্রেম বন্ধের অঙ্কুর যথেষ্টরূপে অন্ধ করিয়া দেয়; যে হেতু স্পষ্টরূপে দৃশ্যমান বস্তুকেও দেখিতে দেয় না॥

শ্রীরাধা। পুরোবিলোক্য। সহি বুন্দে রক্‌খেহি মং ইতি ত্রাসং নাটয়ন্তী ॥ ৬৫ ॥

সপ্পী সপ্পই ভিঙ্গপন্তি মিষদো কালী রসালাঙ্কুরে
রত্তাসোঅসিরে বিরেহই তধা পুপ্‌ফচ্ছলাদো সিহী।
সিঙ্গে কিংসুঅসাহিণোচ কলিআদম্ভেণ সম্ভেদিণী
মং ভেত্তুং কুসুমাউহস্‌স বলই কুরাদ্ধ চন্দাঅলী ॥ ৬৬ ॥

সর্পী সর্পতি ভৃঙ্গপঙ্‌ক্তি মিষতঃ কালী রসালাঙ্কুরে রক্তাশোক শিরসি বিরাজতি তথা পুষ্পচ্ছলাৎ শিখী। শৃঙ্গে কিংশুকশাখিনশ্চ কলিকা দম্ভেন সংভেদনী মাং ভেত্তুং কুসুমায়ুধস্য বলতে ক্রুরার্দ্ধ চন্দ্রাবলী। কালী শ্যামবর্ণা শিখী অগ্নিঃ শিখিনৌ বহ্নিবর্হিণৌ ইত্যমরঃ কিংশুকশাখিনঃ পলাসবৃক্ষস্য অর্দ্ধচন্দ্র নাম অস্ত্রভেদঃ ॥ ৬৬ ॥

শ্রীরাধা। (অগ্রে অবলোকন করিয়া) সখি বৃন্দে! আমাকে রক্ষা কর। (এই বলিয়া ত্রাসপ্রকাশ পূর্ব্বক) ॥ ৬৫ ॥

ঐ দেখ কালভুজঙ্গিনী ভৃঙ্গপঙ্‌ক্তি ছলে আম্র মুকুলে গমন করিতেছে, অগ্নি পুষ্প চ্ছলে অশোকবৃক্ষের নবপল্লবোপরি বিরাজ করিতেছে এবং পলাশ বৃক্ষের কলিকাচ্ছলে কন্দর্পের মর্ম্মভেদকারি ক্রূর অর্দ্ধচন্দ্রাবলী নামক অস্ত্র বিশেষ আমাকে ভেদ করিবার নিমিত্ত দম্ভসহকারে বলপ্রকাশ করিতেছে ॥ ৬৬ ॥

যথা রাগ।

দেখ সখি রসাল মুকুলে। ঝাঁকে ঝাঁকে মধুকর বুলে ॥ কালভুজঙ্গিনী এই ছলে। কবল করিতে ধায় বলে ॥ রক্তবর্ণ অশোকের দলে। তাহার কুসুম-

ইতি বৈবশ্যং নাটয়তি ॥

কৃষ্ণঃ। সম্ভ্রমাদভ্যুপেত্য পাণিং গৃহ্নন্নুচ্চৈঃ। সুকুমারি কিম কাণ্ডে কাতরাসি যতঃ ॥

ত্বন্মুখচন্দ্র লক্ষ্মীগ্লপিতা চন্দ্রাবলিরিহ বিভাতি পূর্ণাপি।
প্রণয়াঙ্কে তব কর্তুং কিমর্দ্ধ চন্দ্রাবলী ক্ষমতে ॥

শ্রীরাধা। সধৈর্য্যং লজ্জাং নাটয়ন্তী স্বগতং। কধং অচ্ছি

চন্দ্রাবলী পক্ষে তন্নাম্নী যূথেশ্বরী।

গ্লানি। কথং অক্ষিলগ্নমেব হারিতং মনাগানা মিলম্মি।

গণ বুলে ॥ শিখা কিবা উঠিল অনলে। যাহাতে জীবন মোর জলে ॥ কিংশুকের কলিকার জালে। মদন কি অদ্ধচন্দ্র থুইলে ॥ দেখি মোরে অর্দ্ধেক নয়নে। বিন্ধিতে আইসে নিজ মনে ॥ এ যদুনন্দন দাস বলে। বিরহে নাহিক দুঃখ দিলে ॥ ৬৬ ॥

(এই বলিয়া বিবশতা প্রকাশ করিলেন।)

কৃষ্ণ। (সম্ভ্রম সহকারে নিকটে আসিয়া হস্তধারণ পূর্ব্বক উচ্চৈঃস্বরে) সুকুমারি! তুমি অকারণে কেন কাতরা হইতেছ?। যখন তোমার মুখ শোভা সন্দর্শন করিয়া পূর্ণচন্দ্রাবলীও (চন্দ্রশ্রেণী) ও গ্লানি যুক্ত হয়, তখন হে প্রণয়াঙ্কে! অর্দ্ধচন্দ্রাবলী তোমার কি করিতে পারিবে ॥

শ্রীরাধা। (ধৈর্য্যসহকারে লজ্জা প্রকাশপূর্ব্বক মনে মনে) হায়! চক্ষু সংলগ্ন বস্তু হারাইয়াছে মনে করিয়া কেন

লগ্‌গং চে অহারিদং মগ্নন্তী খিজ্জন্তি ॥

কৃষ্ণঃ। প্রিয়ে পশ্য পশ্য।

পরিণত বরবীজ স্পর্দ্ধিদন্তোরুভাসঃ
কুসুমমুপহসন্ত্যা ত্বম্বি দন্তচ্ছদেন।
ফলবিজয়ি কুচায়া স্তন্বয়াদ্দাড়িমীয়ং
মৃদুল পবনদোলাদম্ভতঃ কম্পতেহদ্য ॥

বৃন্দা। সখি রাধে নির্ব্বর্ণয় শ্রবণ কর্ণিকোচিত কোরকং কর্ণিকারমমুং ॥ ৬৭ ॥

শ্রীরাধা। ণঅকণ্ণিআর কুসুমে ভমরো রসলোহে ণিচ্চলো

পরিণতানাং বরপক্কানাং বরবীজানাং উরুভাসঃ শ্রেষ্ঠকান্তয়ো যস্তাঃ তস্যাঃ দন্তচ্ছদেন অধরেণ মৃদুল পবনান্দোলন ছলেন ॥ ৬৭ ॥

রাধি। নবকর্ণিকার কুসুমেন ভ্রমরঃ রসলোভে নিশ্চলো ভাতি ॥

খিন্ন হইতেছি ॥

কৃষ্ণ। হে প্রিয়ে কৃশাঙ্গি! দেখ দেখ। তোমার দন্ত পঙ্‌ক্তির শোভা পরিপক্ক বীজ সকলের প্রতি স্পর্দ্ধা করিতে দেখিয়া অধরোষ্ঠ কর্ত্তৃক কুসুমের প্রতি উপহাস বিবেচনা করিয়া তথা স্বীয় ফল জয়ি কুচ যুগলের শোভা সন্দর্শন করিয়া এই দাড়িমী মৃদুপবনের আন্দোলন ছলে ভয় বশতই যেন সদম্ভে আজ কম্পিত হইতেছে ॥

বৃন্দা। সখি রাধে! তোমার কর্ণভূষণ যোগ্য কোরক (কলিকা) শালী এই কর্ণিকার বৃক্ষ অবলোকন কর ॥ ৬৭

শ্রীরাধা। নবকর্ণিকার কুসুমে রসলোভী ভ্রমর নিশ্চলরূপে

ভাদি ॥

কৃষ্ণঃ। কাঞ্চন মঞ্চনিবিষ্টো রসরাজোঽয়ং শরীরীব ॥ ৬৮ ॥

শ্রীরাধা। পেক্খ পেক্খ।

উদ্ধুর মরন্দমত্তা রুদ্ধে সারেণ গন্ধবিসারেণ।
ইহ মঞ্জুল মল্লিগণে রোলম্বা হন্ত গুঞ্জন্তি ॥

কৃষ্ণঃ। উদ্ধুর মরন্দেত্যাদি পঠতি ॥

বৃন্দা। পীতাতি সূক্ষ্মশিখরা চম্পককলিকেয়মারতা ভাতি।

কাঞ্চনেত্যাদিনা নব কর্ণিকার কুসুম ইত্যস্যোত্তরার্দ্ধং পূরয়ন্নাত্মনো রুতকারিত্বং ব্যনক্তি কৃষ্ণঃ রসরাজ শৃঙ্গার স্তস্য শ্যাম বর্ণত্বাদুৎপ্রেক্ষা ॥ ৬৮ ॥

উদ্ধুর মকরন্দ মত্তা রুদ্ধে সারেণ গন্ধবিসারেণ। ইহ সুন্দর মল্লিগণে রোলম্বা ভ্রমরা হন্ত গুঞ্জন্তি। ততশ্চ কৃষ্ণস্য পুনঃ পঠনং আত্মনঃ শ্রুতিধরত্ব ব্যঞ্জনায় ॥

প্রকাশ পাইতেছে।

কৃষ্ণ। কাঞ্চন মঞ্চোপরি উপবিষ্ট এই রসরাজ যেন শরীরির ন্যায় হইয়াছেন ॥ ৬৮ ॥

শ্রীরাধা। দেখ দেখ, গন্ধাতিশয় বিস্তার দ্বারা রোধকারি মনোহর মল্লিপুষ্প সকলে মকরন্দমত্ত মধুকরগণ গুঞ্জনরব করিতেছে ॥

কৃষ্ণ। 'উদ্ধুর মরন্দ, এই পদ্যটী বারম্বার পাঠ করিতে লাগিলেন ॥

বৃন্দা। পীত এবং সূক্ষ্মাগ্রভাগ বিশিষ্ট এই চম্পক কলিকা বিস্তারি রূপে শোভা পাইতেছে ॥

কৃষ্ণঃ। মানবতী হৃন্মথনী কামস্য শক্তিরিব ॥

মধুমঙ্গলঃ। ভো বঅস্‌স্‌ এসা কামস্‌স্‌ সত্তী ণ হোই ॥ ৬৯॥
পেক্‌খ জড়িলা কৃখিত্তা সা হরিআল গোরী লউড়িআ

প্রবিশ্য জটিলা। অরে জিম্ভ বম্মণ এত্থ লউড়ীমএ বিসুমরিদা।

শ্রীরাধা। অপবার্য্য সভয়ং। সহি পরিত্তাহি পরিত্তাহি এসা
কালরত্তীব্ব দারুণা বুড্‌ঢিআ মং দিট্‌ঠবদী ইতি ললিতা
বৃন্দাভ্যাং সহ নিষ্ক্রান্তা ॥

মধু। বয়স্য এষা কামস্য শক্তি র্ন ভবতি ॥ ৬৯ ॥
পশ্য জটিলা ক্ষিপ্তা সা হরিতাল গোরী লকুটিকা। পূর্ব্বং লট্টৈঃ ক্ষিপন্তী
করুসং গচ্ছ ইত্যুক্তত্বাৎ।
জটি। অরে কুটিল ব্রাহ্মণ অত্র ময়া লকুটী বিস্মৃতা। রাধি। সখি পরিত্রাহি
কালরাত্রীব দারুণ বৃদ্ধা মাং দৃষ্টবতী ॥ ৭০ ॥

